শীতল, শ্রম ক্লম নাশক ; ( পুরাতনের গুণ ) হৃৎপাণ্ডু কৃমিরোগ নাশী, অগ্নিবৃদ্ধিকর।

কাঞ্জিক বটক, কাঁজি-বড়া।

কাঞ্জিকা, জীবন্তিলতা, পলাশী লতা।

কাঞ্চী, মহাদ্রোণ বৃক্ষ, কাঞ্জিক।

কাঠিণ্য ফল, কপিথ বৃক্ষ।

কাণ্ড, সন্ধিবিচ্ছিন্ন একখণ্ড অস্থি। তরু-স্কন্ধ, গাছের গুঁড়ি, তৃণাদি গুচ্ছ, জল।

কাণ্ডক, কারবেল্ল।

কাণ্ডকাণ্ডক, কাশতৃণ।

কাণ্ডকার, গুবাক।

কাণ্ডকীলক, লোধকাষ্ঠ।

কাণ্ডগুণ্ড, গুণ্ড নামক তৃণ।

কাণ্ডণী, সূক্ষ্মপর্ণী লতা, রামদূতী।

কাণ্ডতিক্ত, ভূনিম্ব, চিরতা।

কাণ্ডনীল, লোধ্র।

কাণ্ডপুঙ্খা, শরপুঙ্খা, বননীল।

কাণ্ডপুষ্প, ক্ষুদ্র সুগন্ধি পুষ্প, দোনা।

কাণ্ডরুহা, কটুকী।

কাণ্ডহীন, ভদ্রমুস্তক।

কাণ্ডিকা, লঙ্কানামক ধান্য বিশেষ ; বালুকী নামক এক প্রকার কাকুঁড়।

কাণ্ডীর, অপামার্গ বৃক্ষ, লতাবিশেষ, কাণ্ডবেল ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, সারক, দুষ্টব্রণ গুল্মোদর প্লীহাশূল ও মন্দাগ্নি নাশক।

কাণ্ডীরী, মঞ্জিষ্ঠা।

কাণ্ডেরী, নাগদন্তী বৃক্ষ।

কাণ্ডেরুহা, কটুকী।

কাণ্ডেক্ষু, কোকিলাক্ষ বৃক্ষ, কুলিয়াখাড়া।

কাতর বা কাতল, কাতলা মাছ।

কাতৃণ, রোহিষ তৃণ।

কাদম্ব, কলহংস, বালিহাঁস ; ( মাংসের গুণ ) বায়ু রক্তপিত্ত নাশক, ভেদক, শীতল, শুক্রকর। কদম্ব বৃক্ষ।

কাদম্বর, কদম্বপুষ্পোদ্ভূত মদ্যবিশেষ, দধিসার, দধিসর।

কাদম্বরী, মদিরা।

কাদম্বরী বীজ, সুরাবীজ।

কাদম্বর্য্যা, কদমগাছ।

কাদম্বা, কদম্ব পুষ্পী বৃক্ষ, মুণ্ডিরী।

কানক, জয়পালবীজ ; ( গুণ ) তীক্ষ্ণ, উষ্ণ, অতিশয় ভেদক, উৎক্লেদকারক।

কানক ফল, জয়পাল।

কাননহর, শমী বৃক্ষ।

কাননারি, শমী বৃক্ষ।

কাননল, (Fallopian tubes) স্ত্রীলোকদিগের গর্ভাশয় হইতে ডিম্বাশয় পর্য্যন্ত বিস্তৃত প্রায় তিন ইঞ্চ লম্বা স্ত্রীবীর্য্য-

বাহী নলীদ্বয়। ফ্যালোপিয়স নামক ইটালী দেশীয় কোন চিকিৎসক ইহা আবিষ্কার করিয়াছিলেন বলিয়া তাঁহার নামানুসারে ইহাদের ফ্যালো-পিয়েন টিউড নাম হইয়াছে।

কান্ত, কম্‌কুম, লৌহ বিশেষ, হিজ্জল বৃক্ষ।

কান্তপুষ্প, কোবিদার বৃক্ষ।

কান্তলক, নন্দীবৃক্ষ, তুঁদ।

কান্তলৌহ, অয়সকান্ত, লৌহভেদ।

কান্তা, প্রিয়ঙ্গু বৃক্ষ, বৃহদেলা, রেণুকা, নাগর মুথা।

কান্তাঙ্ঘ্রি, দোহদ, অশোক বৃক্ষ।

কান্তাচরণ দোহদ, অশোকবৃক্ষ

কান্তায়স, অয়সকান্ত, কান্তলৌহ।

কান্তার, পদ্মবিশেষ। ইক্ষু বিশেষ; (গুণ) গুরু, শুক্র ও শ্লেষ্মাবৃদ্ধিকর বৃংহণক, সারক।

কান্তারক, কাজিলা আক।

কান্তারী, কাজিলা আক; (গুণ) মধুর, লঘু, ক্ষাররসযুক্ত, কফবাতকারক।

কান্তিদ, পিত্ত।

কান্তিদা, সোমরাজী, ককুচী।

কান্তিদায়ক, কালীয়া বৃক্ষ।

কান্দরিক শব্দ, (Cavernous role) ঘর্ঘর শব্দ, শূন্যগর্ভ উচ্চ শব্দ, ফুস্ফুসে গহ্বর জন্মিলে এই শব্দ শুনা যায়।

কান্তজা, নলী নামক গন্ধদ্রব্য।

কাপাল, অষ্টাদশ কুষ্ঠান্তর্গত বাতিক কুষ্ঠ।

কাপাল, কর্কটা, কালিয়া কড়া।

কাপালী, বিড়ঙ্গ, গুড়কামাই।

কাপিশ, কাপিশায়ন, মদ্য।

কাপোত, সৌবীরাঞ্জন।

কাপোত, সর্জ্জিকা ক্ষার, রুচক।

কাপোতাঞ্জন, সৌবীরাঞ্জন; স্রোতোঞ্জন।

কাফল, কটফল।

কামথড়্গা দলা, স্বর্ণকেতকী।

কামদূতিকা, নাগদন্তী বৃক্ষ।

কামদূতি, পাটলা বৃক্ষ, পারুল গাছ।

কামফল, মহারাজাম্র বৃক্ষ।

কামরূপিনী, অশ্বগন্ধা বৃক্ষ।

কামল, কামলা, রোগ বিশেষ, কাওল ন্যাবা (Jaundice), ফল বিশেষের রেণু।

কামাদ্রি, (Mons-veneris) মন্স ভেনেরিস দ্রষ্টব্য।

কামোন্মাদ, (Nymphomania) স্ত্রীলোকদিগের অত্যন্ত কামপ্রবৃত্তি ও লজ্জাশূন্যতা বিশিষ্ট উন্মাদ রোগ।

কামবতী, দারুহরিদ্রা।

কামবল্লভ, আম্র বৃক্ষ।

কামবৃদ্ধি, ক্ষুপবিশেষ; (গুণ) মধুর, বল ও কামবর্দ্ধক, রুচিকর, বহুল ইন্দ্রিয় শক্তির বৃদ্ধিকর।

কামবৃন্তা, পাটলা বৃক্ষ।

কামবৃক্ষ, বন্দাক।

কামশর, আম্র।

কামাঙ্গ, আম্রবৃক্ষ।

কামান্ধা, কস্তুরী।

কামায়ুধ, মহারাজ চ্যুত।

কামারি, বিট মাক্ষিক ধাতু।

কামালু, রক্তকাঞ্চন বৃক্ষ।

কামিনী, দারুহরিদ্রা, বন্দা, মদিরা।

কামিনীশ, শোভাঞ্জন বৃক্ষ।

কামী, ঋষভৌষধি, চক্রবাক, পারাবত, চটক, সারস।

কামীল, রাম গুবাক।

কামুক, অশোক বৃক্ষ, অতিমুক্তক লতা, চটকপক্ষী।

কামুক কান্তা, অতিমুক্তক লতা।

কাম্পিল্য,কাম্পিল্ল,গুণ্ডারোচনী নামক গন্ধ দ্রব্য, কমলাগুঁড়ি।

কাম্পিল্লকা, গুণ্ডারোচনী।

কাম্বুকা, অশ্বগন্ধা।

কাম্বোজ, সোমবন্ধ, পুন্নাগ বৃক্ষ।

কম্বোজী, মাসপর্ণী, মাষাণী, পাপড়ি ক্ষয়ের, কুঁচ, হাকুচ, শমীবৃক্ষ।

কায়স্থা, হরিতকী, ধাত্রীবৃক্ষ, এলাদ্বয়, তুলসী, কাকোলী।

কারণ, ( Cause ) রোগের নিদান, যাহা হইতে রোগ জন্মে।

কারণতত্ত্ব, ( Etiology ) কারণের বিবরণ।

কারণ্ডব, হংসবিশেষ, খড়হাস।

কারস্তা, প্রিয়ঙ্গু বৃক্ষ।

কারবল্লী, কারবেল্ল, করলা।

কারবী, মধুরা, মৌরী, ময়ূর শিখা, রুদ্রজটা, শুলফা, কৃষ্ণজীরা, ক্ষেত্রযমানী, হিঙ্গুপত্রী, ক্ষুদ্র কারবেল্লী, ছোট করলা।

কারবেল্ল,করলা; (গুণ) লঘু, তিক্ত, জ্বরপিত্ত কফঘ্ন, পাণ্ডু, মেহ এবং কৃমিহর, অতিশয় উদ্দীপক। লতা বিশেষ, করলা; (গুণ) পূর্ব্বোক্ত রূপ। ( পুষ্পগুণ) ধারক, রক্তপিত্ত রোগে সুপথ্য; ( ফলের গুণ ) শুক্র কফপিত্তনাশক, রুচিকর।

কারবেল্লক, করলা, উচ্ছা।

কারমিহিকা, কর্পূর।

কারলক, কৃষ্ণ তুলসী।

কারস্কর, বৃক্ষবিশেষ, বিষতিন্দু; (গুণ) কটু, উষ্ণ, তিক্ত, কুষ্ঠ, বাত রোগ নাশক,ব্রণহর।

কারী, কন্টকারী আকর্বকারী, কারিকা, কার্য্যা, গিরিজা, কটুপত্রিকা ; (গুণ) কষায়, মধুর, দীপক, গ্রাহী, রুচি কণ্ঠ-শোষকর, এবং গুরু।

কারুজ, নাগকেশর, গৌরিক।

কারুণা, পুনর্ণবা।

কার্টিলেজ, (Cartilage) উপাস্থি, দেহের অভ্যন্তরস্থ মসৃণ নিরেট স্থিতিস্থাপক অস্থি অপেক্ষা কোমল পদার্থ বিশেষ।

কার্ডাইটিস্, (Carditis) হৃৎপিণ্ডের প্রদাহ।

কার্ডিও, (Cardio) যে সকল শব্দের পূর্ব্বে এই উপসর্গটী থাকে, ইহা দ্বারা হৃৎপিণ্ড বুঝায়।

কার্ডিয়্যাক, (Cardiac) হৃৎপিণ্ডসম্বন্ধীয়, হৃৎপিণ্ডের ক্রিয়া উত্তেজক।

কার্ডিয়্যাক প্লেক্সস, (Cardiac Plexces) হৃৎপিণ্ডের স্নায়ু-গুচ্ছ।

কার্ডিয়্যালজিয়া, (Cardialgia) বুক-জ্বালা, হৃদ্-দাহ।

কার্ডিওপেরিকার্ডাইটিস্, (Cordio pericarditis) হৃৎপিণ্ড ও উহার আবরণের এককালীন প্রদাহ।

কার্ডিয়া, (Cardia) হৃৎপিণ্ডের নিকটবর্ত্তী আমাশয়ের উপরের মুখ; হৃদ্বার।

কার্ডেমম, (Cardamom) এলাইচ।

কার্ণি-কলমনি (Carnae Columnœ) হৃদ্-গহ্বরের গোলাকার পেশীময় প্রবর্দ্ধন।

কার্ণিফরম, (Carniform) মাংসের আকার বা গুণবিশিষ্ট।

কার্ণিফাইড, (Carnified) মাংসীভূত।

কার্ণিফিকেশন, (Carnification) মাংসাকার ধারণ।

কারুই ফ্রাক্টাস, বিলাতী জিরা।

কার্ডিউস মেরায়ি, ব্লেশেড থিস্‌ল।

কার্ত্তস্বর, স্বর্ণ, ধুস্তুর।

কার্পট, জতু, জৌ।

কার্পাসিকা, কার্পাসী।

কার্পাসী, কার্পাস বৃক্ষ; (গুণ) মধুর, শীতল, স্তনদুগ্ধকর, পিত্ত কফ তৃষ্ণা দাহ শ্রম ভ্রান্তি মূর্চ্ছা নাশক, বলকর; (পত্রের গুণ) রক্তকর, বায়ু-নাশক, মূত্রবর্দ্ধক, কর্ণপূযাস্রবনাশী; (বীজের গুণ) স্তনদুগ্ধবর্দ্ধক, বৃষ্য, স্নিগ্ধ, কফকর এবং গুরু।

কার্পস, (Carpus) মণিবন্ধ, কব্জা।

কার্প্যাল, (Carpal) মণিবন্ধ-সম্বন্ধীয়।

কার্পেল, (Carpel) ফলাণু, সূক্ষ্মফল।

কার্পো, (Carpo) যে শব্দের পূর্ব্বে থাকে তদ্দ্বারা মণিবন্ধ বুঝায়।

কার্পোফোর, ( Carpophore ) দীর্ঘী-ভূত, ফলাণু, ফলবহ।

কার্ব্বঙ্কল, ( Carbuncle ) পৃষ্ঠাঘাত প্রভৃতি প্রদাহিত ও দূষিত ব্রণ; এই ফোড়ার বর্ণ কালমিশ্রিত লাল, সাধারণ ইহা পৃষ্ঠে ও ঘাড়ে উৎপন্ন হয়।

কার্বন, (Carbon) বিশুদ্ধ অঙ্গার, কেবল মাত্র হীরকে ইহা বিশুদ্ধ আকারে প্রাপ্ত হওয়া যায়।

কার্বনিক-য়্যাসিড, ( Carbonic acid ) অঙ্গারাম্ল ; দুইভাগ অক্সিজেন ও এক ভাগ নাইট্রোজেন সংযোগে এই বিষাক্ত বাষ্প উৎপন্ন হইয়া থাকে, এই বাষ্প ফুস্‌ফুসে প্রবেশ করিতে পারিলে প্রাণ নষ্ট করে,কিন্তু আমাশয় যন্ত্রে উত্তেজকরূপে বিশেষ উপকার দর্শায়। কয়লা চিনি প্রভৃতি অঙ্গার বিশিষ্ট দগ্ধ হইলে বা পচিলে ইহা জন্মিয়া থাকে।

কার্বনেট অফ লেড, ( Carbonate of lead ) সফেদা।

কার্ব্বো-য়্যানিম্যালিস, ( Carbo-animalis ) অস্থি প্রভৃতি দগ্ধ হওয়া প্রযুক্ত যে অঙ্গার জন্মে, জান্তব অঙ্গার ; ইহা ঔষধরূপে ব্যবহৃত হইয়া থাকে।

কার্ব্বো ভেজিটেবিলিস্, ( Carbo Vegetabilis ) উদ্ভিজ্জ অঙ্গার ; উদ্ভিদ পদার্থ অল্প বায়ু সংযোগে দগ্ধ করিলে ইহা উৎপন্ন হয়।

কার্মিনেটিভ, ( Carminative ) উদরের আক্ষেপিক, বেদনা নিবারক ও বায়ু-নাশক ঔষধ।

কার্বিউরেটম সলফিউরিশ, বাই সল-ফাইড অফ কার্বণ।

কার্বো-য়্যানিমিলিস, য়্যানিমেল চার-কোল।

কার্ব্বো-পিউরিফিকেটস্, পরিশোধিত জান্তব অঙ্গার।

কার্ব্বো-ভেজিটেবিলিস্, ভেজিটেবল চার-কোল, উদ্ভিজ্জ।

কার্ব্বো-লিগ্নাই, কাষ্ঠাঙ্গার।

কার্সিনোমা, (Carcinoma) কর্কটরোগ, ক্যান্‌সার।

কার্মুক, বাঁশ, শ্বেত খদির, হিজল, মহা-নিম্ব।

কার্য্যা, কারীবৃক্ষ।

কার্শ্য, শালবৃক্ষ, কর্চুর, লকুচ।

কাশ্মরী, গাম্ভারী বৃক্ষ।

কার্ষ্ণী, শতাবরী বৃক্ষ।

কার্ষ্য, শালবৃক্ষ।

কাল, লৌহ, কঙ্কোলক, কালীয়ক।

কালক, কাল শাক, যকৃৎ, মতুক, জড়ুর।

কালকুষ্ঠ, কঙ্কুষ্ঠ, পার্ব্বতীয় মৃত্তিকা বিশেষ।

কালকুট, বিষ, কৃষ্ণসর্পবিষ, কাঠবিষ বিশেষ, স্থাবর বিষভেদ।

কালকুটক, কারস্কর বৃক্ষ।

কালখঞ্জন, কালখণ্ড, যকৃৎ।

কালস্কত, কালকাসন্দা বৃক্ষ।

কালনির্য্যাস, গুগ্গুল।

কালতাল, তমাল বৃক্ষ।

কালপর্ণ, তগর বৃক্ষ।

কালপালক, কঙ্কুষ্ঠ মৃত্তিকা।

কালপীলুক, কুপীলু।

কালপেষী, শ্যামালতা, পারুল।

কালভাণ্ডিকা, মঞ্জিষ্ঠা।

কালমান, কৃষ্ণার্জ্জক, কালতুলসী।

কালমুষ্কক, ঘণ্টাপারুলি বৃক্ষ।

কালমূল, রক্তচিত্রক বৃক্ষ।

কালমেশিকা, কালমেষিকা।

কালমেষিকা, মঞ্জিষ্ঠা, কালতেউড়ী।

কালমেষী, সোমরাজী, শ্যামালতা, মঞ্জিষ্ঠা, তেউড়ী।

কাললবণ, বিটলবণ।

কাললৌহ, কালায়স, রুক্ম লৌহ, তিখা, কৃষ্ণায়স, রুক্ম, তীক্ষ্ণ।

কালবৃন্ত, কুলথ বৃক্ষ।

কালবৃন্তী, পাটলাবৃক্ষ।

কালশাক, স্বনামখ্যাত শাক; (গুণ) সারক, রুচি বায়ু ও বলকর, কফ শোথ ও রক্তপিত্ত নাশক, মেধ্য, শীতল। তিক্ত পূতিকা, কুলথ শাক; (গুণ) কটু, অগ্নিদীপক, গুরু ও শোথনাশক।

কালশালি, কৃষ্ণশালি।

কাল্‌শিরা, ( Ecchymosis ) কালিমা, নীলা; (একিমোসিস দেখ)।

কালশেয়, ঘোল।

কালসার, পীতচন্দন, স্বনামখ্যাত হরিণ, কৃষ্ণসার, কালস্কন্ধ, জীবকদ্রুম, দুগ্ধদির, উদুম্বর, তমালবৃক্ষ, তিন্দুক-বৃক্ষ।

কালস্কত, কালকাসন্দা।

কালা, নিলিনী, কৃষ্ণত্রিবৃতা, কৃষ্ণজীরা, মঞ্জিষ্ঠা, কালিয়াকড়া, অশ্বগন্ধা, পাটলা বৃক্ষ।

কালাগুরু, কৃষ্ণাগুরু।

কালাঞ্জনী, ক্ষুপবিশেষ, নীলাঞ্জনী; (গুণ) কটু, উষ্ণ, অম্ল, কৃমিশোধক, আপান-বর্ত্তশমক, উদরাময় নাশক।

কালানুশারিয়া, তগরপাদুকা, শিউলি-ছোপ।

কালানুসারক, তগর, পীতচন্দন।

কালানুসারি, শৈলজ নামক গন্ধদ্রব্য বিশেষ, শৈলেয়।

কালানুসারিকা, তগরপাদুকা।

কালানুকার্য্য, শৈলজ, শৈলেয়, কালীয়ক, শিংশপা, শিশুগাছ, তগর।

কালান্তবিষ, মূষিকাদি।

কালায়স, লৌহ।

কালিক, কৃষ্ণচন্দন, কালীয়ক, কালীয়, হরিপ্রিয়।

কালিঙ্গ, তরমুজ ফল ; (গুণ) শীতল, গ্রাহী, স্বাদু, পাকরসক, গুরু, বিষ্টম্ভী, শুক্র পিত্ত নাশক, কফবাতকর ; (পাকা ফলের গুণ) পিত্তবৃদ্ধিকর, উষ্ণ, ক্ষার, কফবাতনাশক ; (পাতার গুণ) রুধিরস্থাপক, তিক্ত। ভূমি-কর্কারু ; লৌহভেদ।

কালিক, ক্রৌঞ্চ।

কালিতনয়, মহিষ।

কালিঙ্গিকা, তেউড়ি।

কালিঙ্গী, রাজ-কর্কটী।

কালিন্দক, কালিঙ্গক।

কালিন্দী, রক্তবর্ণ তেউড়ি।

কালী, কালাঞ্জনী, তুবরী, তেউড়ি, অগ্নি-শিখাভেদ, বিছাটী।

কালীয়, কৃষ্ণচন্দন।

কালীয়ক, কালীয় নামক পীতবর্ণ সুগন্ধি কাষ্ঠ।

কালীয়ক লতা, কেলে লতা।

কালেয়, কালীয় নামক পীতবর্ণ সুগন্ধি কাষ্ঠ, যকৃৎ।

কালেয়ক, কালেয় কাষ্ঠ।

কাল্ল, হরিদ্রাবিশেষ, কাঁচা হলুদ, কর্ব্বুর, দ্রাবিড়ক, দ্রাবিড়-ভূতিক।

কাল্লক, হরিদ্রাবিশেষ, কাঁচা হলুদ, কর্ব্বুর দ্রাবিড়ক, দ্রাবিড়-ভূতিক।

কাল্যক, কাঁচা হলুদ।

কাবারু, শৈবাল।

কাবের, কমকুম।

কাবেরী, হরিদ্রা।

কাশ, কাণাক, তৃণভেদ, কেশে ; (গুণ) শীতল, রুচিকর, দাহপিত্ত নাশক, বল তৃপ্তি ও শুক্রকর।

কাশা, কাশতৃণ।

কাশাল্মলী, কূটশাল্মলী।

কাশীশ, হিরাকশ, উপধাতু বিশেষ। ইহা দুই প্রকার—হরিদ্বর্ণ ও লোহিত। পুষ্পকাশীশ পৃথক জাতীয় হিরাকশ, উহাও দুই প্রকার—শুক্ল ও কৃষ্ণ।

কাশ্মরী, গাম্ভারী।

কাষ্ট, (Cast) আকার বা ছাঁচ।

কাষ্টক, অগুরু।

কাষ্ঠকদলী, বনকদলী, কাঠকলা ; (গুণ) রুচিকর, রক্তপিত্তনাশক, হিম, গুরু, মন্দাগ্নিজনক, দুর্জর, মধুর ও হিতকর।

কাষ্ঠকীট, ঘুণ।

কাষ্ঠকুট্ট, পক্ষীবিশেষ, কাঠ-ঠোক্‌রা, শতকচ্ছ।

কাষ্ঠজম্বু, ভূমিজম্বু।

কাষ্ঠতন্তু, কাষ্ঠকৃমি।

কাষ্ঠদারু, দেবকাষ্ঠ।

কাষ্ঠদ্রু, পলাশ বৃক্ষ।

কাষ্ঠ-ধাত্রী ফল, আমলকী।

কাষ্ঠপাটলা, সিত পাটলিকা।

কাষ্ঠবল্লিকা, কটুকী।

কাষ্ঠশারিবা, শারিবা, অনন্তমূল।

কাষ্ঠা, দারুহরিদ্রা।

কাষ্ঠীল, রাজার্ক, আকন্দ বিশেষ।

কাষ্ঠীলা, কদলীবৃক্ষ।

কাস, রোগবিশেষ (Bronchitis) ; কাশতৃণ, শোভাঞ্জন।

কাসকন্দ, কাসালু।

কাসঘ্নী, কণ্টকারী।

কাসজিৎ, ভার্গী, বামনহাটী।

কাসনাশিনী, কর্কটশৃঙ্গী বৃক্ষ।

কাসন্দীবটীকা, বেসবার বিশেষ, গোটা কাসুন্দ ; (গুণ) হৃদ্য, বাতশ্লেষ্মারোগনাশক, অগ্নি ও রুচিকর, বায়ু ও মলের অনুলোমক।

কাসমর্দ্দ, কালকাসন্দা, গুল্মবিশেষ ; (গুণ) তিক্ত, উষ্ণ, মধুর, কফবাত অজীর্ণ কাস পিত্ত নাশক, পাচক, কণ্ঠশোধক,অগ্নিদীপক,স্বাদু ও ত্রিদোষঘ্ন ; (পাতার গুণ) রুচিকর, শুক্রবর্দ্ধক, কাস বিষ রক্ত কফ বাত পিত্ত নাশক, মধুর, পাচক, কণ্ঠশোধক, লঘু, কাশনাশক, গ্রাহক, পটোল।

কাসমর্দ্দন, পটোল।

কাসারি, কাসমর্দ্দ।

কাসালু, আলু বিশেষ ; (গুণ) উষ্ণ, কণ্ডু বাত শ্লেষ্মা অরোচক নাশক, স্বাদু, পথ্য, অগ্নিদীপক।

কাসীস, হিরাকস ; (গুণ) কষায়, শিশির, বিষ কুষ্ঠ কৃমি খর্জুর নাশক, কান্তিবর্দ্ধক, চক্ষুর হিতকর।

কাসীসত্রিতয়, পুষ্পকাসীস।

কাহলাপুষ্প, ধুস্তূর।

কাহীর, কুটজবৃক্ষ।

কাক্ষী, তুবরিকা, আড়র, সৌরাষ্ট্রমৃত্তিকা।

কাক্ষীব, কাক্ষীবক, শোভাঞ্জন বৃক্ষ।

কিংশুক, পলাশ বৃক্ষ, নন্দীবৃক্ষ।

কিংশুলক, পলাশবৃক্ষ বিশেষ।

কিংশুকতৈল, কিংশুকের তৈল; ইহা পিত্ত এবং কফাপহ।

কিংসারু, শস্যশূক, শুঁয়া, কঙ্কপক্ষী।

কি, (Key) দন্তোৎপাটনার্থ যন্ত্র বিশেষ।

কিউটিস্‌ভিরা, (Cutisvera) প্রকৃতত্বক।

কিউটিকেল, (Cuticle) বাহ্যত্বক।

কিউবয়েড, (Cuboid) ষটচতুর্ভুজাকার।

কিউবেব, (Cubeb) কাবাব চিনি; ইহার বৃক্ষকে "পিপার কিউবেব" বলে, এই বৃক্ষ জাভা দ্বীপে জন্মে। (গুণ) আগ্নেয়, উষ্ণকারক এবং মূত্রকারক, মাত্রা ১০ গ্রেণ হইতে ৩ ড্র্যাম পর্য্যন্ত।

কিউরেটিভ, (Curative) আরোগ্যকর।

কিংস্ ইভিল, ( King's evil ) গণ্ডমালা রোগ।

কিউকারবিটা পেপোসিমেন, পমকিন সিড, কুষ্মাণ্ডবীজ।

কিউনিফরম, (Cuniform) বাণের মস্তকের ন্যায় ক্রমশঃ সূক্ষ্মাগ্র।

কিউমিউলেটিভ, (Cumulative) সংগ্রাহক, যে ঔষধ অল্প মাত্রায় সেবন করিতে করিতে সংগৃহীত হইয়া হঠাৎ অধিক মাত্রায় ফল প্রকাশ করে।

কিউরেয়ার, বিষবিশেষ।

কিকি, নারিকেল।

কিডনি, (Kidney) মূত্র উৎপাদক যন্ত্র, বৃক্কক, মূত্রপিণ্ড।

কিঙ্কিণী, বিকঙ্কত বৃক্ষ, বঁইচি।

কিঙ্কিরাত, অশোকবৃক্ষ, রক্তঝিণ্টী; (গুণ) কফ পিত্ত পিপাসা দাহ শোষ বমি কৃমি প্রভৃতি নিবারক।

কিঙ্কিরাল, বর্ব্বরবৃক্ষ।

কিঙ্কিরী, বিকঙ্কতবৃক্ষ, বঁইচি।

কিঞ্চন, হস্তীকর্ণ পলাস।

কিঞ্চিলক, কিঞ্চুলক, মহীলতা, কেঁচো।

কিঞ্জ, কিঞ্জল, কিঞ্জল্ক।

কিঞ্জল্ক, নাগকেশর পুষ্প; (গুণ) মধুর, রুক্ষ্ম, কটু, মুখের ব্রণ নাশকারী, শিশির, রুচিকর, পিত্ত তৃষ্ণা ও দাহ বিনাশক।

কিঞ্জল্ক, কেশর, পদ্মকেশর; (গুণ) শীতল, রুক্ষ্ম, কটু, কষায়, গ্রাহী, কফ পিত্ত তৃষ্ণা দাহ অর্শ বিষশোথ নাশক।

কিট্ট, মণ্ডুর, লৌহমল।

কিণ, কড়া।

কিণি, অপামার্গ।

কিণিহী, অপামার্গ বৃক্ষ।

কিণ্ব, সুরাবীজ।

কিতব, ধুস্তূর, রোচন-নাশক গন্ধদ্রব্য।

কিন্তন্তু, মাকড়শা।

কিম্পাক, মহাকাল লতা, মাকাল ফল।

কিস্তরা, নলীনামক গন্ধদ্রব্য।

কিমোসিস, (Chemosis) চক্ষুপ্রদাহ বিশেষ, ইহাতে কণীনিকার চতুর্দ্দিকে উন্নতাকার পরদা জন্মে।

কিরাত, কিরাতক, ভূনিম্ব, চিরাতা।

কিরাততিক্ত, চিরাতা; (গুণ) বায়ুবৃদ্ধিকর, রুক্ষ্ম, কফ পিত্তজ্বর নাশক, সারক, শীতল, তিক্ত, লঘু, সন্নিপাতজ্বর শ্বাস কফ পিত্ত ও দাহ নিবারক, তৃষ্ণা কুষ্ঠ কাশ শোষ জ্বর ব্রণ এবং কৃমি নাশক।

কিরাতাদিগণ, চিরাতা, শুঁঠ, গুলঞ্চ ও মুথা

কিরাতানী, জটামাংসী।

কিরিটি, হিন্তালফল।

কির্ম্মীর, নাগরঙ্গ বৃক্ষ।

কির্ম্মীরত্বক, নাগরঙ্গ বৃক্ষ।

কিলাট, ক্ষিরবিকৃতি; (গুণ) শীতল, স্নিগ্ধ, গুরু, বৃষ্য এবং পিত্তনাশক।

কিলাটী, বংশ, বাঁশ।

কিলস, রোগবিশেষ, ছুলি।

কিলাসঘ্ন, বৃক্ষবিশেষ, কাঁকরোল।

কিলিম, দেবদারু।

কিলোগ্রাম, (Kellogramme) এক প্রকার ফ্রেঞ্চ-পরিমাণ। বাঙ্গালা দেশের প্রায় ১৯ ছটাক।

কিলোটমী, (Kelotomy) অর্ব্বুদচ্ছেদ।

কিলোলিটার, (Keloletre) ফ্রেঞ্চ-পরিমাণ বিশেষ, ইংরাজী ২২০ গ্যালনের সমান।

কিশল, কিশলয়, পল্লব।

কিশোর, তৈলপর্ণী ওষধি।

কিষ্কুপর্ব্বা, ইক্ষু, বেণু, পোটগল, নল।

কীচক, বংশবিশেষ, নল।

কীটঘ্ন, গন্ধক।

কীটজা, লাক্ষা, মজ্জফল, মাজুফল।

কীটাণু, (Animalculæ) অনুবীক্ষণ যন্ত্র দ্বারা প্রত্যক্ষযোগ্য, ক্ষুদ্রতম কীট।

কীটপাদিকা, কীটমাতা ও কীটমারী, হংসপদীবৃক্ষ।

কীটহারী, বিড়ঙ্গ।

কীরক, বৃক্ষভেদ।

কীরেটাইটিস্, (Keratitis) কণীনিকা প্রদাহ।

কীরেড়, তণ্ডুলীয়ক শাক।

কীরবর্ণক, স্থৌনেয়ক নামক সুগন্ধি।

কীরেষ্ট, আম্রবৃক্ষ, আখরোট বৃক্ষ, জলমধুক বৃক্ষ।

কীলক, গ্রন্থি।

কীলযুক্ত, (Hob-nailed) গ্রন্থিল।

কীলয়েড, (Keloid) কুষ্ঠদোষ জন্য চর্ম্মার্ব্বুদ বিশেষ।

কীলসংস্পর্শ, বৃক্ষবিশেষ, গাব।

কীলাল, অমৃত, মধু, রক্ত।

কীশপর্ণ, অপামার্গ।

কীশপর্ণী, অপামার্গ।

কুইক্নিং, (Quickening) গর্ভিনীর প্রথম ভ্রূণ পরিবর্ত্তন অনুভব।

কুইক্‌সিলভার, (Quicksilver) পারদ, পারা।

কুইন্সি, (Quinsy) তালুমূল বা গলার প্রদাহ।

কুইন্ট্যান, (Quintan) প্রতি পঞ্চম দিবসে যে জ্বর উদয় হয়।

কুইনিনিজম, (Quininism) অতি মাত্রায় কুইনাইন সেবন জন্য বিষলক্ষণ।

কুকভ, মদ্য।

কুকাঞ্চন, পিত্তল।

কুকট, সিতাবর, সুষণিশাক।

কুকুন্দর, নিতম্বস্থ কুপকদ্বয়, পৃষ্ঠবংশের অধস্থ গর্ত্তদ্বয়।

কুকুন্দর, কক্কুরদ্রু, কুকুর সোঁকা।

কুকূটী, শাল্মলী বৃক্ষ।

কুকূনক, বালকের নেত্ররোগ বিশেষ।

কুকোল, কোলিবৃক্ষ, কুলগাছ।

কুক্কুট, পক্ষীবিশেষ, কুঁকড়া; কুক্কুট দুই প্রকার—আরণ্য ও গ্রাম্য। গ্রাম্য কুক্কুটের মাংসগুণ,—স্নিগ্ধ, বাতহর, দীপক, গুরু, বলকর, উষ্ণ, মধুর। আরণ্য কুক্কুটের মাংসগুণ,—হৃদ্য, শ্লেষ্মহর, রুক্ষ, কষায়, স্বাদু, শীতল।

কুক্কুট মস্তক, চব্য, চই।

কুক্কুটশিম, কুসুম্ভবৃক্ষ।

কুক্কুটপুট, দশখানি ঘুঁটের দ্বারা পুট-পাক।

কুক্কুটী, শিমুলবৃক্ষ।

কুক্কুর, গেঁঠেলা, গ্রন্থিপর্ণ।

কুক্কুরদ্রু, বৃক্ষবিশেষ, কুঁকুর সোঁকা; (গুণ) কটু, তিক্ত, জ্বর রক্ত ও কফনাশক।

কুঙ্কুম, জাফরান, স্বনামখ্যাত গন্ধদ্রব্য বিশেষ; (গুণ) সুরভি, তিক্ত, কটু, উষ্ণ, কাশ বাত কফ কণ্ঠরোগ মূর্দ্ধা-শূল রোগ নাশক, বিষদোষনাশী, রোচক, তনুকান্তিকর, রেচক, বিবর্ণতা কণ্ডূনাশক, স্নিগ্ধ, শিরোরোগ-নাশক, ত্রিদোষঘ্ন, বলকর, ত্বক্‌দোষ নাশক। কুঙ্কুম তিন প্রকার—কাশ্মীর দেশজ, বাহ্লীকদেশজ ও পারস্য-দেশজ। কাশ্মীরদেশজ কুঙ্কুম—সূক্ষ্মকেশর যুক্ত, আরক্ত, পদ্মগন্ধী, উত্তম। বাহ্লীকদেশজ কুঙ্কুম—পাণ্ডুর কেতকীগন্ধযুক্ত; মধ্যদেশ সূক্ষ্ম কেশরযুক্ত। পারস্যদেশজ কুঙ্কুম—

ঈষৎ পাণ্ডুর বর্ণ, মধুগন্ধী, মধ্যদেশ স্থূল কেশরযুক্ত।

কুঙ্গনী, মহাজ্যোতিষ্মতী।

কুচ, স্তন।

কুচন্তিকা, মূর্ব্বালতা।

কুচন্দন, রক্তচন্দন, পত্রাঙ্গ, বকম,কুঙ্কুম।

কুচফল, দাড়িম্ব বৃক্ষ।

কুচাঙ্গেরী, চুক্রিকা, চুকাপালঙ্গ।

কুচেলা, কুচিলা, বিদ্ধকর্ণী, আকনাদী।

কুচেলী, আকনাদী।

কুচ্ছ, কুমুদ।

কুজ্জিশ, মৎস্যবিশেষ; (গুণ) মধুর, হৃদ্য, কষায়, দীপক, বলকর, স্নিগ্ধ, গুরু, গ্রাহী, বাতে হিতকর এবং রোচক।

কুজ্ঝটি, কুজ্ঝটিকা, কুয়াসা; (গুণ) রুক্ষ, তমোগুণপ্রায়, কফপিত্তকর।

কুঞ্চন, নেত্ররোগ বিশেষ।

কুঞ্চফলা, কুষ্মাণ্ডী,।

কুঞ্চিকা, গুঞ্জা, কঁুচ, কৃষ্ণজীরা, মেথী, বংশশাখা, কঞ্চী।

কুঞ্চিত, তগরপুষ্প।

কুঞ্জরপিপ্পলী, গজপিপ্পলী।

কুঞ্জরক্ষামূল, মূলক।

কুঞ্জরা, ধাতকী, ধাইফুল, পাটলাবৃক্ষ।

কুঞ্জরালুক, আলুক বিশেষ, হস্ত্যালু।

কুঞ্জরাশন, অশ্বত্থবৃক্ষ।

কুঞ্জল, কাঞ্জিক।

কুঞ্জবল্লরী, নিকুঞ্জিকাম্লা বৃক্ষ।

কুঞ্জিকা, কৃষ্ণজীরা, নিকুঞ্জিকাম্লা বৃক্ষ।

কুটচ, কুটজবৃক্ষ।

কুটজ, কুড়চি, ইহার ফলের নাম ইন্দ্রযব; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কষায়, অতিসারনাশক।

কুটজফল, ইন্দ্রযব।

কুটন্নট, কৈবর্ত্তীমুস্তক, কেওটা মুতা, কেশুর, শ্যোনাকবৃক্ষ।

কুটরুণা, তেউড়ি।

কুটিল, তগরপাদুকা।

কুটিলগতি, (Malposition) গর্ভস্থ ভ্রূণের অস্বাভাবিক গতি বা অবস্থান।

কুটীলা, পৃক্কা নামক গন্ধদ্রব্য।

কুটী, মুরা নামক গন্ধদ্রব্য।

কুটুম্বিনী, ক্ষুদ্র ক্ষুপ বিশেষ; (গুণ) মধুর, গ্রাহী, কফ পিত্ত ব্রণ রক্তদোষ কণ্ডূ নাশক, রসায়ন।

কুট্টিম, দাড়িম্ববৃক্ষ।

কুঠিক, কুষ্ঠ, কুড়।

কুঠের, তুলসী, অর্জ্জক, বাবুইতুলসী।

কুঠেরক, নন্দীবৃক্ষ, তুলসী, বাবুইতুলসী।

কুঠেরজ, কুঠেরক।

কুড়প, কুড়ব পরিমাণ।

কুড়ব, ৩২ তোলা পরিমাণ।

কুড়লুঞ্চী, ক্ষুদ্র কারবেল্লী।

কুড়িশ, মৎস্যবিশেষ, কুড়চি মাছ; (গুণ) মধুর, হৃদ্য, কষায়, অগ্নিদীপক, লঘু, স্নিগ্ধ, বাতরোগে পথ্য, রোচক, বল ও কোষ্ঠবদ্ধকর।

কুণঞ্জর, বৃক্ষবিশেষ, শাখাবিশেষ, বনবেতুয়া শাক; (গুণ) মধুর, রুচিকর, দীপক, পাচক, হিতকর; (শাকের গুণ) ত্রিদোষনাশক, মধুর, রুচিকর, দীপক, ঈষৎ কষায়, সংগ্রাহী, লঘু, পিত্তশ্লেষ্মাহর।

কুণপ, শব, মৃতদেহ, পূতিগন্ধী।

কুণপী, কীটশারিকা।

কুণি, তুন্নবৃক্ষ, তুঁদ, নন্দীবৃক্ষ।

কুণ্ডগোলক, কাঞ্জিক।

কুণ্ডলিনী, গুড়চী, মিষ্টান্নবিশেষ, জিলেপী; (গুণ) পুষ্টিকারী ও বলপ্রদ, ধাতুবৃদ্ধিকারী, বৃষ্য, রুচি ও ইন্দ্রিয়সুখকারী।

কুণ্ডলী, (Convolution) বলয়ের ন্যায় বেষ্টন, অন্ত্রাদির পেঁচ, মস্তিষ্কের ভাঁজ।

কুতপ, কুশতৃণ।

কুতূণক, বালকের নেত্র রোগবিশেষ।

কুতৃণ, কুম্ভী, পানা।

কুৎসলা, নীলীবৃক্ষ।

কুৎসিত, কুড়।

কুথ, কুশতৃণ।

কুদ্দাল, কোবিদার বৃক্ষ, বোহারী বৃক্ষ।

কুদ্রব, কোদ্রব।

কুনখ, ক্ষুদ্ররোগ বিশেষ।

কুনট, শ্যোনাক প্রভেদ।

কুনটী, মনঃশিলা, ধন্যাক।

কুনলী, বকবৃক্ষ।

কুনাশক, যবাস, দুরালভা।

কুন্ত, গবেধুকা।

কুন্তল, কেশ, বালা, যব।

কুন্তলবর্দ্ধন, ভৃঙ্গরাজ বৃক্ষ।

কুন্তলোশীর, বালক, বালা।

কুন্তী, গুগ্‌গুলু বৃক্ষ।

কুন্দ, পুষ্পবৃক্ষ বিশেষ, কুঁদফুলের গাছ; (গুণ) অতি মধুর, শীতল, কষায়, কেশ্যভাবনক, কফপিত্তহর, সারক, দীপক, পাচক; (পুষ্পের গুণ) গ্রাহী ও শ্লেষ্মাকর।

কুন্দ, কুন্দুরুখোটী নামক গন্ধদ্রব্য, করবী বৃক্ষ।

কুন্দক, কুন্দুরুক।

কুন্দর, তৃণবিশেষ; (মূলের গুণ) শীতল, পিত্তাতিসার নাশী, বল ও পুষ্টিবর্দ্ধক।

কুন্দু, কুন্দর, কুন্দুরু নামক গন্ধদ্রব্য।

কুন্দুরু, স্বনামখ্যাত গন্ধদ্রব্য; যাহার

নির্য্যাস কুন্দুরুখোটা নামে প্রসিদ্ধ; (গুণ) মধুর, তিক্ত, কফপিত্তহর এবং দাহনাশক; (পান ও লেপন-গুণ) শীতল, প্রদরাময় শান্তিকারক।

কুন্দুরুকী, শল্লকীবৃক্ষ।

কুপীলু, কারস্করবৃক্ষ, তিন্দুক বিশেষ, মধুরতেন্দু, মাকড়াকেন্দু; (গুণ) শীতল, তিক্ত, বাত ও মদকারক, লঘু, ব্যথাহর, গ্রাহী, কফ পিত্তরোগ নাশী।

কুপ্য, স্বর্ণ রজত ভিন্ন ধাতু, দস্তা।

কুপ্রম, (Copper) তাম্র; ইহা জলমিশ্রিত যবক্ষার দ্রাবকে দ্রব হয়, এই ধাতুর বিশেষ কোন ক্রিয়া নাই, কিন্তু উদরস্থ হইলে বিষক্রিয়া করে। ইহার সংযোগে অন্যান্য ঔষধের নানা গুণ পরিদৃষ্ট হয়।

কুপ্রম এসেটিকম, য়্যাশিটেট অফ কপার।

কুপ্রম মেটালিকম, মেটালিক কপার।

কুপ্রাই এমোনিও সল্‌ফস, এমোনিয়া অফ কপার।

কুপ্রাই ডারাসিটাস, ডারাসিটেট অফ কপার, জাঙ্গাল।

কুপ্রাই নাইট্রাস, নাইট্রেট অফ কপার।

কুপ্রাই সলফাস, সলফেট অফ কপার, তুঁতিয়া; (গুণ) বমনকারক, অল্প-মাত্রায় প্রয়োগে ধারক, রক্তরোধক, বলকারক, আক্ষেপ নিবারক, ক্ষতা-দিতে সংযোগ করিলে দাহক ক্রিয়া দর্শে।

কুব্জ, অপামার্গ, বায়ু কর্ত্তৃক উন্নত হৃদয় বা উন্নতপৃষ্ঠ ব্যক্তি, (Concave) গম্বুজাকারের অভ্যন্তর দিকের ন্যায়।

কুব্জক, পুষ্পবৃক্ষ বিশেষ, কুব্জা; (গুণ) সুগন্ধ, মিষ্ট, কষায়, বৃষ্য এবং শীত-নাশক; (ফুলের গুণ) শীতল, বর্ণ-কর, দাহ বাত নাশক।

কুব্জকণ্টক, শ্বেতক্ষদির।

কুমার, বরুণবৃক্ষ।

কুমারজীব, পুত্রঞ্জীব বৃক্ষ, জিরাপুতা।

কুমারিকা, নবমল্লিকা, বড় এলাইচ, ঘৃত-কুমারী।

কুমারী, নবমল্লিকা, ঘৃতকুমারী, অপরা-জিতা, বন্ধ্যাকর্কোটী, মেদিনী পুষ্প, তরুণী পুষ্প।

কুমারী ঝিল্লী, (Hymen) কুমারীদিগের যোনিমুখ আবরক অর্দ্ধচন্দ্রাকার পর্দ্দা, সতীদেবী, সতীকুন্দ।

কুমুৎ ও কুমুদ, শালুক, রক্তোৎপল; (গুণ) শীতল, স্বাদু, পাকে তিক্ত, কফ রক্ত-দোষ দাহ ভ্রম পিত্তনাশক। রক্তপদ্ম, রূপা, শ্বেতোৎপল, কর্পূর।

কুমুদবান্ধব, কর্পূর।

কুমুদা, ধাতকীবৃক্ষ, কুম্ভিকা, পানা, কট-ফল বৃক্ষ, গাম্ভারী বৃক্ষ, শালপর্ণী।

কুমুদিকা, কটফল।

কুমুদিনী, ছোটশুঁটী।

কুমুদী, কটফল।

কুম্ভ, গুগ্‌গুলু, ত্রিবৃৎ, ৬৪ শের পরিমাণ।

কুম্ভকারিশ, কুলথা।

কুম্ভকারী, মনঃশিলা, কুলথিকা, কুলথাঞ্জন।

কুম্ভতুম্বী, অলাবুভেদ, গোল লাউ; (গুণ) মধুর, শীতল, পিত্ত শ্বাস কফজ্বর কাশ নাশক এবং বলকারক।

কুম্ভযোনি, দ্রোণপুষ্পী বৃক্ষ।

কুম্ভলা, মুণ্ডিতিকা, মুণ্ডিরী।

কুম্ভবীজ, রিঠাকরঞ্জা, ঈটা।

কুম্ভাণ্ড, কুষ্মাণ্ড।

কুম্ভিকা, জলজতৃণ, পানা, (Hordilum) অঞ্জনি, আজনাই।

কুম্ভিনীবীজ, জয়পাল।

কুম্ভিপাকী, কটফল।

কুম্ভী, গুল্‌গুলু, পাটলা বৃক্ষ, বারিপর্ণী, কটফল, দন্তীবৃক্ষ; (গুণ) কটু, কষায়, গ্রাহী, বাত ও কফাপহ।

কুম্ভীক, পুন্নাগবৃক্ষ।

কুম্ভীবীজ, জয়পাল।

কুরকা, সল্লকীবৃক্ষ।

কুরঙ্গনাভি, কস্তুরী।

কুরঙ্গিকা, মুদ্গপর্ণী।

কুরণ্টক, পীতাম্লান, পীতঝিণ্টী।

কুরণ্ড, (Hydrocele) মুষ্কবৃদ্ধি রোগ, কোরণ্ড, সাকরুণ্ড বৃক্ষ।

কুরণ্ডক, কুরণ্টক বৃক্ষ।

কুররাংঘ্রি, দেবসর্ষপ।

কুরব, সিতমন্দার, রক্তঝিণ্টী, পীতঝিণ্টী।

কুরবক, রক্তঝিণ্টী।

কুরসা, গোজিহ্বা লতা।

কুরী, তৃণ ধান্য ভেদ।

কুরু, কণ্টকারিকা।

কুরুকন্দক, মূলক।

কুরুট, সিতাবর শাক।

কুরুণ্ট, পীতঝিণ্টী।

কুরুম্ব, কুলপালক, কমলালেবু।

কুরুম্বা, দ্রোণপুষ্প।

কুরুম্বিকা, দ্রোণপুষ্পী।

কুরুম্বী, সৈংহলী বৃক্ষ।

কুরুবক, রক্তঝিণ্টী, পীতঝিণ্টী।

কুরুবিন্দ, কাচলবণ, কুল্মাষ শস্য।

কুরুবিন্দ, মুস্তক, মাষ।

কুরুবিল্বক, বনকুলথিকা, কুল্মাষ।

কুরুপ্য, রঙ্গ।

কূর্পজ, কুলঞ্জনবৃক্ষ।

কূর্পর, কফোণি, জানু।

কুলক, পটোল লতা, তিলপুষ্প, মাকড়াগাব, মরুবক বৃক্ষ, কুপীলু।

কুলকর্কটী, চানা কর্কটী।

কুলঞ্জ, কুলঞ্জন বৃক্ষ।

কুলঞ্জন, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, দীপক, মুখদোষ নাশক।

কুলটী, মনঃশীলা।

কুলথ, কুলথকলাই; (গুণ) কফ বাত গুল্ম শুক্র অশ্মরী মেদ শ্বাস কাস ও প্রমেহ নাশক, বংহণক, উষ্ণ, কটু, গ্রাহী, কষায়, রুক্ষ, রক্তপিত্তকারী, বলনাশক; (যূষের গুণ) বায়ু শর্করা অশ্মরী নাশক।

কুলথা, বনকুলথ; (গুণ) কটু, তিক্ত, অর্শ শূল নাশী, বিবন্ধ, আধ্মানশমনক, চক্ষুর হিতকর, ব্রণরোপণক।

কুলথিকা, কুলথাকার, অঞ্জন প্রস্তর বিশেষ, বনকুলথ।

কুলপত্র, দমনক বৃক্ষ।

কুলপালক, কমলালেবু।

কুলবর্ণা, রক্ত ত্রিবৃৎ।

কুলসৌরভ, মরুবক বৃক্ষ।

কুলক্কার, শুকশিম্বী।

কুলানী, কুলথাঞ্জন, বনকুলথ।

কুলাশক, দুরালভা।

কুলাহক, লাল কুল্যাখাড়া; (গুণ) আমবাত ও বাতরক্ত রোগ নাশক।

কুলাহল, কোকসীমা, অলম্বুস।

কুলি, কণ্টকারী।

কুলিক, কালিয়াকড়া, গুড়কামাই।

কুলিঙ্গাক্ষী, পেটিকা বৃক্ষ, পেটারী।

কুলিঙ্গী, কর্কটশৃঙ্গী।

কুলিশ, হাড়ভাঙ্গা বৃক্ষ।

কুলিশক, মৌলবৃক্ষ।

কুলী, কণ্টকারী, বৃহতী।

কুলীনক, বনমুদ্গ।

কুলীরশৃঙ্গী, কর্কটশৃঙ্গী বৃক্ষ।

কুলীশ, খণ্ডকর্ণ।

কুল্মাষ, কাঞ্জিক, যাবক, বোরধান্য, কুলথ, বনকুলথ, রাজমাস, অৰ্দ্ধসিন্ন গোধূম, বর্ণকাদি; (গুণ) গুরু, রুক্ষ, বাতকর, মলভেদক।

কুল্মাষাভিযুত, কাঞ্জিক।

কুল্যা, জীবন্তীকৌষধি, স্থলবার্ত্তাকু।

কুব, উৎপল, জলজ-পুষ্পমাত্র।

কুববালিকা, ঘোলীশাক।

কুরঙ্গ, সীসক।

কুবজ্রক, বৌক্রান্তমণি।

কুবল, উৎপল, বদরীফল, মুক্তাফল।

কুবলয়, নীলোৎপল, উৎপল।

কুবলী, কোলীবৃক্ষ।

কু বৃত্তিকৃত্, পূতিকরঞ্জ, কাঁটাকরঞ্জ।

কুবের, কুবেরক, নন্দীবৃক্ষ।

কুবেরাক্ষী, পাটলা বৃক্ষ, লতাকরঞ্জা, সিতপাটলিকা বৃক্ষ।

কুবেল, কু বলয়।

কুশ, স্বনামখ্যাত তৃণ ; (গুণ) ত্রিদোষঘ্ন, মধুর, শীতল, মূত্রকৃচ্ছ্র অশ্মরী তৃষ্ণা বস্তি রুচিপ্রদ এবং প্রদররোগ নাশিক।

কুশপুষ্প, গ্রন্থপর্ণী, গেঁঠেলা।

কুশলী, অশ্মন্তক বৃক্ষ, ক্ষুদ্রাম্লিকা।

কুশা, মধুকর্কটিকা।

কুশাল্মলী, রোহিতক বৃক্ষ।

কুশিক, সর্জ্জবৃক্ষ, বিভীতক বৃক্ষ।

কুশিংশপা, কপিল শিংশপা।

কুশীদ, রক্তচন্দন বৃক্ষ।

কুশেশয়, পদ্ম।

কুষ্ঠ, (Leprosy) স্বনামখ্যাত রোগ, কুড় ; (গুণ) শ্বাস কাশ জ্বর নাশক। বিষ-ভেদ।

কুষ্ঠকেতু, ভুঁইহুলী।

কুষ্ঠগন্ধী, এলবালুক।

কুষ্ঠঘ্ন, হিতাবলী।

কুষ্ঠঘ্নী, কাকোডুম্বরিকী।

কুষ্ঠনাশন, বরাহীকন্দ, গৌরসর্ষপ, ক্ষীরীশ-বৃক্ষ।

কুষ্ঠনাশিনী, সোমরাজী।

কুষ্ঠসূদন, আরগ্বধ, সোঁদালু।

কুষ্ঠহন্তা, হস্তিকন্দ।

কুষ্ঠহন্ত্রী, বাকুচী, হাকুচ।

কুষ্ঠহৃৎ, খদির বৃক্ষ।

কুষ্ঠারি, আদিত্য পত্র, খদির, বিট্ খদির, পটোল।

কুষ্মাণ্ড, কুমড়া ; (গুণ) মূত্রাঘাত প্রমেহ কৃচ্ছ্র অশ্মরী নাশক, তৃষ্ণা প্রশমক, জীর্ণাঙ্গ পুষ্টিপ্রদ, শুক্রবৃদ্ধিকর, স্বাদু, অরোচক হর, বলকর, পিত্তনাশক ; (কচি কুমড়ার গুণ) পিত্তহর ; (মধ্যম ফলের গুণ) অতি গুরুপাক ও কফকর ; (পক্ব ফলের গুণ) লঘু পাক, উষ্ণ, ক্ষাররস, অগ্নিদীপক, বস্তিশোধক, সর্ব্বদোষ নাশক, হৃদ্য, চিত্তবিকারীর পথ্য ; (ডাঁটার গুণ) ক্ষাররস, মধুর, গুরু, রুক্ষ্ম, রুচিকর, বায়ু কফ অশ্মরী শর্করা রোগ নাশক।

কুষ্মাণ্ডক, কুষ্মাণ্ডী, কুমড়া।

কুসিম্বী, শিম্বী।

কুসুম, পুষ্প, ফল, চাকুন্দা, স্ত্রীরজ, নেত্র-রোগ বিশেষ।

কুসুমমধ্য, চালিতা গাছ।

কুসুমাঞ্জন, কুসুমাকার পিত্তল সম্ভূত অঞ্জন, কুমকাজল।

কুসুমাসব, মধু।

কুসুম্ভ, কুসুমফুল; (গুণ) মিষ্ট, কটু, উষ্ণ বিম্ব্ত্রদোষ ও মদনাশক, অগ্নিদীপক, দৃষ্টিপ্রসাদন ও রুচিপ্রদ; (তৈলের গুণ) কটু, উষ্ণ, গুরু ও ত্রিদোষকর; (তৈল মর্দ্দনের গুণ) ত্রিদোষকর, পুষ্টিবলক্ষয়কর। মহারজন বৃক্ষ।

কুস্তম্বরী, ধন্যাক।

কুস্তম্বুরু, ধন্যাক।

কুহলি, পূগ পুষ্পিকা, পান।

কুহা, কটুকী।

কূইং, (Cooing) পায়রা বা ঘুঘুর মত কুকু শব্দ করা।

কূপ্রিক আর্শেনাইট, আর্শেনাইট অফ কপার।

কূচ, স্তন।

কূজন, (Rumbling) ডাকা, কণ্ঠকূজন বলিলে গলাডাকা বুঝায়; অন্ত্র কূজন—পেটডাকা।

কূজিতকাশ, (Fracheitis) কণ্ঠনালীর শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ; ক্রুপরোগ (Croup)

কূটক, মুরা নামক গন্ধদ্রব্য।

কূটজ, কু[illegible] নামক বৃক্ষ।

কূটপালক, পিত্তজ্বর।

কূটশাল্মলী, জিয়ল গাছ।

কূটস্থ, ব্যাঘ্রনখ নামক গন্ধদ্রব্য।

কূটচ্ছাল, বৃক্ষবিশেষ।

কূর্চ্চ, কূচ্চক, নলাপকর্ষণার্থ কেশাদিমুষ্টি, কুঁচি, ব্রস্।

কূর্চ্চ, ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান। শ্মশ্রু, অঙ্গুষ্ঠ তর্জ্জনীর মধ্যবর্ত্তী স্থান।

কূর্চ্চশিরঃ, অস্থি স্কন্ধ, গুড়মুড়া।

কূর্চ্চশেখর, নারিকেল বৃক্ষ।

কূর্চ্চশীর্ষ, জীবক বৃক্ষ।

কূর্চ্চিকা, ক্ষিরবিকৃতি, ক্ষীরসা।

কূর্প, ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান।

কূর্ম্ম, কচ্ছপ।

কূর্ম্মপৃষ্ঠ, অম্লান বৃক্ষ।

কূষ্মাণ্ড, কুষ্মাণ্ড, কর্কারু।

কৃকর, চব্যক, করবী বৃক্ষ।

কৃকলা, পিপ্পলী।

কৃকাটিকা, ঘাটা, ঘাড়।

কৃচ্ছ্র, কষ্ট, মূত্রকৃচ্ছ্র রোগ।

কৃচ্ছ্রসাধ্য, (Difficult to cure) কষ্টসাধ্য, যাহা কষ্টে সাধন করা যায়; যে রোগ সহজে আরাম হয়।

কৃচ্ছ্রারি, বিষাস্তর বৃক্ষ।

কৃতক, বিটলবণ, যষ্টীমধু।

কৃতচ্ছিদ্রা, কোশাতকী লতা।

কৃতফল, কক্কোল।

কৃতফলা, কোলশিম্বী।
কৃতত্রা, ত্রায়মান লতা, গন্ধভাদুল্যা।
কৃতমাল, আরগ্বধ বৃক্ষ, সোঁদালু।
কৃতবেধক, ঘোষাতকী, শ্বেত ঘোষা।
কৃতবেধনা, ঘোষাতকী লতা, পুরুল।
কৃতাঞ্জলি, লজ্জালু লতা।
কৃতাস্তা, রেণুক নামক লতা।
কৃতিচ্ছত্রা, পুরুল।
কৃতিরাদিনী, ঘোষা।
কৃত্রিম, বিটলবণ, কাচলবণ, জবাদি নামক গন্ধদ্রব্য, রসাঞ্জন, শিলারস।
কৃত্রিমক, তুরস্ক নামক গন্ধদ্রব্য।
কৃত্রিমঝিল্লী, (Faulse membrane) ডিপ্‌থিরিয়াদি রোগে গালমধ্যে উৎপন্ন সরের ন্যায় এক প্রকার পদার্থ।
কৃমিকাটক, বিড়ঙ্গ, চিত্রাঙ্গ।
কৃমিকোষ, মাজুফল, গুটী।
কৃমিঘ্ন, বিড়ঙ্গ, পলাণ্ডু, কালকন্দ, পারিভদ্র, ভল্লাতক।
কৃমিঘ্না, হরিদ্রা।
কৃমিঘ্নী, ধূম্রপত্রা, বিড়ঙ্গ।
কৃমিজ, অগুরু।
কৃমিজগ্ধ, অগুরু।
কৃমিজা, লাক্ষা, মাজুফল।
কৃমিদন্ত, (Caries of tooth) দাঁতে পোকা লাগা।
কৃমিরিপু, বিড়ঙ্গ।
কৃমিবৃক্ষ, কোষাম্র।
কৃমিশঙ্খ, জীবশঙ্খ; (গুণ) রসবীর্য্যাদিতে শঙ্খতুল্য।
কৃমিশত্রু, বিড়ঙ্গ।
কৃমিশুক্তি, জলশুক্তি।
কৃমীলক, জলমুদ্গ।
কৃশরা, তিলোদন, দ্বিদল মিশ্রিতান্ন, খিচুড়ী; (গুণ) গুরু, বলকর, কফপিত্তপ্রদ, দুর্জর, বিষ্টম্ব, মলমূত্রকর।
কৃশশাখ, পর্পট।
কৃশাঙ্গী, প্রিয়ঙ্গু বৃক্ষ।
কৃশানু, চিত্রক বৃক্ষ।
কৃশিকা, আখুকর্ণী লতা।
কৃষীবল, কাকজঙ্ঘা বৃক্ষ।
কৃষ্ণ, মরিচ, লৌহ, কালাগুরু, সচল লবণ, কালজীরা, নীলাঞ্জন, করমর্দ্দক, পিপ্পলী।
কৃষ্ণকন্দ, রক্তোৎপল।
কৃষ্ণকলি, কৃষ্ণকেলি, স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ।
কৃষ্ণকাষ্ঠ, কালাগুরু।
কৃষ্ণগন্ধা, শোভাঞ্জন।
কৃষ্ণগর্ভা, কটফল।
কৃষ্ণচঞ্চুক, চণক।
কৃষ্ণচূড়া, স্বনামখ্যাত সকণ্টক পুষ্পবৃক্ষ।

কৃষ্ণচূড়িকা, গুঞ্জা।

কৃষ্ণচূর্ণ, লৌহমল।

কৃষ্ণজটা, জটামাংসী।

কৃষ্ণজীরক, কেলেজীরা; (গুণ) কটু, উষ্ণ, কফ শোথ অজীর্ণ নাশক, রুচি ও চক্ষুর হিতকর, গ্রাহী।

কৃষ্ণতণ্ডুলা, কর্ণস্ফোটা লতা।

কৃষ্ণতাম্র. গোশীর্ষ চন্দন।

কৃষ্ণত্রিবৃতা, কাল তেউড়ী।

কৃষ্ণদন্তা, কাশ্মিরী বৃক্ষ।

কৃষ্ণধুস্তূরক, কালধুতুরা; (গুণ) কটু, উষ্ণ, কান্তিকর, ব্রণনাশক, ত্বকের দোষ খর্জ্জু কণ্ডূ জ্বর ও ভ্রম নাশক।

কৃষ্ণপর্ণী, কাল তুলসী।

কৃষ্ণপাক, করমর্দ্দ।

কৃষ্ণপাকফল, করমর্দ্দ।

কৃষ্ণপাকলা, পাণি-আমলা।

কৃষ্ণপিণ্ডীতক, বৃক্ষবিশেষ, পিণ্ডখর্জুর।

কৃষ্ণপিণ্ডীর, বৃক্ষবিশেষ, পিণ্ডখর্জুর।

কৃষ্ণপুষ্প, কালধুতুরা।

কৃষ্ণপুষ্পী, প্রিয়ঙ্গু বৃক্ষ।

কৃষ্ণপ্রতিফলা, সোমরাজী।

কৃষ্ণফল, করমর্দ্দ।

কৃষ্ণফলা, সোমরাজ, হ্রস্বজম্বু।

কৃষ্ণভূমিজ, গোমূত্রিকা তৃণ।

কৃষ্ণভেদা, কৃষ্ণভেদী, কটুকা।

কৃষ্ণমণ্ডল, ( Cornea ) চক্ষুর শুক্লাংশের মধ্যস্থিত গোলাকার স্বচ্ছ অংশ।

কৃষ্ণমুদ্গ, কাল মুগ; (গুণ) ত্রিদোষ ও দাহনাশক, মধুর, লঘু, দীপক, পথ্য, বলবীর্য্য ও পুষ্টিকারক।

কৃষ্ণমূলী, সরিবা বিশেষ।

কৃষ্ণমৃৎ, কাল মৃত্তিকা; (গুণ) ক্ষত দাহ প্রদর শ্লেষ্মা ও পিত্তহর।

কৃষ্ণরুহা, জতুকা লতা।

কৃষ্ণলক, গুঞ্জা, রতি।

কৃষ্ণলবণ, সৌর্ব্বচল লবণ, কাচলবণ।

কৃষ্ণলা, গুঞ্জা, শিংশপা বৃক্ষ।

কৃষ্ণলৌহ, অয়সকান্ত।

কৃষ্ণবর্ম্মা, চিত্রকবৃক্ষ।

কৃষ্ণবর্বরক, বর্বরকবৃক্ষ।

কৃষ্ণবল্লিকা, জতুকা লতা।

কৃষ্ণবল্লী, কৃষ্ণার্জ্জক, কৃষ্ণ তুলসী, সারিবা বিশেষ।

কৃষ্ণবীজ, রক্তশীগ্রু বৃক্ষ।

কৃষ্ণবৃন্তা, পাটলাবৃক্ষ, মাষপর্ণী।

কৃষ্ণবৃন্তিকা, গাম্ভারী বৃক্ষ, পেটিকা বৃক্ষ, মাষপর্ণী।

কৃষ্ণশালি, ধান্যবিশেষ; (গুণ) ত্রিদোষ ও দাহনাশক, মধুর, পুষ্টি ও বীর্য্য-বর্দ্ধক, বর্ণ কান্তি ও বলকর।

কৃষ্ণশিগ্রু, শোভাঞ্জন বৃক্ষ।

কৃষ্ণশিম্বিকা, কাল সিম।

কৃষ্ণশৈরিক, ঝিণ্টী।

কৃষ্ণসখী, জীরক।

কৃষ্ণসর্ষপ, রাজ সর্ষপ।

কৃষ্ণসার, স্নহীবৃক্ষ, শিংশপা বৃক্ষ, খদির বৃক্ষ, মৃগবিশেষ, কালসার ; (মাংসের গুণ) সংগ্রাহী, রুচিকর এবং জ্বরনাশক।

কৃষ্ণসারথি, অর্জ্জুন গাছ।

কৃষ্ণসারা, শিংশপা বৃক্ষ।

কৃষ্ণস্কন্ধ, তমাল বৃক্ষ।

কৃষ্ণা, নীলী বৃক্ষ, পিপ্পলী, সোমরাজী, কৃষ্ণজীরা, পর্পটী, দ্রাক্ষা, নীল পুনর্ণবা, গাম্ভারী, কটুকা, সারিবা বিশেষ, রাজসর্ষপ, কাকোলী।

কৃষ্ণাগুরু, কালাগুরু, কৃষ্ণবর্ণ সুগন্ধি কাষ্ঠ বিশেষ ; (গুণ) কটু, উষ্ণ, তিক্ত, লেপনে শীতল, পানে পিত্তহর, কাহারও মতে ত্রিদোষঘ্ন।

কৃষ্ণাঞ্জনী, কালাঞ্জনী বৃক্ষ

কৃষ্ণাভা, কালাঞ্জনী।

কৃষ্ণামিষ, কৃষ্ণায়স।

কৃষ্ণায়স, কৃষ্ণবর্ণ লৌহ, তিথা।

কৃষ্ণার্জক, কালতুলসী ; (গুণ) কটু, উষ্ণ, কফ বাতরোগ ও নেত্ররোগনাশক, রুচি ও সুখ প্রসবকর।

কৃষ্ণালু, নীল আলু।

কৃষ্ণাবাস, অশ্বত্থ বৃক্ষ।

কৃষ্ণিকা, রাই সর্ষপ।

কৃষ্ণেক্ষু, কাজুলা আক ; (গুণ) তিক্ত, পাকে মধুর, স্বাদু, সন্তুদা, কটু, রসাঢ্য, ত্রিদোষহর, বহুবীর্য্য ও সুবর্ণদাতা।

কৃষ্ণোড়ুম্বুরিকা, কাকোড়ুম্বরিকা।

কেওলিন, সিলিকেট অফ এলুমিনা ; চিনাবাসন প্রস্তুতের কর্দ্দম।

কেচুক, কচু।

কেজিন, (Casein) দুগ্ধের যবক্ষারযান বিশিষ্ট সারভাগ।

কেটেল বয়েলিং সাউণ্ড, (Kettle boiling sound) যক্ষ্মারোগের আরম্ভাবস্থায় বক্ষঃস্থলের মধ্যে এক প্রকার সপ্‌ সপ্‌ শব্দ হয়, সেই শব্দের নাম।

কেতকী, কেয়াগাছ ; (গুণ) মধুর, তিক্ত, কফনাশক, কটু ও লঘু ; (ফুলের) বর্ণ্য, কেশদৌর্গন্ধ্যনাশক ; (সোনার বর্ণ কেতকের গুণ) মদনোন্মাদক, বৃংহনক ও সুখকর।

কেতিসা, কমলাগুঁড়ি।

কেদর, বৃক্ষবিশেষ।

কেদারকটুকা, কটুকী, কট্‌কী।

কেদারজ, পদ্মকাষ্ঠ।

কেন্দু, তিন্দুক বৃক্ষ, গাব।

কেফিন, কফির উপক্ষার।

কেমিক্যাল, (Chemical) রাসায়নিক।

কেমিষ্ট, (Chemist) রসায়নশাস্ত্রবিৎ।

কেমিষ্ট্রী, (Chemistry) রসায়ন শাস্ত্র।

কেমুক, কেঁউবৃক্ষ; (মূলের গুণ) কফপিত্ত-নাশক, রোচক, অগ্নিদীপক, কটু, পাকে তিক্ত, গ্রাহী, শীতল, লঘু, পাচক, হৃদ্য, জ্বর কুষ্ঠ কাস ও মেহ রোগ নাশক।

কেরিনা, (Carina) পুষ্পের ক্ষুদ্র দলদ্বয় মিলিত হইয়া নৌকার ন্যায় যে অংশ প্রস্তুত হয়।

কেরিস, (Caris) অস্থিক্ষত।

কেল্প, (Kelp) সামুদ্রিক উদ্ভিদ্ বিশেষের ভস্ম হইতে উৎপন্ন একপ্রকার অপরিষ্কার ক্ষার।

কেলিক, অশোক বৃক্ষ।

কেলিবৃক্ষ, কেলিকদম্ব বৃক্ষ।

কেবল দ্রব্য, মরিচ।

কেবিকা, পুষ্পবিশেষ; (গুণ) মধুর, শীতল, দাহ পিত্ত শ্রম বাতশ্লেষ্মা রোগ পিত্ত ও ছর্দ্দি বিনাশক।

কেবুক, কেয়া পুষ্প।

কেশ, হ্রীবের, বালা।

কেশকার, ইক্ষুভেদ (হিন্দী) কুসিয়ার।

(গুণ) শীতল এবং রক্ত পিত্ত ক্ষয় নাশক।

কেশঘর্ষণ ধ্বনি (Crepitation) "ক্রেপিটেশন" দেখ।

কেশট, শোণক বৃক্ষ।

কেশনাম, বালা।

কেশপর্ণী, অপামার্গ।

কেশমথনী, শমী বৃক্ষ।

কেশমুষ্টি, বিষমুষ্টি বৃক্ষ, মহানিম্ব।

কেশর, কিঞ্জল্ক।

কেশর, নাগকেশর বৃক্ষ, বকুল বৃক্ষ, পুন্নাগ বৃক্ষ, সিংহজটা, হিঙ্গু বৃক্ষ।

কেশরঞ্জন, ভৃঙ্গরাজ বৃক্ষ।

কেশরাজ, শাকভেদ, কেশুরিয়া; (গুণ) অগ্নিকর, কেশ ও চক্ষুর হিতকর; পাণ্ডু ও কফনাশক এবং রসায়ন।

কেশরাম্ল, মাতুলুঙ্গক বৃক্ষ।

কেশরী, পুন্নাগবৃক্ষ, নাগকেশর বৃক্ষ, বীজ-পূরক বৃক্ষ।

কেশরুহা, ভদ্রদন্তিকা বৃক্ষ।

কেশরূপা, বন্দাক বৃক্ষ।

কেশব, পুন্নাগবৃক্ষ।

কেশবর্দ্ধিনী, সহদেবী লতা।

কেশবায়ুধ, আম্রবৃক্ষ।

কেশবালয়, অশ্বত্থ বৃক্ষ।

কেশবাবাস, অশ্বত্থ বৃক্ষ।

কেশহন্ত্রী, শমীবৃক্ষ।
কেশারুহা, সহদেবী।
কেশার্হা, মহানীলী।
কেশিকা, শতাবরী।
কেশিনী, জটামাংশী, চোরপুষ্পী।
কেশী, ভুতকেশীবৃক্ষ, অজলোমা,
কেশ্য, কেশবর্দ্ধক ; (বৈদ্যকে) কৃষ্ণাগুরু, ভৃঙ্গরাজ।
কেসর, হিঙ্গু, নাগকেশর বৃক্ষ, বকুল বৃক্ষ, কিঞ্জল্ক, পুন্নাগ বৃক্ষ।
কেসরবর, কুঙ্কুম।
কেসরাম্ল, বীজপুরা।
কেসরিকা, সহদেবী লতা।
কেসরী, নাগকেশর, রক্তশিগ্রু, পুন্নাগ-বৃক্ষ।
কৈটজ, কুটজবৃক্ষ।
কৈটর্য্য, কটফল।
কৈটর্য্যপার্ব্বত, ঘোড়ানিম্ব।
কৈড়র্য্য, কটফল, পূতিকরঞ্জ, কটভীবৃক্ষ।
কৈতক, কেতকী পুষ্প।
কৈদর্য্য, মহানিম্ব।
কৈদার, শালিধান্য।
কৈরব, কুমুদ, শ্বেতোৎপল।
কৈরবী, মেথিকা।
কৈরাটক, স্থাবর বিষবিশেষ।
কৈরাত, ভুনিম্ব, শম্বরচন্দন।
কৈরাল, বিড়ঙ্গ।
কৈরালী, বিড়ঙ্গা।
কৈবর্ত্তমুস্ত, কৈবর্ত্তমুস্তক, কেশুর।
কৈবর্ত্তিকা, মালবে প্রসিদ্ধ লতাবিশেষ ; (গুণ) লঘু, বৃষ্য, কষায়, কফ কাশ শ্বাস ও মন্দাগ্নি দোষ নাশক।
কৈবর্ত্তিমুস্তক, কেওটমুথা, কেশুর ; (গুণ) কটু, উষ্ণ, কফ বায়ু ব্রণ দাহ আমশূল রক্তদোষ নাশক, হিম, তিক্ত, কষায়, কান্তিদায়ক, পিত্ত বিষর্প কুষ্ঠ কণ্ডু বিষ নাশক।
কৈবল, বিড়ঙ্গ।
কৈশিকা, (Capillary) কেশের ন্যায় সূক্ষ্ম সূক্ষ্ম নাড়ী, এই নাড়ী দ্বারা ধমনী ও শিরাদিতে রক্ত রসাদি সঞ্চালিত হইয়া থাকে।
কৈশিক বায়ুনালী ভুজপ্রদাহ, (Capillary bronchietis) বায়ুনলীভূজের সূক্ষ্ম সূক্ষ্ম প্রশাখার প্রদাহ।
কোইটস্, (Coitus) মৈথুন, সঙ্গম।
কোক, খর্জ্জুরী বৃক্ষ।
কোকা, দক্ষিণ আমেরিকাস্থ গুল্ম-বিশেষ।
কোকনদ, রক্তকুমুদ, রক্তপদ্ম।
কোকাগ্র, সমষ্ঠিল বৃক্ষ।
কোকিল চঞ্চু অস্থি, (Coccyx) পৃষ্ঠবংশের

নিম্নে ত্রিকাস্থির শেষ প্রান্তস্থিত কোকিলের চঞ্চুর ন্যায় ক্ষুদ্র অস্থি।

কোকিলনয়ন, কোকিলাক্ষ বৃক্ষ।

কোকিলাবাস, আম্রবৃক্ষ।

কোকিলাক্ষ, কুলিয়াখাড়া, তালমাখানা; (গুণ) আমবাত বাতরক্তরোগ নাশক, মধুর, শীতল, পিত্তাতিসার নাশক এবং সন্তর্পক।

কোকিলাক্ষক, কুলিয়াখাড়া।

কোকিলেষ্টা, মহাজম্বু।

কোকিলেক্ষু, কৃষ্ণেক্ষু।

কোকিলোৎসব, আম্রবৃক্ষ।

কোট, (Coat) আবরণ।

কোটি, পৃক্কা, পিড়িঙ্গ শাক।

কোটিডিয়ন, (Quotidion) ঐকাহিক জ্বর।

কোটিবর্ষা, পিড়িঙ্গ শাক।

কোটিলিডন, (Cotyledon) বীজদল, প্রথম পত্র; বাটীর ন্যায় আকার বিশিষ্ট নাড়ীময় অংশ।

কোটিলিডন অম্বিলিকস্, নেভেল ওয়ার্ট, ক্ষুপবিশেষ।

কোঠ, চক্রাকার কুষ্ঠরোগ, চর্ম্মদূষিকা, আমবাত রোগ, (Urticaria Evonic); মণ্ডলাকার কণ্ডূযুক্ত আরক্ত চর্ম্মরোগ বিশেষ; ইহা একটু পরেই মিলিয়া যায়, কিন্তু পুনরায় প্রকাশ পায়।

কোডাইয়া, আফিঙ্গের বীর্য্য বিশেষ।

কোথ, নেত্ররোগবিশেষ, (Gangrene) জীবিত দেহের মাংস পচিয়া যাওয়া।

কোদ্রব, কোদধান্য; (গুণ) মধুর, তিক্ত, ব্রণীদিগের পথ্য, রুক্ষ্ম, কফ পিত্তহর এবং মোহকর; (নূতনের গুণ) গুরু, পরম গ্রাহী, বাতল।

কোনয়েড, (Conoid) শুণ্ডাকার।

কোনায়ম ম্যাকিউলেটম, স্পটেড হেমলক, বিষবৃক্ষ বিশেষ।

কোনিয়াই ফোলিয়া, হেমলক লিভ, হেমলকের পত্র। এই বৃক্ষ ইউরোপে জন্মে, ইহার পত্রকে পটাশের জলে চুবাইলে "কোশয়া" নামে তৈলবৎ বীর্য্য পাওয়া যায়। ইহার ক্রিয়া মাদক, নিদ্রাকর, টান ও বেদনা নিবারক,—কাহার মতে শোষক। নিদ্রা করাইবার জন্ম কাশ রোগে, বেদনা নিবারণ জন্ম বাতাদিতে, টান নিবারণ জন্ম শ্বাসরোগে, ক্ষতাদিতে প্রলেপ বা পোল্‌টিসরূপে ব্যবহৃত হয়। চূর্ণের মাত্রা, ২ হইতে ৪ গ্রেণ। অধিক মাত্রায় সেবন করাইলে হস্তপদাদির খেঁচুনী,

প্রলাপ ও অচৈতন্যজনিত মৃত্যু হইয়া থাকে।

কোনিয়াই ফ্রক্টস্, হেমলক ফ্রুট।

কোপনক, চোরক নামা গন্ধদ্রব্য।

কোপলতা, কর্ণস্ফোটা লতা।

কোপেবা, বৃক্ষবিশেষের তৈল ও ধুনা-বিশিষ্ট রস ; (গুণ) উষ্ণ, সারক, মূত্রকর, মৃদু বিরেচক এবং শ্লেষ্মা-নিঃসারক,মেহ শ্বেতপ্রদর অর্শ রক্তাতি-সার ও পুরাতন কাশাদি রোগে ব্যবহার্য্য। মাত্রা ১০ বিন্দু হইতে ১ ড্রাম।

কোমলক, মৃণাল।

কোমলতালু, (Soft palate) অস্থিময় তালুকার পশ্চাৎভাগে আলম্বিত কোমলাংশ।

কোমলা, ক্ষীরিকা।

কোমা, (Coma) তন্দ্রাদোষ, অচৈতন্য, কেশগুচ্ছ।

কোমা ভিজিল, (Coma Vigil) জ্বরাদি রোগে উন্মীলিত নেত্রে অচেতন বা উদাসীন অবস্থা ; এই অবস্থা প্রায়ই মৃত্যুতে পরিণত হয়।

কোমেটাস্, (Comatose) কোমাযুক্ত বা কোমাসম্বন্ধীয়, অচেতন।

কোরয়েড, (Choroid) কোরিয়নের ন্যায় বহুল রক্তবহা নাড়ীময়, চক্ষুর দ্বিতীয় পটল বা পরদা।

কোরক, কঙ্কোলক, মৃণাল, চোরক নামক গন্ধদ্রব্য।

কোরঙ্গী, সূক্ষ্মেলা, পিপ্পলী।

কোরদূষ, কোদ্রব, কোদ ধান্য।

কোরাই ডেলিস্ ফরমাসা, টর্কি করণ, মার্কিণ ক্ষুপ বিশেষ।

কোরাইজা, (Coryja) মস্তকের প্রতি-শ্যায়, মাথার সর্দ্দি।

কোরাইয়ম, (Corium) প্রকৃত চর্ম্ম ; উপ-ত্বক দূরীভূত হইলে শ্লৈষ্মিক ঝিল্লির যে অংশ অবশিষ্ট থাকে।

কোরাকয়েড, (Coracoid) স্কন্ধাস্থির কাকচঞ্চুবৎ প্রবর্দ্ধন, কাকচঞ্চুবৎ।

কোরিম্বসা, (Corymbosa) দলবদ্ধ।

কোরিয়ন, (Chorion) গর্ভস্থ ভ্রূণের বাহ্যাবরণ ঝিল্লি, ; বীজাবরণ।

কোরিয়াণ্ড্রাই ফ্রক্টস, কোরিয়াণ্ডার ফ্রুট, ধন্যা।

কোরেলিয়ম রুব্রম, কোরাল, প্রবাল।

কোলিন সোনিয়া ক্যানেডেন্সিস, ষ্টোন রূট, মার্কিন ক্ষুপ বিশেষ।

কোয়াইনা,কুইনাইন,সিঙ্কোনার উপক্ষার। আমেরিকার "পেরু" অঞ্চলে সিঙ্কোনা নামে বৃক্ষ জন্মে। ইহা তিন জাতীয় ;

পীতবর্ণ ত্বকবিশিষ্ট বৃক্ষের ছালে কুইনাইন প্রস্তুত হয়। এইরূপ পীত-ত্বক ৭ পাউণ্ড, গন্ধক দ্রাবক ৯ আউন্স, পাশবাঙ্গার চূর্ণ ২ আউন্স; হাইড্রেটেড অক্সাইড অফ লেড, সলিউসন অফ য়্যামোনিয়া ও পরিস্রুত জল প্রয়োজন মত লইতে হয়। ক্রিয়া,—বলকারক, জ্বরঘ্ন, পর্য্যায়-ক্রমে যে রোগের আক্রমণ হয়, তন্নিবারক রোগের বিরামকালে ইহার ব্যবহার হইয়া থাকে। বহুদিবস সেবনে শিরঃপীড়া ও শ্রবণেন্দ্রিয়ের পীড়া জন্মে। মাত্রা ১ হইতে ৩ গ্রেণ; পালাজ্বরে কথন কথন ১০ হইতে ২০ গ্রেণ পর্য্যন্ত ব্যবহার্য্য। জ্বর আসিবার পূর্ব্বে প্রয়োগ করিতে হয়।

কোয়াইনিডিয়া কার্থেজিনা, বার্কের বীর্য্য।

কোয়াইনি সলফস, সলফেট অফ কোইয়াইনা বা কুইনাইন।

কোয়াইনি আর্সেনিয়স, আসিনাইড অফ কুইনাইন।

কোয়াগিউলা, ( Coagula ) সংযত রক্তাদি।

কোয়াগ্যুলেবল লিম্ফ, (Coagulable Lymph) ক্ষতাদিতে যে লসিকা সঞ্চিত ও সংযত হইয়া পরে চিপিটিকারূপে পরিণত হয়।

কোয়াণ্টম সফিসিট, (Quantum Sufficit) প্রচুর পরিমাণ, ইহার সঙ্কেতিক চিহ্ন Q. S.

কোয়াণ্টিটেটিভ, (Quantitative) মিশ্র-পদার্থের উপাদানের পরিমাণ সম্বন্ধীয়।

কোয়াড্রি, (Quadri) চারি বা চতুর্গুণ জ্ঞাপক পূর্ব্বপদ।

কোয়াড্রি-ল্যাটারল, ( Quadrilateral ) চতুর্ভুজ।

কোয়াম, (Qualm) বিবমিষা, গা বমি বমি করা।

কোয়ালিটেটিভ, (Qualitative) পদার্থের উপাদানের গুণ সম্বন্ধীয়।

কোয়ারক্স কর্টেক্স, ওকবার্ক, ইউরোপীয় বৃক্ষবিশেষের বল্কল।

কোয়্যাক, (Quack) মূর্খবৈদ্য, হাতুড়ে বৈদ্য।

কোয়াসি লিগনম, কোয়াসিয়া উড, বৃক্ষ বিশেষের কাষ্ঠ। জ্যামেকা দ্বীপে এই বৃক্ষে জন্মে। ইহা বলকারক, নানা প্রকার রোগ হইতে আরোগ্য জন্য ব্যবহৃত হয়; মাত্রা ১০ গ্রেণ হইতে অর্দ্ধ ড্রাম।

কোল, (Coal) পাথুরিয়া কয়লা ; (বৈদ্যকে) বদরী ফল, কুল ; (গুণ) অম্ল বায়ু ও কফ নাশক; (পক্ক কুলের গুণ) বায়ু-পিত্ত নাশক এবং সারক ;(শুষ্ক কুলের গুণ) কফ ও বায়ু নাশক, পিত্ত-বিরোধী ; ( পুরাতন কুলের গুণ ) শ্রম তৃষ্ণা নাশক, স্নিগ্ধ এবং লঘু।

কোলক, অঙ্কোট বৃক্ষ; বহুবার বৃক্ষ, কাঁকলা, মরিচ ।

কোলকন্দ, মহাকন্দ বিশেষ, পুটকন্দ ; (গুণ) কটু, উষ্ণ, কৃমিদোষনাশক, কান্তি বিচ্ছর্দ্দি প্রশমক, বিষদোষ নিবারক।

কোলকর্কটিকা, মধু, খর্জু রিকা।

কোলদল, নখীনামক গন্ধদ্রব্য।

কোলনাশিকা, বঙ্কিণী নামক বৃক্ষ।

কোলমূল, পিপ্পলীমূল।

কোলবল্লী, গজপিপ্পলী, চঁই।

কোলশিম্বী, আলকুশী লতা; (গুণ) বায়ুনাশক, গুরু, উষ্ণ, কফ এবং পিত্তকর।

কোলন, (Colon) অন্ধান্ত্র হইতে সরলান্ত্র পর্য্যন্ত বৃহদন্ত্রের অংশ, স্থূলান্ত্র।

কোলষ্ট্রম, (Colostrum) প্রসবের পর প্রথমোৎপন্ন স্তন্য।

কোলা, কোলি বৃক্ষ, পিপ্পলী, চঁই।

কোলাইটিস্, (Colitis) কোলন বা স্থূলান্ত্রের প্রদাহ।

কোলি, ( Chole ) পিত্ত ; ( বৈদ্যকে ) কুলগাছ, কর্কন্ধু, বদরী।

কোলিইক, ( Choleic ) পিত্ত-সংক্রান্ত।

কোলিমিয়া, (Cholæmia) রক্তে পিত্তাধিক্য।

কোলিরিয়ম, ( Chollyrium ) অঞ্জন, কজ্জল, চক্ষুতে প্রয়োগ জন্য ধৌত অর্থাৎ দ্রব ঔষধ।

কোলেগগ, (Cholagogue) পিত্তনিঃসারক ঔষধ।

কোলেষ্টিরিণ, (Cholesterine) রক্তপিত্ত মস্তিষ্কাদিতে স্থিত শুভ্র চিক্কণ এক প্রকার স্বাদগন্ধহীন পদার্থ।

কোল্যা, পিপ্পলী।

কোল্যাটারাল,(Colatteral) আনুসঙ্গিক, সহবর্ত্তী।

কোবিদার, রক্তকাঞ্চন বৃক্ষ; (গুণ) কষায়, সংগ্রাহী, ব্রণরোপক, দীপক, কফ বাত মূত্রকৃচ্ছ্র নাশক ; ( ফলের গুণ ) ধারক, রুচিকর, রক্তপিত্ত রোগে সুখপথ্য।

কোশকার, ইক্ষু।

কোশফল, কঙ্কোলক।

কোশফলা, মহাকোশাতকী, পীত ঝিঙ্গা, ত্রপুষী।

কোশাতকী, পটোলী, ঝিঙ্গা; (গুণ) শীতল, কটু, কষায়, বাত পিত্ত কফ নাশক, মল ও আধ্মান বিশোধন।

কেশাম্র, ফলবৃক্ষ বিশেষ,কেশাম; (ফলের গুণ) গ্রাহী, বাতঘ্ন, অম্ল, উষ্ণ, গুরু, পিত্তকর; (পাকা ফলের গুণ) মধুর, অম্ল, দীপক, রুচিকর,পুষ্টি ও বলকর; (তৈলের গুণ) সারক, কৃমি কুষ্ঠ ব্রণ নাশক, অম্ল, মধুর, বলকর, পথ্য, রোচক এবং পাচক।

কেষিলা, মুদ্গপর্ণী।

কোষ, (Cell) অনুবীক্ষণ যন্ত্র দ্বারা প্রত্যক্ষ হইবার যোগ্য অবরুদ্ধ মুখ একপ্রকার ক্ষুদ্র থলি। (বৈদ্যক) কুঁড়ি, জাতি· কোষ, জায়ফল, মুষ্ক।

কোষকার, ইক্ষুবিশেষ, কুশারি; (গুণ) গুরু, শীতল, রক্তপিত্তক্ষয়নাশক।

কোষফল,কঙ্কোল,ঘোষকলতা,পীতঘোষা।

কোষবৃদ্ধি, কুরণ্ডরোগ।

কোষাতকী, ঘোষালতা ;(গুণ) কফ ও অর্শ নাশক; (পক্বফলের গুণ) আমাশয় শুদ্ধিকর।

কোষার্ব্বুদ, (Encysted Tumour) থলি- য়ার ভিতরস্থিত আব।

কোষাম্র, ফলবিশেষ, কেওড়া ফল; (গুণ) বায়ু ও কফনাশক,অগ্নিদীপক ও মল- বন্ধকর।

কোষী, আম্রবৃক্ষ।

কোষ্ঠ, আমাশয়, অগ্ন্যাশয়, পক্বাশয়, মূত্রা- শয়, রক্তাধার, হৃদয়, উণ্ডুক ও ফুস্ ফুস্।

কোষ্ঠক, (Tub) স্নানার্থ কাষ্ঠাদিনির্ম্মিত পদার্থ, গামলা।

কোর্স, (Course) রোগের গতি; স্ত্রী- লোকের রজঃ।

কোহল, মদ্যবিশেষ।

কোহিসন, (Cohesion) যোগাকর্ষণ।

কৌচিলা, কুচিলা।

কৌট, কুটজ বৃক্ষ, কুড়চি।

কৌটিল্য, চাণক্য মূলক।

কৌদ্রবিক, সৌবর্চ্চল লবণ।

কৌন্তী, রেণুকানামক গন্ধদ্রব্য।

কৌন্তেয়, অর্জ্জুন বৃক্ষ।

কৌমারী, বরাহীকন্দ।

কৌলিক, (Hereditary) বংশপরম্পরা- গত, পৈতৃক।

কৌলিরা, কর্কটশৃঙ্গী।

কৌবল, কূবল, কোলিফল, কূল।

কৌবের, কুষ্ঠ, কুড়।

কৌশিক, অশ্বকর্ণ বৃক্ষ, গুগ্গুল।

কৌশিক ফল, নারিকেল ফল।
কৌশিক্যোজ, শাখোট বৃক্ষ।
কৌষেয়, (Cellulor) কোষময়।
কৌষিক ঝিল্লী, (Cellulor Tissue) ক্ষুদ্র ক্ষুদ্র কোষময় জালের আকার ঝিল্লী।
কৌসুম, কুসুমাঞ্জন।
কৌসুম্ভ, আরণ্য কুসুম্ভ।
ক্যাকহেক্সিয়া, (Cachexia) রক্ত দূষিত হইয়া সর্ব্বাঙ্গীন বিকৃত হওয়া, শারীরিক বিকার, ধাতুবিকৃতি।
ক্যাকোট্রফি, (Cacotrophy) অসম্যক পরিপোষণ।
ক্যাংক্রম ওরিশ, (Cancrom oris) মুখের পচা ঘা।
ক্যাংক্রয়েড, (Cancroid) কর্কটাকার।
ক্যাটাপ্লাজ্মা, (Cataplasma) পুল্‌টিস্‌।
ক্যাক্‌টস গ্রাণ্ডিফেরাস, নাইট ব্লুমিং সিরিয়স, মার্কিন ক্ষুপবিশেষ।
ক্যাটামেনিয়া, (Catamania) স্ত্রীরজঃ।
ক্যাটার, (Catarrh) প্রতিশ্যায়, সর্দ্দি।
ক্যাটারাক্ট, (Cataract) চক্ষের ছানি বা কুলিরোগ, মন্থ, দগ্ধদৃষ্টি।
ক্যাটালিটিক, (Catalytic) অন্তরুৎসেবনবৎ।
ক্যাটালেপ্সী, (Catalepsy) নিস্পন্দ বায়ুরোগ, ইহাতে কিছু কালের জন্য শারীরিক ও মানসিক ক্রিয়া স্তব্ধীভূত থাকে।
ক্যাটিকিউ, (Caticue) খদির,খয়ের। ইহা দুই জাতীয়, ক্যাটিকিউ নাইগ্রাম— কৃষ্ণখদির,এবং ক্যাটিকিউ প্যালিডম— পাণ্ডু খদির। ইহার গুণ সাধারণতঃ সংকোচক।
ক্যাডমিয়ম, (Cadmium) দস্তার ন্যায় একপ্রকার ধাতু।
ক্যাডুকস্‌,(Caducus) মুকুল বাহির হইলেই যাহাদের পাতা পড়িয়া যায়।
ক্যাডেভার, (Cadaver) মৃতদেহ।
ক্যাডেভারাস, ( Cadaverous ) মৃতদেহের ন্যায় বর্ণ।
ক্যাথারটিক,(Catherti[illegible]) রেচক, ভেদক, যে সকল ঔষধ খাইলে দাস্ত হয়।
ক্যাথিটার, (Catheter) মূত্রনিঃসরণার্থ ছিদ্রযুক্ত একপ্রকার শলাকা।
ক্যান্সার, (Cancer) একপ্রকার দূষিত অর্ব্বুদ, কর্কট রোগ।
ক্যান্সেলাই, (Cancelli) অস্থির মধ্যভাগের বহুসংখ্যক ছিদ্র।
ক্যান্সেলাস ও ক্যান্সেলেটেড, (Cancellus and Cancellated) ক্যান্সেলইবিশিষ্ট।
ক্যানাইন টীথ, (Canine teeth) মাংস-

ভোজী পশুদিগের সূক্ষ্মাগ্র ও ছেদক দন্ত।

ক্যানাল, (Canal) তরল পদার্থ বাহী শরীরস্থ নলী।

ক্যানিলি য়্যাল্‌বিকর্টেক্স ক্যানেলা, এলবা বার্ক।

ক্যানেবিস ইণ্ডিকা, (Indian Hemp) ইণ্ডিয়ান হেম্প, গাঁজা; (গুণ) উষ্ণকারক, মাদক, বেদনা নিবারক, দৌর্ব্বল্যকর, বাত ও ওলউঠা ধনুষ্টঙ্কার হাইড্রোফোবিয়া অর্থাৎ উন্মত্ত জন্তুদংশনে যে রোগ উৎপন্ন হয় সেই সকল রোগে ব্যবহার্য্য।

ক্যান্থাস, (Canthus) চক্ষুর পাতার প্রান্তস্থিত গহ্বর, চক্ষুর কোণ।

ক্যান্থেরিস, (Cantharis) স্পেনদেশজ একপ্রকার মক্ষিকা; ফোস্কা উৎপাদনার্থ সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। তেলেনী মাছী।

ক্যাপট, (Caput) মস্তক।

ক্যাপট কোলাই, (Caput coli) স্থূলান্ত্রের মাথা।

ক্যাপ্‌সিকম, (Capsicum) লঙ্কামরিচ, রেড পিপার।

ক্যাপসিউল, (Capsule) থলির ন্যায় ঝিল্লী, কোষ, বীজকোষ।

ক্যাপসিউলার, (Capsular) কোষবিশিষ্ট।

ক্যাপ্সিসাই ফ্রক্টস্‌, ক্যাপ্সিকম ফ্রুট, লঙ্কামরিচ।

ক্যাপ্সেলা বার্সা পেষ্টোরিস, সেপার্ডস্ পার্শ।

ক্যাপাসিটী, (Capacity) ধারণাশক্তি।

ক্যাপিটিউলম, (Capitulum) শিরোনিভ, অস্থির মস্তকাকার প্রবর্দ্ধন।

ক্যাপিটেলম,(Capitellum) ক্ষুদ্র মস্তকাকার অংশ।

ক্যাপিলারী, (Capillary) কেশের ন্যায়।

ক্যাপিলারী ভেসেল্‌স, (Capillary vessels) শরীরের অভ্যন্তরে কেশের ন্যায় সূক্ষ্ম সূক্ষ্ম নাড়ী, কৈশিকা।

ক্যাফিন, (Caffein) কাফি বা কাওয়ার বীর্য্য।

ক্যাভারনস রেল, (Cavernous rale) কান্দরিক শব্দ, ফুস্‌ফুসের গহ্বরজ শব্দ।

ক্যাভিটী, (Cavity) গহ্বর; শরীরের কোন স্থানে স্বাভাবিক বা রোগ কর্ত্তৃক যে গর্ত্ত হয়।

ক্যাম্ফোরা, (Camphora) কর্পূর।

ক্যাম্বোজিয়া, গ্যাম্বোজ, গঁদের বৃক্ষ।

ক্যামোমিলা, মেট্রিকেরিয়া, মেট্রিকেরিয়া

ক্যামোমিলা, বৃক্ষবিশেষ। রেচক ও রজঃস্রাবকারী।

ক্যারঙ্কল, (Caruncle) সহজে বা রোগ কর্তৃক জন্মে এরূপ মাংসময় উদ্ভেদ।

ক্যারঙ্কিউলি, (Carunculæ) ক্যারঙ্কল শব্দের বহুবচন।

ক্যারঙ্কিউলি মর্টিফরমিস্ (Carunculæ myrtiformis) যোনির মুখে ক্ষুদ্র ক্ষুদ্র লালবর্ণ অর্বুদ।

ক্যারাক্টারষ্টিক্স,(Characterstics)প্রকৃতি-গত বা প্রভিন্নকর লক্ষণ।

ক্যারিওফিলম, ক্লব্স, লবঙ্গ।

ক্যারেওয়ে,(Caraway) ক্যারম, ক্যারুইর বীজ, একপ্রকার সুগন্ধি মসলা।

ক্যারোটিডস, (Carotids) মস্তকে রক্ত-বহনকারী গ্রীবার দুই পার্শ্বে বৃহৎ দুইটী ধমনী।

ক্যাল্‌কস্, লাইম, চূণ।

ক্যাল্‌কস্ ক্লোরেটা, ক্লোরিনেটেড লাইম।

ক্যাল্‌কেরিয়া আইওডেটা, আইওডাইড অফ লাইম।

ক্যালকেরিয়া আর্শেনিকা, আর্শেনেট অফ লাইম।

ক্যালকেরিয়া কার্বনিকা, কার্বনেট অফ লাইম।

ক্যালকেরিয়া ফস্‌ফরেটা, ফস্‌ফেট অফ লাইম।

ক্যালকেরিয়া মিউরিয়েটা, মিউরিয়েট অফ লাইম।

ক্যালকেরিয়া সল্‌ফিউরিকা, সলফেট অফ লাইম।

ক্যালকিউলশ, (Calculus) শিলা, অশ্মরি, মূত্রাশয়, বৃক্ক প্রভৃতিযোগে যে পাতর বা ঝিল্লী উৎপাদিত হয়।

ক্যালকিউলাই, (Calculii) ক্যালকিউলস শব্দের বহুবচন।

ক্যাল্‌কেরিয়া, (Calcaria) চূণ।

ক্যালকেনিয়ম, (Calcaneum) পায়ের গোড়ালীর হাড়, গুল্‌ফাস্থি।

ক্যালমিয়া লেটিফোলিয়া, মাউণ্টেন লর, বৃক্ষবিশেষ।

ক্যালশিয়াই ক্লোরাইডম, ক্লোরাইড অফ লাইম।

ক্যালসিফিকেশন, (Calcification) চূণের ভাব প্রাপ্তি।

ক্যালসিয়ম,(Calsium) চূণের ধাতব মূল।

ক্যালসিস প্রিশিপিটেটা, প্রিশিপিটেড চক, অধঃপাতিত খটিকা।

ক্যালসিস ফসফাস, ফসফেড অফ লাইম।

ক্যালসিস হাইপোফস্ফিস, হাইপোফস্-ফাইট অফ লাইম।

ক্যালাট্রপিস কর্টেক্স, মুদার বার্ক, আকন্দ।

ক্যালি, পটাশ, ক্ষার।

ক্যালি অক্জিলিকম, অক্জেলেট অফ পটাশ।

ক্যালি আইওডেটাম, আইওডাইড অফ পটাশ।

ক্যালি আর্সিনিয়েটম, আর্শেনিয়েট অফ পটাশ।

ক্যালি য়্যাশেটিকম,য়্যাশিটেট অফ পটাশ।

ক্যালি কষ্টিকম, কষ্টিক অফ পটাশ।

ক্যালি কার্বনিকম, কার্বনেট অফ পটাশ।

ক্যালি ক্লোরস, ক্লোরেট অফ পটাশ।

ক্যালি টার্টারিকম,টার্টারেট অফ পটাশ।

ক্যালি নাইট্রিকম, নাইট্রেট অফ পটাশ, যবক্ষার।

ক্যালি পার্মেঙ্গেনম, পারমেঙ্গেনেট অফ পটাশ।

ক্যালি ফেরসায়েনিউরেটম, ফেরসায়েনিউরেট অফ পটাশ।

ক্যালি বাইক্রমিকম, বাইক্রমেট অফ পটাশ।

ক্যালি ব্রোমাইডম, ব্রোমাইড অফ পটাশ।

ক্যালি সল্ফিউরিকম, সল্ফেট অফ পটাশ।

ক্যালি সায়েনিউরেটম, সায়েনিউরেট অফ পটাশ।

ক্যালি হাইড্রিওডিকম, আইওডাইড অফ পটাশ।

ক্যালি হাইপোফস্ফিস, হাইপোফস্ফাইট অফ পটাশ।

ক্যালিক্স, (Calyx) কুণ্ড, পুষ্পের বহিস্থ আবরণ।

ক্যালিপার্শ, ( Callipers ) বস্তিগহ্বরের বহির্দ্দেশ পরিমাণার্থ যন্ত্র বিশেষ।

ক্যালেডিয়ম, উদ্ভিদ বিশেষ।

ক্যালেণ্ডিউলা, মেরিগোল্ড, গাঁদা ফুল।

ক্যালোমেল, (Calomel) সবক্লোরাইড অফ মার্করি, পারা বিশেষ।

ক্যালরিক, (Caloric) উত্তাপ।

ক্যালোসম কর্পস, (Callosum Corpus) যে মেদময় উন্নত অংশ দ্বারা মস্তিষ্কের অর্দ্ধমণ্ডলদ্বয় পরস্পর সংলগ্ন আছে।

ক্যালসিটী, (Callosity) কড়া।

ক্যাষ্টোরিয়ম, ক্যাষ্টার, বীবরের কোষস্থিত পদার্থ বিশেষ।

ক্যাশিয়া, আরগ্বধ, সোঁদালু।

ক্যাস্কারিলি কর্টেক্স, ক্যাস্কারিলা বার্ক।

ক্রকচ, গ্রন্থিল বৃক্ষ।

ক্রকচচ্ছদ, কেতকী বৃক্ষ।

ক্রকচ পত্র, শাকবৃক্ষ।

ক্রকচা, কেতকী।

ক্রকর, করীর বৃক্ষ, উটকাটার বৃক্ষ।

ক্রথনক, শ্বেত অগুরু।

ক্রণিক, (Chronic) পুরাতন, প্রাচীন।

ক্রম, ( Attenuation ) মূল অরিষ্ট বা তৃতীয় শক্তির বিচূর্ণ হইতে যে ঔষধ প্রস্তুত হয় তাহাকে ক্রম কহে। ক্রম দুই প্রকার ; যথা—দ্রবক্রম বা লিকুইড য়্যাটিনুয়েশন, এবং শুষ্কক্রম বা ড্রাই য়্যাটিনুয়েশন। ক্রমকে পোটেন্সী ও ডাইলিউসনও বলিয়া থাকে। মূল ঔষধ হইতে ষষ্ঠ পর্য্যন্ত নিম্নক্রম ; ষষ্ঠ হইতে ত্রিংশ পর্য্যন্ত মধ্য ক্রম ; এবং ত্রিংশ হইতে দুইশত পর্য্যন্ত উচ্চক্রম ; দুই শতের উর্দ্ধসংখ্যায় উচ্চতম ক্রম কথিত হইয়া থাকে।

ক্রমপূরক, বকবৃক্ষ।

ক্রমিকণ্টক, চিত্রাঙ্গ, বিড়ঙ্গ, উড়ুম্বর।

ক্রমিঘ্ন, বিড়ঙ্গ।

ক্রমিজ, অগুরু।

ক্রমিজা, লাক্ষা, মাজুফল।

ক্রমিশত্রু, বিড়ঙ্গ।

ক্রমু, গুবাক বৃক্ষ।

ক্রমুক, গুবাক, ব্রহ্মদারু বৃক্ষ, ভদ্রমুস্তক, কার্পাসিকা ফল, পট্টিকা লোধ।

ক্রমুক ফল, গুবাক।

ক্রমুকা, গুবাক বৃক্ষ।

ক্রুঃস, (Crus) মামড়ি, চম্‌টী, চিপিটিকা।

ক্রষ্টাল্যাক্‌টিয়া, ( Crustalactia ) দুগ্ধ-পীড়কা, শিশুদিগের মস্তকে এক প্রকার পামা রোগ হইয়া থাকে।

ক্রাইকয়েড, ( Cricoid ) অঙ্গুরীয়ের আকার।

ক্রাইনাইর‍্যাডিক্স, ক্রাইনম রূট, সুখ-দর্শন, মূলবিশেষ।

ক্রাইসিস, (Crisis) রোগের সীমা বা চরম, অর্থাৎ আরোগ্য বা মৃত্যুসূচক পরিবর্ত্তন।

ক্রামিরি র‍্যাডিক্স, র‍্যাটানি রূট, মূল-বিশেষ।

ক্রিয়েজোটম, ক্রিয়োজুট, আল্‌কাতরার তৈল।

ক্রিকিং, (Creaking) কড় কড় শব্দ।

ক্রিটিক্যাল এজ, (Critical age) জীবনের সন্ধি সময়।

ক্রিটিক্যাল ডিশ্চার্য্য, ( Critical discharge ) রজোনিবৃত্তিকাল।

ক্রিটিনিজম,(Critinism) গলগণ্ডসহ জড়-বুদ্ধি ও শরীরের বিকৃতি।

ক্রিপ্টোগেমিক প্ল্যাণ্ট, (Cryptogamic plant) অপুষ্পক উদ্ভিদ।

ক্রিব্রিফরম, (Cribriform), ঝাঁজরা বা চালুনীবৎ।

ক্রিম, (Cream) সর।

ক্রিমি, পু, কীট-রোগবিশেষ।

ক্রিমিকণ্টক, ন, কৃমিকণ্টক দেখ।

ক্রিমিঘ্ন, পু, বিড়ঙ্গ, কোলকন্দ, পলাণ্ডু।

ক্রিমিঘ্ন, স্ত্রী, সোমরাজী।

ক্রিমিজ, ন, অগুরু।

ক্রিমিজা, স্ত্রী, মাজুফল, লাক্ষা।

ক্রিমিন্যাল য়্যাবরশন, (Criminal abortion) ভ্রূণহত্যা।

ক্রিমিরিপু, পু, বিড়ঙ্গ।

ক্রিশক্র, পু, রক্তপুষ্পক, পালিতা, মাদার।

ক্রিমিশাত্রব, পু, বিটখদির।

ক্রিম্যাষ্টর, (Cremaster) অণ্ডোত্তোলক পেশী।

ক্রিয়া, (Action) কার্য্য, গুণাগুণ দর্শান; (বৈদ্যকে) স্ত্রী, চিকিৎসা।

ক্রিয়াবিকার, (Functional disorder) শারীরযন্ত্রের ক্রিয়াবৈলক্ষণ্য।

ক্রিয়া-শক্তিবাহিনী স্নায়ু, (Motolary nerves) যে সকল স্নায়ু দ্বারা শরীরের ক্রিয়া বা গতি জন্মে।

ক্রিয়েটীন, (Creatine) পেশী-সূত্র, মূত্র ও রক্তে অবস্থিত সমান অংশে ক্ষার অম্ল যবক্ষারজানবিশিষ্ট পদার্থবিশেষ।

ক্রিষ্টেলাইন্ লেন্স, (Crystaline lens) অক্ষিমুকুর দেখ।

ক্রিষ্টা, (Crista) শিখা।

ক্রিষ্টেলিজেশন, (Crystalisation) যোগাকর্ষণ প্রযুক্ত কোন পদার্থের দানা উৎপাদন। এইরূপ ক্রিয়াকে ভাস্বরতাপাদন বলে।

ক্রিষ্ট্যাল, (Crystal) স্ফটিক।

ক্রুপ, (Croup) স্বরঘ্ন দেখ। এই পীড়া প্রায় বালকেরই হইয়া থাকে।

ক্রুরা, (Crura) জঙ্ঘাকার অঙ্গ, জঙ্ঘা।

ক্রুর‍্যাল, (Crural) উরু বা জঙ্ঘাসম্বন্ধীয়।

ক্রুসিবল, (Crucible) ধাতু প্রভৃতির বিগলন পাত্র।

ক্রুশ্যাল, (Crusal) ঢেরার আকার।

ক্রূর, পু, ভূতাঙ্কুশবৃক্ষ, রক্তকরবীর বৃক্ষ।

ক্রূরকর্ম্মা, পু, কটুতুম্বিনী বৃক্ষ।

ক্রূরগন্ধ, গন্ধক।

ক্রূরগন্ধা, স্ত্রী, কন্থারী বৃক্ষ।

ক্রূরধূর্ত্ত, পু, কৃষ্ণধুস্তুরক, কালধুতুরা।

ক্রূরা, স্ত্রী, রক্তপুনর্ণবা।

ক্রেনিয়ম, (Cranium) করোটী।

ক্রেনিয়্যাল, (Cranial) করোটী সম্বন্ধীয়।

ক্রেপিটস, (Crěpitus) কর্কশ প্রতিঘর্ষণ শব্দ।

ক্রেপিটেশন, (Crepitation) কেশঘর্ষণ-ধ্বনি; চুলে চুলে একত্র ঘর্ষণ করিলে যেরূপ শব্দ হয়। ফুস্‌ফুস্ প্রদাহ

প্রভৃতি রোগে এইরূপ কুড় কুড় শব্দ হইয়া থাকে।

ক্রেপিট্যাণ্টারাল, ( Crepitantaral ) কেশঘর্ষণ শব্দ।

ক্রেষ্ট, (Crest) শীর্ষ, শেখর, শরীরের অস্থি প্রভৃতির উন্নত অংশ।

ক্রোইং, (Crowing) কাকধ্বনিবৎ শব্দ।

ক্রোকস স্যাটাইভাস, স্যাফ্রণ, কঙ্কুম।

ক্রোটন অয়েল, (Croton oil) জয়পালের তৈল। ভারতবর্ষজ বৃক্ষের ফল জয়পাল হইতে নিপীড়ন দ্বারা এই তৈল বাহির হয়। এই তৈল সুরাতে দ্রব হয় না। অত্যন্ত বিরেচক। সংন্যাস রোগে ২।৩ বিন্দু জয়পালের তৈল চিনির সহিত মিশ্রিত করিয়া জিহ্বাগ্রে রাখিলে ভেদ হয়। মাত্রা ১ এক বিন্দু হইতে ৩ তিন বিন্দু পর্য্যন্ত। ( মেটেরিয়া মেডিকা শি, চ, ক )।

ক্রোটন টিগলিয়ম, ক্রোটন বৃক্ষ।

ক্রোটেলম হরিডস, গোক্ষুরা সাপের বিষ।

ক্রোড়, পু, বরাহীকন্দ।

ক্রোড়কন্যা, স্ত্রী, বরাহীকন্দ।

ক্রোড়চূড়া, স্ত্রী, মহাশ্রাবণিকা বৃক্ষ, থুলকুঁড়ি।

ক্রোড়পর্ণী, স্ত্রী, কাটকারিকা।

ক্রোড়ী, স্ত্রী, বরাহীকন্দ।

ক্রোড়েষ্টা, স্ত্রী, মুথা।

ক্রোধমূর্চ্ছিত, পু, চোরনামক গন্ধদ্রব্য।

ক্রোষ্টুক পুচ্ছিকা, স্ত্রী, পৃশ্নিপর্ণী।

ক্রোষ্টু-ধূসর পুচ্ছী, স্ত্রী, পৃশ্নিপর্ণী।

ক্রোষ্টুধূসরপুচ্ছিকা, স্ত্রী, বিছাটী।

ক্রোষ্টুফল, পু, ইঙ্গুদি বৃক্ষ।

ক্রোষ্টুবিন্না, স্ত্রী পৃশ্নিপর্ণী।

ক্রোষ্টেক্ষু, পু, শ্বেতেক্ষু।

ক্রোষ্টী, স্ত্রী, শুক্ল ভূমিকুষ্মাণ্ড, কৃষ্ণবিদারী, লাঙ্গলী।

ক্র্যাম্প, (Cramp) খিল্‌লাগা, খেঁচা।

ক্র্যাসেমেণ্টম, (Crassamentum) রক্তের গাঢ় লোহিতাংশ, ক্লট, তরল পদার্থের তলানি।

ক্রৌঞ্চাদান, ন, মৃণাল, ঘেঞ্চুলী, ঘেঁচু, পিপ্পলী, চিঞ্চোটক, চেঁচকো; (শেষটীর গুণ) গুরু, অজীর্ণকর, শীতল।

ক্রৌঞ্চাদনী, পদ্মবীজ।

ক্লট, ( Clot ) সংযত অর্থাৎ জমাট রক্ত।

ক্লনিক স্প্যাজম, (Clonic spasm) পর্য্যায়ক্রমে শিথিলতা ও সঙ্কোচন বিশিষ্ট আক্ষেপ, পেশীর ঘন ঘন আকুঞ্চন ও প্রসারণ।

ক্লবফুট, (Club foot) জন্মাবধি পদের বক্রতা।

ক্লবহ্যাণ্ড, (ClubHand) বক্রহস্ত।

ক্লাইটোরাইটিস, (Clitoritis) ভগাঙ্কুর, ভগলিঙ্গ।

ক্লাইটোরিজম, (Clitorism) ভগাঙ্কুরের অস্বাভাবিক বৃদ্ধি।

ক্লাইটোরিস মস,(Clitoris mus) ভগাঙ্কুর বৃদ্ধি।

ক্লাইটোরোটমি, (Clitorotomy) ভগাঙ্কুর ছেদ।

ক্লাইনয়েড, (Clinoid) শয্যা বা খট্টাবৎ স্কিনয়েড অস্থির প্রবর্দ্ধন।

ক্লাইম্যাক্স, (Climax) রোগের বৃদ্ধির চরম বা উর্দ্ধতন অবস্থা।

ক্লাইম্যাক্‌টেরিক, (Climacteric) মানবজীবনের সন্ধি সময়; স্ত্রীলোকের রজোনিবৃত্তি কাল।

ক্লাইমেট, (Climate) জলবায়ু, আবহাওয়া।

ক্লিকিং, (Clicking) স্ফোটব শব্দ।

ক্লিনিক্যাল, (Clinical) রোগীর শয্যার নিকটে উপস্থিত থাকিয়া রোগ বা ঔষধাদির বিষয় উপদিষ্ট।

ক্লিষ্টার, -(Clister) মলদ্বারে পিচ্‌কারী।

ক্লিমেটিস্ ইরেক্টা, আপরাইট ভার্জিন্স বাওয়ার, লতাবিশেষ।

ক্লিমেটিস্ ভার্জিনিয়া, ভার্জিন্স বাওয়ার, লতাবিশেষ।

ক্লীতক, যষ্টিমধুকা।

ক্লীতকিকা, নীলীবৃক্ষ।

ক্লেদন, পুং, কফ, পঞ্চবিধ শ্লেষ্মান্তর্গত শ্লেষ্মাবিশেষ।

ক্লেপ্টোমেনিয়া, (Cleptomania) চৌর্য্য-প্রবৃত্তি বিশিষ্ট উন্মাদ।

ক্লেভাস হিষ্টিরিকস, (Clavus Hystericus) কপালে পেরেক বেধনবৎ তীব্র বেদনা।

ক্লেভিক্যাল, (Clavical) কণ্ঠাস্থি।

ক্লেভিকিউলার, (Clavicular) কণ্ঠাস্থি-সম্বন্ধীয়।

ক্লোম, (Pancreas) পাকাশয়ের নিম্নস্থিত গ্রন্থির আকার যন্ত্রবিশেষ; ইহা হইতে রস ক্ষরিত হইয়া পরিপাক ক্রিয়ার সাহায্য করে। (বৈদ্যকে) ফুস্‌ফুস্, পিপাসাস্থান।

ক্লোরম, ক্লোরিণ।

ক্লোরোফিল, (Chlorophyl) যে বর্ণক পদার্থ দ্বারা পত্র হরিদ্বর্ণ হয়।

ক্লোরোসিস, (Chlorosis) হরিৎ পীড়া, মৃৎপাণ্ডু।

ক্লোরাল হাইড্রেট, হাইড্রেট অফ ক্লোরাল।

ক্লোরোডাইন, (Chlorodyne) পেটেণ্ট ঔষধ; বিষূচীকা রোগের প্রারম্ভে ব্যবহার্য্য।

ক্লোরোফরম, (Chloroform) ক্লোরিনেটেড লাইম ৪ পাউণ্ড, পরিশ্রুত জল ১০ পাইণ্ট, শোধিত সুরা অর্দ্ধ পাইণ্ট একত্র মিশাইয়া কাচের বকযন্ত্রে রাখিয়া বালুকা যন্ত্রের সন্তাপ দ্বারা চুয়াইতে হইবে। ঐরূপে চুয়াইয়া যাহা পাওয়া যাইবে, তাহাতে চতুর্গুণ পরিশ্রুত জল মিশাইয়া নাড়িবে। পরে অধস্থ ভারী জলীয়াংশকে পৃথক করিয়া উহাতে ক্লোরাইড অফ ক্যালসিয়ম ১ ড্রাম মিশ্রিত করিবে এবং এক ঘণ্টা পর্য্যন্ত নাড়িবে। পরে পুনর্ব্বার কাচের বকযন্ত্রে রাখিয়া চুয়াইয়া লইবে। পরে ২।৩ বার পরিশ্রুত জলসংযোগে নাড়িয়া চুয়াইলে ক্লোরোফরম প্রস্তুত হয়। ইহা নির্ম্মল, বিবর্ণ, দৃশ্যে তৈলবৎ, ভারী, ইথারের ন্যায় গন্ধ, তীক্ষ্ণ, কিন্তু ঈষৎ মিষ্টাস্বাদ; ইথার বা সুরাতে দ্রব হয়। জলে অল্প মিশ্রিত হয়, আর তৈল, মোম, কর্পূর, ধুনা, আইওডাইন, ব্রোমাইন প্রভৃতি ইহাতে দ্রব হইয়া থাকে। সন্তাপ দিলে উড়িয়া যায়। ক্রিয়া,—উষ্ণকারক, দৌর্ব্বল্যকর, আক্ষেপ নিবারক, স্বাস্থ্যকর, বেদনা নিবারক, কৃমিনাশক, মাদক, চৈতন্যহারক, অধিক মাত্রায় খাইলে প্রাণ নষ্ট হয়। অস্ত্রচিকিৎসাকালে রোগীকে অচেতন করিবার জন্য ইহার আঘ্রাণ প্রদান করা হয়। শ্বাস কাশ মদাত্যয় ধনুষ্টঙ্কার উন্মাদ প্রভৃতি রোগে ৫ হইতে ১০ বিন্দু মাত্রায় ব্যবহার করা যায়। সুরা কিম্বা গঁদের জল সংযোগে ব্যবহার কর্ত্তব্য।

ক্লোস, (Close) অবরুদ্ধ।

ক্ল্যাসিফিকেশন, (Classification) শ্রেণীবিভাগ।

ক্বাথ, (Dicoction) জলে ফেলিয়া আগুণে সিদ্ধ করিয়া যে সার প্রাপ্ত হওয়া যায়। (বৈদ্যকে) নির্য্যূহ, পাঁচনাদি।

কাথোদ্ভব, ন, তুল্যাঞ্জন।

# খ

খ, ন, অভ্র।

খগ, পু, স্বর্ণমাক্ষিক।

খগবক্ত্র, পু, লকুচ বৃক্ষ।

খগশত্রু, পু, চাকুলিয়া।

খগ্‌গড়, পু, তৃণবিশেষ, খাগড়া।

খজ, পু, দর্ব্বী, হাতা।

খজপ, ন, ঘৃত।

খজল, ন, নীহার, আকাশবারি।

খঞ্জকারী, পু, তেওড়া খেঁসারী।

খঞ্জবিটা, ধান্যবিশেষ; ইহা ত্রিদোষঘ্ন।

খট, পু, কতৃণ।

খটিকা, স্ত্রী, খড়ি, বীরণ, (Chalk) চাখড়ি।

খটিনী, স্ত্রী, খড়ী, বীরণ।

খটী, স্ত্রী, খড়ী।

খট্টাশ, পু, খটাশ, গন্ধগোকুলা।

খড়, ন-পু, লঘুতৃণ, খড়।

খড়িকা, স্ত্রী, কঠিনী, খড়ী।

খড়ী, স্ত্রী, স্বনামখ্যাত শ্বেতবর্ণ মৃত্তিকা-বিশেষ, খটিকা।

খড়্গ, ন, লৌহ।

খড়্গা, পু, চোরনামক গন্ধদ্রব্য।

খড়্গাট, পু, বৃহৎ কাশ, বড় কেশে।

খড়্গাপত্র, খড়্গামার, পু, খড়্গা কোষ-লতা।

খণ্ড, ন, বিটলবণ, ইক্ষুবিকার, খাঁড়; (গুণ) বৃষ্যতম, চক্ষুর দৃষ্টিবর্দ্ধক, বাত পিত্ত নাশক।

খণ্ড, পু, ইক্ষুবিকার, খাঁড়, (Confection) ঔষধ দ্রব্য শর্করার রস বা মধুর সহিত মর্দ্দন করিয়া কর্দ্দমাকার করিলে খণ্ড প্রস্তুত হয়।

খণ্ডক, পু, সিতাখণ্ড।

খণ্ডকর্ণ, পু, শকরকন্দ আলু; (গুণ) কটুপাকী এবং কফপিত্তনাশক।

খণ্ডকালু, ন, আলুবিশেষ।

খণ্ডজ, পু, গুড়, যবাসশর্করা, সিরখেস্ত, ম্যানা।

খণ্ডমোদক, পু, যবাস শর্করা, শিরখেস্ত, ম্যানা।

খণ্ডলবণ, ন, বিটলবণ।

খণ্ডশাখা, স্ত্রী, মহিষবল্লী।

খণ্ডসর, পু, ম্যানা।

খণ্ডিক, পু, কলাই।

খণ্ডী, ন-পু, বনমুদ্গ।

খণ্ডীর, পু, পীতমুদ্গ।

খদিকা, স্ত্রী, লাজা, খই।

খদির, পু, স্বনামখ্যাত বৃক্ষ, খয়ের গাছ; (গুণ) তিক্ত, শীতল, কফ পিত্ত কুষ্ঠ কাস

রক্ত শোথ কণ্ডূ ও ব্রণ নাশক, পাচক, বিসর্প বেদনা মেহ মেদ নাশক।

খদিরপত্রিকা, স্ত্রী, অরি খদির, লজ্জালু-লতা।

খদিরা, স্ত্রী, লজ্জালুলতা।

খদিরিকা, স্ত্রী, লাক্ষা।

খদিরী, স্ত্রী, খদিরীশাক, লজ্জালু, বরাহ-ক্রান্তা।

খদিরোপম্, ন, কদর, কাঁটা বাবলা।

খপুর, পু, গুবাক, ভদ্রমুস্তক।

খমূলী, স্ত্রী, কুম্ভিকা, পানা।

খমূলিকা, স্ত্রী, কুম্ভিকা, পানা।

খর, পু, কণ্টকীবৃক্ষ বিশেষ।

খরকাষ্টিকা, স্ত্রী, বলা।

খরগন্ধি, পু, দেবতাড়ক বৃক্ষ।

খরগন্ধনিভা, স্ত্রী, নাগবলা।

খরঘাতন, পু, নাগকেশর।

খরচ্ছদ, পু, উলুখড়, কুন্দর তৃণ।

খরত্বক্, স্ত্রী, অম্বলুষা, লজ্জালু প্রভেদ।

খরদণ্ড, ন, পদ্ম।

খরদলা, স্ত্রী, ক্ষেমাফলা, ডুমুর।

খরদূষণ, পু, ধুস্তূর।

খরধন্বনিকা, স্ত্রী, গোরক্ষচাকুল্যা।

খরনাদিনী, স্ত্রী, রেণুকানামক গন্ধদ্রব্য।

খরপত্র, পু, ক্ষুদ্রপত্র তুলসী, শাকাখ্যবৃক্ষ, যাবনালশর, হরিদর্ভ, মরুবক।

খরপত্রক, পু, তিলক বৃক্ষ।

খরপত্রী, স্ত্রী, গোজিহ্বা বৃক্ষ।

খরস্পর্শ, (Rough) খরখরে, কর্কশ।

খরপাদাঢ্য, পু, কপিথ বৃক্ষ।

খরপুষ্প, পু, মরুবক, মৌলবৃক্ষ।

খরপুষ্পা, স্ত্রী, বর্বরা, বাবুই তুলসী।

খরমঞ্জরী, স্ত্রী, অপামার্গ।

খরবল্লিকা, স্ত্রী, নাগবালা, গোরক্ষ-চাকুল্যা।

খরশাক, পু, ভার্গী, বামুনহাটী।

খরস্কন্ধ, পু, পিয়ালবৃক্ষ।

খরস্কন্ধা, স্ত্রী, খর্জুরী।

খরস্বরা, স্ত্রী, বনমল্লিকা।

খরা, স্ত্রী, দেবতাড় বৃক্ষ।

খরাগড়ী, স্ত্রী, দেবতাড় বৃক্ষ।

খরাশ্বা, স্ত্রী, ময়ূরশিখা, রুদ্রজটা, ক্ষেত্র-যমানী।

খরাহ্বা, স্ত্রী, অজমোদা।

খরিকা, স্ত্রী, কস্তূরীভেদ, চূর্ণাকৃতি কস্তুরী।

খর্জু, পু, খর্জ্জরী, কণ্ডূ।

খর্জুঘ্ন, পু, চক্রমর্দ্দ, ধুস্তূর, আকন্দবৃক্ষ।

খর্জুর, ন, খর্জুর ফল, খেজুর; (গুণ) মধুর, শীতল, গুরু, ক্ষয় অভিঘাত দাহ বাত পিত্ত রোগে হিতকর, বৃংহক, শুক্র-বৃদ্ধিকর। রৌপ্য, হরিতাল।

খর্জুর, পু, খর্জুরীবৃক্ষ, খেজুরগাছ; (উহার মস্তকের গুণ) স্বাদু, তিক্ত, কষায়, মূত্রাত্যয় রোগ নাশী, বল প্রাণ শুক্র-বৃদ্ধিকর।

খুর্জুরিকা, স্ত্রী, মিষ্টান্ন বিশেষ, মিঠা গজা।

খর্জুরী, স্ত্রী, বন খর্জুর; (গুণ) কষায়, কফ শুক্র বৃদ্ধিকর। (খর্জ্জুরী ত্রিতয়ের গুণ) শীতল, মধুর, রসপক্ক, স্নিগ্ধ, রুচিকর, হৃদ্য, ক্ষত ও ক্ষয়নাশী, গুরু, তৃপ্তিকরী, রক্তপিত্তঘ্ন, পুষ্টি বিষ্টম্ভ এবং শুক্রদা, স্বাদু বায়ুকফাপহা, জ্বর অভিঘাত ক্ষুধা তৃষ্ণা শ্বাস কাশ নাশিনী, মদমূর্চ্ছা মরুৎপিত্ত মদাত্যয় পীড়া নাশিকা।

খর্পর, পু, ন, খর্পরী তুল্য, খাপরা।

খর্পরী, স্ত্রী, ন, খর্পরী তুল্য, খাপরা।

খর্পরীতুল্য, ন, খর্পর, খাপর, সৎ; (গুণ) কটু, তিক্ত, চক্ষুর হিতকর, রসায়ন, ত্বক্‌দোষ প্রশমনক, দীপক, বল ও পুষ্টিদায়ক।

খর্ব্ব, পু, কুব্জক বৃক্ষ।

খর্ব্বরা, স্ত্রী, তবদী বৃক্ষ।

খর্ব্বুজ, ন, ষড়ভূজা, খরবুজা।

খল, পু, তমালবৃক্ষ, ধুস্তুর বৃক্ষ।

খলতি, পু, ইন্দ্রলুপ্ত রোগযুক্ত, টাকপড়া মাথা।

খলমূর্ত্তি, পু, পারদ, পরা।

খলি, পু, তৈলকিট্ট, খইল।

খলিনী, স্ত্রী, তালমূলী।

খল্লী, স্ত্রী, হস্তপাদাব মর্দ্দন রোগ, খিল-ধরা ( Cramps)।

খবল্লী, স্ত্রী, আকাশবল্লী।

খশা, স্ত্রী, মুরা নামক গন্ধদ্রব্য।

খস, পু, পামা, খোস্‌।

খস্‌কন্দ, পু, ক্ষিরকঞ্চুকী বৃক্ষ।

খসতিল, পু, খস্‌খস্‌।

খসম্ভবা, স্ত্রী, আকাশমাংসী।

খস্‌খস্‌, পু, বৃক্ষবিশেষ, পোস্তগাছ; (গুণ) পাকে মধুর, কান্তি বীর্য্য ও বলপ্রদ।

খস্‌খসিয়া, (Rough) খরস্পর্শ, বন্ধুর।

খস্‌খস্‌ রস, পু, অহিফেন, আফিঙ্গ।

খাখস, পু, বীজবিশেষ, পোস্তদানা।

খাজিক, পু, লাজা, খই।

খাদিরসার, পু, খদির বৃক্ষ নির্য্যাস, খয়ের; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফ বাত ব্রণ কণ্ঠরোগ নাশক, রুচিকর এবং দীপক।

খানোদক, পু, নারিকেল।

খারী, স্ত্রী, পরিমাণ বিশেষ, ৫১২ সের।

খিঙ্খির, পু, গন্ধদ্রব্য বিশেষ, বারিবালক।

খিবহিট্টী, স্ত্রী, মহাসঙ্গমা।

খুজ্জাক, পু, দেবতাড়ক বৃক্ষ।

খুর, পু, নখী নামক গন্ধদ্রব্য।
খেচর, পু, পারদ।
খেদিনী, স্ত্রী, অশনপর্ণী বৃক্ষ।
খোটি, স্ত্রী, পাদঙ্কী বৃক্ষ।

# গ

গগন, ন, অভ্র।
গঙ্গাপত্রী, স্ত্রী, বৃক্ষবিশেষ ; (গুণ) কটু, উষ্ণ, বাতনাশক এবং ব্রণরোপক।
গঙ্গাজল, গঙ্গানদীর জল ; অত্যন্ত শীতল, সর্ব্বগুণ সম্পন্ন ও বাতশ্লেষ্মহর।
গজ, পু, পরিমাণ, ২ হস্ত পরিমাণ, ঔষধ পাকার্থ গর্ত্ত বিশেষ।
গটাপার্চা, গট নামক বৃক্ষের জমান রস।
গজকন্দ, পু, হস্তীকন্দ।
গজকুসুম, ন, নাগকেশর।
গজচির্ভিট, পু, গোড়ুম্বা।
গজচির্ভটা, স্ত্রী, ইন্দ্রবারুণী, রাখাল শশা, ফলবিশেষ।
গজচির্ভিটা, স্ত্রী, মহেন্দ্র বারুণী।
গজদন্তফলা, স্ত্রী, ডঙ্গরী ফলা।
গজপাদপ, পু, স্থালী বৃক্ষ।
গজপিপ্পলী, স্ত্রী, গজপিপুল ; (গুণ) কটু, উষ্ণ, বলাস বাতহর, স্তনকর্ণ, বিবর্দ্ধক, ভেদ ও অগ্নিকর।
গজপুট, পু, ঔষধ পাকার্থ গর্ত্তবিশেষ।
গজপ্রিয়া, স্ত্রী, শল্লকী বৃক্ষ।
গজভক্ষক, পু, অশ্বথ বৃক্ষ।
গজভক্ষা, স্ত্রী, শল্লকী বৃক্ষ।
গজভক্ষ্যা, স্ত্রী, শল্লকী বৃক্ষ।
গজবলা, স্ত্রী, গোরক্ষচাকুল্যা।
গজবল্লভা, স্ত্রী, গিরিকদলী, শল্লকী।
গজাখ্য, পু, চক্রমর্দ্দ বৃক্ষ।
গজাণ্ড, ন, পিণ্ডমূল।
গজারি, পু, বৃক্ষবিশেষ।
গজাশন, পু, অশ্বথ বৃক্ষ।
গজাশনা, স্ত্রী, ভঙ্গা, শল্লকী বৃক্ষ, পদ্মমূল, শিমূল বৃক্ষ।
গজাহ্বা, স্ত্রী, গজপিপ্পলী।
গজেষ্টা, স্ত্রী,বিদারী,ভূঁইকুমড়া,গজপিপ্পলী।
গজোপকুল্যা, স্ত্রী, গজপিপ্পলী।
গজোষণা, স্ত্রী, গজপিপ্পলী।
গটা, (Gutta) বিন্দু, ফোঁটা।
গটা ওপেকা,(Gutta opaca) ছানি,ফুলী।
গটা রোজেশিয়া, (Gutta Rosacia) লাল ও বেগুনী মুখদূষিকা।
গটা সিরিনা, (Gutta serena) অ্যামো-রোসিস বা তমস্বীরোগ।

গটি, (Guttæ) বিন্দুসমূহ, গটা শব্দের বহুবচন।

গটেফেরি, (Guttiferæ) এক জাতীয় বৃক্ষ, কাটিলে উহা হইতে আঠা নির্গত হইয়া থাকে।

গড়, পু, মৎস্যবিশেষ, গড়ুই মাছ; (গুণ) মধুর, রুক্ষ, কষায়, শীতল ও লঘু।

গড়লবণ, ন, সম্ভর দেশোদ্ভব লবণ, সামর লবণ; (গুণ) উষ্ণ, ঈষদম্ল, মলাপহ, দীপক, কফ বাত ও অর্শনাশক, কোষ্ঠ শোধক।

গড়দেশজ, ন, সম্ভর দেশোদ্ভব লবণ, সামর লবণ।

গড়ু, পু, গলগণ্ড, পৃষ্ঠগুড় রোগ, অর্থাৎ ঘাড় ও মস্তকের মধ্যবর্ত্তী স্থানে মাংসবৃদ্ধিরূপ রোগবিশেষ।

গড়োথ, ন, গড় লবণ।

গড্যালক, ন, চতুঃষষ্টি গুঞ্জা পরিমাণ, ৬৪ রতি, ৪৮ রতি।

গণকর্ণিকা, স্ত্রী, ইন্দ্রবারুণী।

গণরূপ, পু, অর্ক বৃক্ষ।

গণরূপক, পু, রাজার্ক

গণরূপী, ন, শ্বেতার্ক।

গণহাস, পু, চোরক নামক গন্ধদ্রব্য।

গণিকা, স্ত্রী, যথিকা, গণিকারিকা বৃক্ষ।

গণিকারিকা, স্ত্রী, বড় গনিয়ারী গাছ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, বায়ু কফ শোথ শ্লেষ্মা অগ্নিমান্দ্য অর্শ মলবন্ধ ও শ্রম নাশক।

গণিকারী, স্ত্রী, পুষ্পবৃক্ষ বিশেষ, গণিয়ারী; (গুণ) সুরভিতর, ত্রিদোষ প্রশমক, দাহ শোষ কাস ক্রীড়াস্বর সম্বর হর।

গণেরু, পু, কর্ণিকার বৃক্ষ।

গণেশকুসুম, পু, রক্তকরবী।

গণেশভূষণ, ন, সিন্দুর।

গণোৎসাহ, পু, গণ্ডক, গণ্ডার।

গণ্ড, (Cheek) গাল।

গণ্ডকারী, স্ত্রী, খদিরবৃক্ষ, বরাহক্রান্তা।

গণ্ডকালী, স্ত্রী, খদিরী বৃক্ষ।

গণ্ডগাত্র, ন, ফলবিশেষ, আতা।

গণ্ডদূর্ব্বা, স্ত্রী, দূর্ব্বাবিশেষ, গাটিয়া দূর্ব্বা; (গুণ) মধুর, বাত পিত্ত জ্বর ভ্রম তৃষ্ণা শ্রম নাশক, শীতল, তিক্ত, কষায়, বাতকর, কটুপাকী, দাহতৃষ্ণারোগ কুষ্ঠ পিত্ত জ্বর নাশক।

গণ্ডমালা, স্ত্রী, স্বনামখ্যাত গলরোগ বিশেষ, (Scrofula) ধাতুগত এক-প্রকার রোগ, ইহাতে গণ্ড অর্থাৎ গ্রন্থি, গুটিকা বা বিশেষ প্রকৃতিবিশিষ্ট প্রদাহ ও ক্ষত উৎপন্ন হয়।

গণ্ডমালিকা, স্ত্রী, লজ্জালু বৃক্ষ।

গণ্ডস্থল, (Cheek) গাল।

গণ্ডারি, কোবিদার বৃক্ষ।

গণ্ডালী, স্ত্রী, শ্বেতদূর্ব্বা, সর্পাক্ষী, গণ্ডদূর্ব্বা।

গণ্ডাস্থির যুগ প্রবর্দ্ধন, (Zygoma) হনু ও শঙ্খাস্থির সংযোজক যুগাকার অস্থি।

গণ্ডীর, পু, সমষ্ঠীলা, শশা।

গণ্ডীরী, স্ত্রী, সোহন্ত বৃক্ষ, সিজবৃক্ষ।

গণ্ডুপদ, পু, কিঞ্চুলক।

গণ্ডুপদভব, ন, সীসক।

গণ্ডেরী, স্ত্রী, মঞ্জিষ্ঠা।

গণ্ডোল, পু, গুড়।

গতি, (Motion) সঞ্চলন ক্রিয়া।

গদ, ন, বিষ।

গদ, পু, রোগ, কুড়।

গদগদ ভাষণ, (Stammering) অব্যক্ত বাক্য, কথা জড়িয়া যাওয়া।

গদা, স্ত্রী, পাটলা বৃক্ষ।

গদাখ্য, ন, কুষ্ঠ, কুড়।

গদারাতি, পু, ঔষধ।

গদাহ্ব, ন, কুষ্ঠ, কুড়।

গদি, (Pad) ক্ষতাদির উপর দিবার জন্য কাপড়ের ভাঁজকরা ক্ষুদ্র খণ্ড।

গদ্যানক, ন, ৬৪ রতি পরিমাণ।

গনোরিয়া, (Gonorrhœa) অপবিত্র সঙ্গম বশতঃ পুং বা স্ত্রী জননেন্দ্রিয় হইতে স্রাব নিঃসরণ, প্রমেহ রোগ।

গনোরিয়েল, (Gonorrhœal) প্রমেহ সম্বন্ধীয়।

গনোর্‌রা, (Gonorrho) যে শব্দের পূর্ব্বে থাকে, তাহার অগ্রে প্রমেহ শব্দটী থাকিবে, উহা দ্বারা প্রমেহ বুঝায়।

গন্ধ, ন, কৃষ্ণাগুরু।

গন্ধ, পু, শোভাঞ্জন বৃক্ষ, গন্ধক।

গন্ধক, পু, স্বনামখ্যাত উপধাতু বিশেষ; (গুণ) কটু, উষ্ণ, তীব্রগন্ধ, অতিবহ্নিকর, বিষ কুষ্ঠ কণ্ডূ ত্বকদোষ নাশক।

গন্ধককন্দক, পু, কশেরু, কেশুর।

গন্ধকাষ্ঠ, ন, অগুরুকাষ্ঠ, শম্বর চন্দন।

গন্ধকুটী, স্ত্রী, মুরা নামক গন্ধদ্রব্য, মুরামাংসী।

গন্ধকুসুমা, স্ত্রী, গণিকারী বৃক্ষ।

গন্ধকেলিকা, স্ত্রী, কস্তুরী।

গন্ধকোকিলা, স্ত্রী, গন্ধদ্রব্য বিশেষ; (গুণ) স্নিগ্ধ, উষ্ণ, কফনাশক, তিক্ত ও সুগন্ধী।

গন্ধখেড়, ন, গন্ধবীরণ, গন্ধবেণা।

গন্ধখেড়ক, ন, গন্ধতৃণ।

গন্ধচন্দন, ন, শ্বেতচন্দন।

গন্ধচেলিকা, কস্তুরী।

গন্ধজাত, ন, তেজপত্র।

গন্ধতৃণ, ন, সুগন্ধি তৃণ বিশেষ; (গুণ) সুগন্ধি, ঈষত্তিক্ত, রসায়ন, স্নিগ্ধ, মধুর, শীতল, কফ পিত্ত ও শ্রম নাশক।

গন্ধত্বক, ন, এলবালুক।

গন্ধদলা, স্ত্রী, অজমোদা।

গন্ধধূমজ, পু, স্বাদুনামক গন্ধদ্রব্য।
গন্ধধুলি, স্ত্রী, কস্তুরী।
গন্ধনাকুলী, স্ত্রী, রাস্না ; (গুণ) তিক্ত, কটু, উষ্ণ, ত্রিদোষ ও অনেক বিষ নাশক।
গন্ধনামা, ন, পু, রক্ততুলসী।
গন্ধনাম্নী, স্ত্রী, ক্ষুদ্র রোগ বিশেষ।
গন্ধনিলয়া, স্ত্রী, নবমল্লিকা।
গন্ধনিশা, স্ত্রী, গন্ধপত্রা।
গন্ধপত্র, ন, তেজপত্র।
গন্ধপত্র,পু, শ্বেত তুলসী,বর্ব্বর,নারঙ্গ,বিল্ব।
গন্ধপত্রা, স্ত্রী, শঠীভেদ ; (গুণ) কটু, স্বাদু, তীক্ষ্ণ, উষ্ণ, কফ বাত ছর্দ্দি কাস ও জ্বর নাশক, পিত্ত প্রকোপক।
গন্ধপত্রিকা, স্ত্রী, গন্ধপত্রা, অজমোদা।
গন্ধপত্রী, স্ত্রী, অশ্বগন্ধা, অজমোদা।
গন্ধপলাশিকা, স্ত্রী, হরিদ্রা।
গন্ধপলাশী, স্ত্রী, শঠী।
গন্ধপাষাণ, পু, গন্ধক।
গন্ধপীতা, স্ত্রী, গন্ধপত্রা।
গন্ধপুষ্প, পু, বেতস বৃক্ষ, অঙ্কোঠ বৃক্ষ, বহুবার বৃক্ষ।
গন্ধপুষ্পা, স্ত্রী, নীলী, কেতকী, গণিকারী।
গন্ধফণিজ্ঝক, পু, রক্ত তুলসী।
গন্ধফল, পু, কপিত্থ, বিল্ব, তেজফল বৃক্ষ।
গন্ধফলা, স্ত্রী, প্রিয়ঙ্গু বৃক্ষ, মেথিকা, বিদারী, শল্লকী।
গন্ধফলী, স্ত্রী, চম্পককলিকা, প্রিয়ঙ্গু বৃক্ষ।
গন্ধবন্ধু, পু, আম্রবৃক্ষ।
গন্ধভদ্রা, স্ত্রী, লতাবিশেষ, গন্ধভাদুলে।
গন্ধভাণ্ড, পু, গর্দ্দভাণ্ড বৃক্ষ, গান্দাল।
গন্ধমাংসী, স্ত্রী, জটামাংসী ভেদ ; (গুণ) তিক্ত, শীতল, কফ কণ্ঠরোগ রক্ত পিত্ত বিষ ভূত ও জ্বর নাশক, বর্ণক।
গন্ধমাতৃক, ন, পু, গন্ধমাত্রা।
গন্ধমাদন, পু, গন্ধক।
গন্ধমাদিনী, স্ত্রী, মদিরা, বন্দাক, চীড়া-নামক গন্ধ দ্রব্য।
গন্ধমাদিনী, স্ত্রী, লাক্ষা, পুরানামক গন্ধদ্রব্য।
গন্ধমার্জ্জার, পু, খট্টাস।
গন্ধমালতী, স্ত্রী, গন্ধদ্রব্য বিশেষ।
গন্ধমালিনী, স্ত্রী, মুরানামক গন্ধদ্রব্য।
গন্ধমুণ্ড, পু, গন্ধভাদুলিয়া।
গন্ধমূল, পু, কুলাঞ্জন বৃক্ষ।
গন্ধমূলক. পু, শঠী।
গন্ধমূলা, স্ত্রী, শল্লকী, শঠী।
গন্ধমূলিকা, স্ত্রী, আকন্দী, শঠী।
গন্ধমূলী, স্ত্রী, শঠী।
গন্ধমৃগ, পু, খট্টাস।
গন্ধমৈথুন, পু, বৃষ।
গন্ধমোদন, পু, গন্ধক।
গন্ধমোহিনী, স্ত্রী, চম্পককলী।
গন্ধরস, পু, বণিক্ দ্রব্য বিশেষ।

গন্ধরসাঙ্গক, পু, শ্রীবেষ্টন নামক গন্ধ-দ্রব্য।

গন্ধরাজ, ন, চন্দন, জবাদি নামক গন্ধ-দ্রব্য, স্বনামখ্যাত শুক্লবর্ণ পুষ্প বৃক্ষ।

গন্ধরাজী, স্ত্রী, নখী নামক গন্ধদ্রব্য।

গন্ধর্ব্বতৈল, ন, এরণ্ড তৈল।

গন্ধর্ব্ব-হস্ত, পু, এরণ্ডবৃক্ষ।

গন্ধবতী, স্ত্রী, নবমল্লিকা, মুরানামক গন্ধ-দ্রব্য।

গন্ধঘ্ন, স্ত্রী, চীড়ানামক গন্ধ দ্রব্য।

গন্ধবল্কল, ন, দারুচিনি।

গন্ধবল্লরী, স্ত্রী, সহদেবী।

গন্ধবল্লী, স্ত্রী, পীতপুষ্প দন্তোৎপল; ডানিপোলা।

গন্ধবহল, পু, সিতার্জক।

গন্ধবহুলা, স্ত্রী, গোরক্ষী বৃক্ষ।

গন্ধবিহল, পু, গোধূম।

গন্ধবীজা, স্ত্রী, মৈথিকা।

গন্ধবৃক্ষক, পু, শালবৃক্ষ।

গন্ধব্যাকুল, ন, কক্কোল।

গন্ধশঠী, স্ত্রী, শঠীবিশেষ, একাঙ্গী।

গন্ধশাক, ন, গৌর সুবর্ণ শাক।

গন্ধশালি, পু, শালি ধান্য বিশেষ, গন্ধ তণ্ডুল, পরমান্ন শালি, কল্মাষ, সুগন্ধি, গন্ধবহল, সুরভি, সুগন্ধি শালি; (গুণ) ধুর, অতি বৃষ্য, পিত্ত শ্রম স্নায়ু বিদাহ শান্তিকর, স্তম্ভ, গর্ভস্থিরতা অল্পবায়ু পুষ্টি অল্প কফ ও বলপ্রদ।

গন্ধশেখর, পু, কস্তুরী।

গন্ধসার, পু, চন্দন বৃক্ষ, মুদ্গর বৃক্ষ।

গন্ধসার, পু, বৃহন্নখী।

গন্ধসোম, ন, কুমুদ।

গন্ধা, স্ত্রী, শঠী, শালপর্ণী, গাঁধাল।

গন্ধাংশুমতী, স্ত্রী, শালপর্ণী।

গন্ধাঢ্য, ন, চন্দন, জবাদিনামক গন্ধদ্রব্য।

গন্ধার্ঢ্য, পু, নারঙ্গ বৃক্ষ।

গন্ধার্ঢ্যা, স্ত্রী, গন্ধপর্ণা, স্বর্ণমুখী, গন্ধালী, গন্ধভাদুলে, আরামশীতলা, ঘৃত-কুমারী।

গন্ধাধিক, ন, তৃণ কুঙ্কুম।

গন্ধাম্লা, স্ত্রী, বনবীজ পূরক।

গন্ধালা, স্ত্রী, বৃক্ষবিশেষ, জিয়তী।

গন্ধালী, স্ত্রী, গন্ধভাদুলে, প্রসারণী, ভদ্র-পর্ণী, কটম্ভরা, গন্ধাঢ্যা, সারণী।

গন্ধালীগর্ভ, পু, সূক্ষ্মেলা।

গন্ধাশ্ম, পু, গন্ধক।

গন্ধাষ্টক, ন, চন্দন, অগুরু, চোরক কুঙ্কুম, রোচনা, জটামাংসী, শিলারস।

গন্ধি, ন, তৃণ কুঙ্কুম

গন্ধিক, পু, গন্ধক।

গন্ধিনী, স্ত্রী, মুরামাংসী।

গন্ধিপর্ণ, পু, সপ্তচ্ছদবৃক্ষ।

গন্ধোতু, পু, খট্টাস।

গন্ধোৎকটা, স্ত্রী, দমনক বৃক্ষ।

গন্ধোত্তমা, স্ত্রী, মদিরা।

গন্ধোলি, স্ত্রী, শঠী।

গন্ডোলিক, পু, মস্থর।

গম্ভারিকা, স্ত্রী, গাম্ভারী বৃক্ষ।

গম্ভারী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, গাম্ভার; (গুণ) কটু, তিক্ত, গুরু, উষ্ণ, ভ্রম শোথ ও ত্রিদোষনাশক, বিষ দাহ অর্ত্তিজ্বর এবং তৃষ্ণাদোষ প্রশমক; (ফলের গুণ) তিক্ত, গুরু, গ্রাহী, মধুর, কেশহিতকর, রসায়ন, মেধ্য শীতল, দাহ পিত্তনাশক; (মূলের গুণ) অত্যুষ্ণ, মানসব্যাতিতে অহিতকর।

গম্ভীর, পু, জম্বীর, পঙ্কজ।

গম, (Gum) মাঢ়ী, দন্তমুখ, গঁদ।

গমফোসিস্, (Gumphosis) অচলসন্ধি, দন্তসন্ধি।

গমিগটী, (Gummi guttæ) গ্যাম্বোজ।

গমেটা, (Gummata) অস্থিবেষ্টার্ব্বুদ।

গয়টার (Goitre) গলগণ্ড, গড়গল।

গয়ার, (Expectoration) কাশ, শ্লেষ্মা, উত্তাপ।

গর, ন, বিষ, বৎসনাভাখ্য বিষ।

গর, পু, বিষ, উপবিষ।

গরঘ্ন, পু, কৃষ্ণার্জক, বর্ব্বর।

গরঘ্নী, স্ত্রী, মৎস্যবিশেষ, গরইমাছ; (গুণ) মধুর, কষায়, বাত পিত্ত কফ নাশক, রুচি ও বলবীর্য্যকর এবং লঘু।

গরদ, ন, বিষ।

গরল, ন, বিষ, সর্পবিষ, কৃষ্ণসর্প বিষ।

গরা, স্ত্রী, দেবদালী লতা, লাহা, দেবতাড়ক।

গরাগরী, স্ত্রী, দেবতাড়ক বৃক্ষ।

গরাত্মক, ন, শোভাঞ্জন বীজ।

গরাধিকা, স্ত্রী, লাক্ষা।

গরী, স্ত্রী, দেবতাড়ক বৃক্ষ।

গরুত্মান, পু, স্বর্ণমাক্ষিক।

গর্গর, পু, মৎস্য বিশেষ, গাগর মাছ; (গুণ) মধুর, স্নিগ্ধ, বাতপিত্তনাশক।

গর্গট, পু, মৎস্যবিশেষ।

গর্জ্জ, (Gorge) গলা।

গর্জড, (Gorged) পরিপূর্ণ।

গর্জ্জর, ন, মূলবিশেষ, গাজর; (গুণ) মধুর, রুচিকর, কিছু কটু, কফ আধ্মান কৃমিশূল দাহপিত্ত তৃষ্ণা নাশক।

গর্জাফল, পু, বিকণ্টক বৃক্ষ।

গর্দ্দ, পু, গর্দ্দভাণ্ড বৃক্ষ।

গর্দ্দভ, পু, পশুবিশেষ, গাধা; (মাংসের গুণ) কিঞ্চিৎ গুরু, বলপ্রদ; (মূত্রগুণ) কটু, উষ্ণ, তিক্ত, ক্ষারময়, কফ মহাবাত ভূত কম্প ও উন্মাদহারী।

গর্দ্দভ, ন, শ্বেত কুমুদ, বিড়ঙ্গ।

গর্দ্দভগদ, পু, জাল, গর্দ্দভরোগ।

গর্দ্দভশাক, পু, ব্রহ্মযষ্ট বৃক্ষ, বামুনহাটী।

গর্দ্দভশাকা, স্ত্রী, ব্রহ্মযষ্ট বৃক্ষ, বামুনহাটী।

গর্দ্দভশাখী, স্ত্রী, ব্রহ্মযষ্টবৃক্ষ, বামুনহাটী।

গর্দ্দভাণ্ড, পু, বৃক্ষবিশেষ, গাব্দিভাট, প্লক্ষ-বৃক্ষ, পাকুড়।

গর্দ্দভাহ্বয়, পু, কুমুদ।

গর্দ্দভিকা, স্ত্রী, ক্ষুদ্র রোগ বিশেষ।

গর্দ্দভী, স্ত্রী, অপরাজিতা, শ্বেত কণ্টকারী, লতা কট্‌কী, ক্ষুদ্র রোগ বিশেষ, গর্দ্দভিকা রোগ, স্ত্রীগর্দ্দভ; (দুগ্ধগুণ) বলকর, বাত শ্বাস হর, মধুরাম্ল, রুক্ষ দীপক, পথ্য; (উহার দধি গুণ) রুক্ষ, উষ্ণ, লঘু, দীপক, পাচক, মধুরাম্ল, রোচক, বাতদোষনাশক; (উহার নবনীতের গুণ) কষায়, কফবাতনাশক, বলকারক, দীপক, পাকে লঘু, উষ্ণ ও মূত্রদোষকর।

গর্ভ, পু, ভ্রূণ, (Pregnancy) অন্তঃস্বত্তা।

গর্ভকর, পু, পুত্রজীববৃক্ষ।

গর্ভকেশর, (Pistil) ফুলের কেশরের মধ্যে যে সূত্র গাছটী সর্ব্বাপেক্ষা স্থূল এবং যাহার শিরোভাগে আঠার ন্যায় একপ্রকার তরল পদার্থ থাকে।

গর্ভঘাতিনী, স্ত্রী, লাঙ্গলিকা বৃক্ষ, বিষ-লাঙ্গুলিয়া।

গর্ভণ্ড, পু, নাভিগুড়ক, নাভির গাঁড়।

গর্ভদ, পু, পুত্রজীব বৃক্ষ।

গর্ভদাত্রী, স্ত্রী, ক্ষুপ বিশেষ, গর্ভদা; (গুণ) মধুর, নারীপুষ্পাদিদোষ পিত্ত দাহ ও শ্রমনাশিনী এবং গর্ভসন্তুতি দাত্রী।

গর্ভপাতক, পু, রক্তশোভাঞ্জন বৃক্ষ।

গর্ভপাতন, পু, রিঠাকরঞ্জ, ঈঠা।

গর্ভপাতিনী, স্ত্রী, কলিকারী বৃক্ষ, ঈশ-লাঙ্গলিয়া।

গর্ভপাত, (Abortion) পঞ্চ ও ষষ্ঠমাস মধ্যে ভ্রূণ নষ্ট হওয়া।

গর্ভশয্যা, স্ত্রী, পিত্তাশয় ও পক্কাশয় মধ্যবর্ত্তী গর্ভোৎপত্তি স্থান, জরায়ু।

গর্ভস্রাতন, (Criminal abortion) ভ্রূণ-হত্যা করা, গর্ভ নষ্ট করা।

গর্ভস্রাব, (Miscarriage) চতুর্থ মাসের মধ্যে গর্ভ নষ্ট হওয়া।

গর্ভস্রাবী, পু, হিন্তাল বৃক্ষ।

গর্ভাগার, পু, জরায়ু (Uterus)।

গর্ভিনী, স্ত্রী, ক্ষিরীবৃক্ষ, ক্ষিরাই।

গর্ম্মুৎ, স্ত্রী, তৃণধান্য বিশেষ, ময়না।

গর্ম্মুটিকা, স্ত্রী, ব্রীহিভেদ, মাড়ুরা।

গর্ম্মোটিকা, স্ত্রী, জাড়রী তৃণ, শ্যামাকভেদ।

গল, পু, কণ্ঠ, গলা, সর্জ্জরস, ধূনা (Gull)

পিত্ত যকৃৎ হইতে নির্গত পীতমিশ্রিত হরিৎ বর্ণ তরল পদার্থ বিশেষ।

গলকোষ, জিহ্বার পশ্চাৎস্থিত মাংসময় ধুতুরা ফুলের আকার গহ্বর।

গলগণ্ড, পু, স্বনামখ্যাত গলরোগ বিশেষ, গরগণ্ড।

গলগ্রহ, পু, ব্যঞ্জন বিশেষ।

গলডক্টস, ( Gull-Ducts ) পিত্তবাহী নালী।

গল-নটস্, (Gall-nuts) মাজুফল। এশিয়া মাইনর সিরিয়া ও পারস্যাদি দেশে কোয়ার্কস ইনফেক্টোরিয়া নামক ক্ষুদ্র বৃক্ষের তরুণ শাখাগ্রে ডিপ্‌লোলেপিশ গ্যালি টিংটোরী নামে একপ্রকার পতঙ্গ সূক্ষ্ম ছিদ্র করিয়া তন্মধ্যে অণ্ড প্রসব করে, ঐ ছিদ্র দিয়া আঠা নির্গত হইয়া ছিদ্রমুখ ঢাকা দেয়, এবং ক্রমশঃ বৃদ্ধি পাইয়া সুপারির ন্যায় আকার ধারণ করে। পূর্ব্বোক্ত পতঙ্গের অঙ্গ তন্মধ্যে থাকিয়া বড় হয় এবং কালসহকারে নিজ পতঙ্গ দেহ পাইয়া অণ্ড ভেদ করিয়া বহির্গত হয়। এই আঠা সম্ভূত অণ্ডগৃহের নাম মাজুফল, বস্তুত উহা কোন গাছের ফল নহে। (ক্রিয়া) বিশুদ্ধ, সঙ্কোচক, কিঞ্চিৎ বলকারক, এবং পর্য্যায়নিবারক। মাত্রা ১০ হইতে ২০ গ্রেণ, দিবসে ২।৩ বার।

গলনলী, (Desophagus) গলকোষ হইতে আমাশয়ের ঊর্দ্ধমুখ পর্য্যন্ত প্রসারিত নলী।

গলব্ল্যাডার, (Gull bladder) দক্ষিণ যকৃৎ-খণ্ডের নিম্নভাগে ঝিল্লী নির্ম্মিত পিত্তাধার, পিত্তকোষ।

গলশুণ্ডিকা, স্ত্রী, তালুর ঊর্দ্ধস্থিত সূক্ষ্ম জিহ্বা, আলজিহ্বা।

গলষ্টোন, (Gall-stone) পিত্তশিলা, পিত্তাশ্মরি, পিত্তকোষে যে পাথরের ন্যায় সামগ্রী সঞ্চিত হইয়া থাকে।

গলা, স্ত্রী, অলাম্বুষা।

গলাঙ্কুর, পু, গলরোগ বিশেষ, রোহিনী।

গলানিল, পু, মৎস্য বিশেষ।

গলু, পু, মণিবিশেষ।

গবল, ন, মহিষশৃঙ্গ।

গবাচী, স্ত্রী, মৎস্য বিশেষ, পাঁকাল মাছ; (গুণ) অজীর্ণকর, গুরু, শ্লেষ্মাপ্রকোপক।

গবাদনী, স্ত্রী, ইন্দ্রবারুণী, নীল, অপরাজিতা।

গবাষিকা, স্ত্রী, লাক্ষা।

গবাক্ষী, স্ত্রী, গোতুম্বা, গোমক, ইন্দ্রবারুণী, সেওড়া, অপরাজিতা।

গবেড়ু, স্ত্রী, ধান্যবিশেষ, গড়গড়।

গবেধু, পু, ধান্যবিশেষ, গড়গড়।

গবেধুক, ন, গৈরিক।

গবেধুকা, স্ত্রী, দেধান, নাগবলা।

গবেরুক, ন, গৈরিক।

গবেশকা, স্ত্রী, গোরক্ষ, চাউলিয়া।

গব্যঘৃত, পু, গোদুগ্ধজাত ঘৃত; (গুণ) পাকে মধুর, বৃষ্য, বাত পিত্ত কফ নাশক, চক্ষুর, হিতকর, বলকর, মেধাজনক ও সকল প্রকার শ্রেষ্ঠ গুণকর।

গব্যদধি, ন, গোদুগ্ধ হইতে প্রস্তুত দধি; (গুণ) অম্ল ও মধুর রসযুক্ত, গুরু, উষ্ণ, বাত ও বায়ুরোগ নাশক, মেদ শুক্র বল শ্লেষ্মা রক্তপিত্ত অগ্নি ও শোথজনক এবং দীপক, বলকর এবং বহুগুণযুক্ত।

গব্যা, স্ত্রী, গোরোচনা।

গষ্টেটরী, (Gustatory) স্বাদ বা স্বাদযন্ত্র সংক্রান্ত।

গসিপিয়ম, (Gossypium) কার্পাসজাতীয় বৃক্ষ; তুলা।

গসিপিয়ম হার্বেসিয়ম,কটন প্ল্যাণ্ট, তুলার গাছ।

গাইনোকর্ডাইসেমিনা, (Gynocordiæ Semine) চাউলমুগরা বীজ। ক্রিয়া--পরিবর্ত্তক, বলকারক, অধিক মাত্রায় বমনকারক; বিবিধ চর্ম্মরোগে, বিশেষতঃ—কুষ্ঠ বাত এবং স্ক্রফিউলা রোগে উপকারক। চূর্ণের মাত্রা—৫ গ্রেণ দিবসে তিনবার, কিন্তু ঐ মাত্রা ক্রমশঃ বাড়াইয়া বিবমিষা হইলে মাত্রা কমাইবে অথবা ব্যবহার একেবারে বন্ধ করিবে।

গাউট, (Gout) ক্ষুদ্র ক্ষুদ্র সন্ধি (গাঁইটের) বেদনাবিশিষ্ট একপ্রকার প্রদাহযুক্ত পীড়া, পদগণ্ডিব।

গাঙ্গাজল, ন, মেঘজাত অতি নির্ম্মল জল; ইহা সকল দোষ নাশক, বলকর, মেধাজনক, লঘু এবং শ্রমাদিনাশক; দিবসে অথবা প্রদোষকালে এই জল বর্ষিত হইয়া থাকে। গঙ্গোদক।

গাঙ্গেয়, ন, স্বর্ণ, ধুস্তূর, কশেরু, মুস্তক।

গাঙ্গেয়, পু, ভদ্রমুস্তা, সাগরমুস্তা।

গাঙ্গেরু, স্ত্রী, গোরক্ষচাকুল্যা।

গাঙ্গেরুকী, স্ত্রী, গোরক্ষ তণ্ডুল, গোরক্ষ চাকুল্যা।

গাঙ্গেষ্ঠী, স্ত্রী, কট শর্করা লতা, নাটা।

গাণ্ডীবী, পু, অর্জ্জুনবৃক্ষ।

গাত্রভঙ্গ, স্ত্রী. শূকশিম্বী।

গানিনী, স্ত্রী, বচা।

গান্ধার, ন, গন্ধরস।

গান্ধার, পু, সিন্দুর।

গান্ধারী, ন, যবাস, দুরালভা, গাঁজা।

গান্ধারী, স্ত্রী, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ, গাম্ভার, গামার।

গায়ত্রী, পু, খদির বৃক্ষ।

গারুড়, ন, স্বর্ণ।

গারুড়ধান্য, ন, ধান্যবিশেষ, ইহা পিত্ত ও মূত্ররোগ নাশক।

গারুড়ী, স্ত্রী, পাতাল গারুড়ী লতা।

গারুত্মতপত্রিকা, স্ত্রী, পাচী লতা।

গালব, পু, লোধ্র বৃক্ষ, শ্বেত লোধ্র, কেলুক বৃক্ষ।

গালেন্দ্য, ন, পদ্মবীজ।

গাবমি, (Nausea) বমনেচ্ছা, বিবমিষা।

গার্গল, (Gargle) কবল, কুল্লি।

গিংগ্লিমস, (Ginglymus) কেবল অবনমন ও প্রসারণ গতিবিশিষ্ট সন্ধি, কব্জা সন্ধি,—যেমন কনুই, হাঁটু প্রভৃতি।

গিংগ্লিময়েড, (Ginglymoid) গিংগ্লিমস বা কব্জার ন্যায়।

গিংগ্লিমাই, (Ginglymi) গিংগ্লিমস শব্দের বহুবচন।

গিনিওয়ারম, (Guinea-worm) আফ্রিকা ইণ্ডিয়া প্রভৃতি উষ্ণ দেশে মনুষ্যের চর্ম্মের নীচে জড় হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র অর্ব্বুদের ন্যায় যে কৃমি জন্মে।

গিরি, পু, চক্ষুরোগ বিশেষ, পারদের নাগবঙ্গাদি দোষের অন্তর্গত দোষবিশেষ।

গিরিকদম্ব, পু, ধারাকদম্ব, নীপ।

গিরিকদলী, স্ত্রী, পার্ব্বতীয় কদলী ; (গুণ) মধুর, হিম, বলবীর্য্য বৃদ্ধিকর, ত্বকের পুষ্টিসাধক, তৃষ্ণা পিত্ত দাহ শোষ প্রশমক, দুর্জর, গুরু।

গিরিকর্ণিকা, স্ত্রী, শ্বেত কিনিহী বৃক্ষ, অপরাজিতা, হাপরমালী।

গিরিকর্ণী, স্ত্রী, অপরাজিতা, যবাস।

গিরিজ, ন, অভ্রক, শিলাজতু, লৌহ, গৈরিক, শৈলজ।

গিরিজ, পু, মধুকবৃক্ষ বিশেষ, গৌরশাক।

গিরিজা, স্ত্রী, শ্বেতবুহ্না, মাতুলুঙ্গী, মৌটাবা, ক্ষুদ্র পাষাণভেদা, ত্রায়মাণা, কারী বৃক্ষ, মল্লিকা, গিরিকদলী।

গিরিজামল, ন, অভ্রক।

গিরিজাবীজ, ন, গন্ধক।

গিরিধাতু, পু, গৈরিক।

গিরিনিম্ব, পু, মহারিষ্ট বৃক্ষ।

গিরিপীলু, পু, পরুষক বৃক্ষ।

গিরিপুষ্পক, ন, শৈলেয়।

গিরিভিৎ, পু, পাষাণভেদক বৃক্ষ।

গিরিভূ, স্ত্রী, ক্ষুদ্র পাষাণভেদ।

গিরিমল্লিকা, স্ত্রী, কুটজবৃক্ষ।

গিরিমৃৎ, স্ত্রী, গৈরিক।

গিরিমৃত্তব, ন, গৈরিক।
গিরিমেদ, পু, বিট্‌খদির।
গিরিবাসী, ন, পু, হস্তিকন্দ।
গিরিশালিনী, স্ত্রী, অপরাজিতা।
গিরিসার, পু, লৌহ, বঙ্গ।
গিল, পু, জম্বীর।
গীর্লতা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতি।
গীর্ব্বাণ-কুসুম, ন, লবঙ্গ।
গুগ্‌গুল, পু, শিলাজতু।
গুগ্‌গুলু, পু, রক্তশোভাঞ্জন বৃক্ষ, স্বনামখ্যাত বৃক্ষ। ইহার নির্য্যাস গুগ্‌গুল; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফ বায়ু কাশ কৃমি বাত উদর শোথ অর্শ নাশক, রসায়ন, দীপক, তীক্ষ্ণ, কষায়, মেদ কুষ্ঠ নাশক, পিত্তকর ও লঘু।
গুচ্ছক, ন, গ্রন্থিপর্ণ।
গুচ্ছক, পু, রিটাকরঞ্জ বৃক্ষ।
গুচ্ছকরঞ্জ, পু, করঞ্জ বিশেষ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, বিষ বাত কণ্ডু বিবর্চ্চিকা কুষ্ঠ স্পর্শ ও তগ্দোষনাশক।
গুচ্ছদন্তিকা, স্ত্রী, কদলী।
গুচ্ছপত্র, পু, তালবৃক্ষ।
গুচ্ছপুষ্প, পু, সপ্তচ্ছদ বৃক্ষ, অশোক বৃক্ষ।
গুচ্ছপুষ্পক, পু, রীঠাকরঞ্জ, রাজাদনী, গুচ্ছকরঞ্জ।
গুচ্ছপুষ্পী, স্ত্রী, ধাতকী।
গুচ্ছফল, পু, রীঠাকরঞ্জ, রাজাদনী।
গুচ্ছফলা, স্ত্রী, কাকমাছী, নিষ্পাবী, দ্রাক্ষা, কদলী, অগ্নি দমনী।
গুচ্ছবধ্রা, স্ত্রী, গুণ্ডালা বৃক্ষ।
গুচ্ছমূলিকা, স্ত্রী, গুণ্ডালিনী তৃণ।
গুচ্ছাল, পু, ভূতৃণ।
গুচ্ছাহ্বকন্দ, পু, গুলঞ্চ কন্দ।
গুচ্ছী, স্ত্রী, গুচ্ছকরঞ্জ।
গুঞ্জা, স্ত্রী, লতা বিশেষ, কুঁচ; (বীজের গুণ) তীক্ষ্ণ, উষ্ণ, কুষ্ঠ ব্রণ নাশক; (শিকা গুণ) কান্তিকর, শূলবিষনাশক, বশীকরণে শ্বেতগুঞ্জা প্রশস্ত। ত্রিযব পরিমাণ, ১রতি।
গুঞ্জাকিনী, স্ত্রী, কুঁচ।
গুঞ্জিকা, স্ত্রী, গুঞ্জা, এক রতি পরিমাণ।
গুটিকা, (Tubercle) ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার পীড়কা, অর্ব্বুদ।
গুড়, পু, ইক্ষু, আক,ইক্ষুগুড়; (গুণ) বৃষ্য, গুরু, বাতনাশক, মূত্রশোধক, নাতিপিত্তহর, মেদ কফ কৃমি ও বলপ্রদ, মধুর, ক্ষার, উষ্ণ, কফনাশক, পিত্তরক্তে অহিতকর, জীর্ণকর, রসায়ন; (পুরাতনের গুণ) বায়ু পিত্ত ত্রিদোষ পাণ্ডু প্রমেহ শ্রম নাশক; দ্রব্যান্তর সংযোগে বিশেষতঃ জ্বরনাশক, রুচিকর, হৃদ্য, সন্তাপ ও শান্তিপ্রদ

বিন্মূত্র আময়শোধক, অগ্নিজনক, স্নিগ্ধ, স্বাদুতর, লঘু, পথ্য, রক্তপ্রসন্ন ও বলকর এবং মধুর।

গুড়ক, পু, গুড়যোগে পক্ক ঔষধি বিশেষ।

গুড়চী, স্ত্রী, গুড়ুচী, গুলঞ্চ।

গুড়তৃণ, পু, ইক্ষু।

গুড়ত্রিণ, ন, ইক্ষু, গুড়তৃণ।

গুড়ত্বক, ন, স্বনামখ্যাত গন্ধদ্রব্য, দারুচিনি; (গুণ) কফ শুক্র আমবাত নাশক, মধুর, কটু, লঘু, উষ্ণ, স্বাদু, তিক্ত, রুক্ষ্ম, পিত্তবৃদ্ধিকর, অরুচি কণ্ডু হৃদ্বস্তি বাত অর্শ কৃমি ও পীনস রোগ নাশক। ভৃঙ্গ।

গুড়ত্বচ্, ন, গুড়ত্বক্, জয়ত্রী।

গুড়দারু, ন, ইক্ষু।

গুড়পুষ্প, পু, মধুক বৃক্ষ, মৌল গাছ।

গুড়ফল, পু, পীলু বৃক্ষ।

গুড়ভা, স্ত্রী, যাবনাল শর্করা।

গুড়মূল, পু, অম্ল মারিষ শাক।

গুড়ল, ন, গৌড়ী মদিরা।

গুড়বীজ, পু, মসুর।

গুড়শিগ্রু, পু, রক্তশোভাঞ্জন।

গুড়া, স্ত্রী, সুহী বৃক্ষ, উশীরী।

গুড়াশয়, পু, আখোট বৃক্ষ।

গুড়িকা, স্ত্রী, গুটিকা, বৃহদ্বটিকা।

গুড়ূচী, স্ত্রী, গুলঞ্চ; (গুণ) কটু, তিক্ত, স্বাদু, পাকী, রসায়ন, সংগ্রাহী, কষায়, উষ্ণ, লঘু, বল্য, অগ্নিদীপক, দোষত্রয় দাহ মেহ কাস পাণ্ডু কামলা কুষ্ঠ বাত জ্বর কৃমি বমি নাশক; গুরু, বীর্যদায়ক, ভ্রম ও রক্তপিত্তনাশক। (পত্রের গুণ) আগ্নেয়, সর্ব্ব জ্বরহর, লঘু, কষায়, কটু, তিক্ত, স্বাদু, রসায়ন, বলকারক, উষ্ণ, সংগ্রাহী, ত্রিদোষ তৃষ্ণা দাহ প্রমেহ বাত অসৃক্কামলা কুষ্ঠ ও পাণ্ডুনাশক। ঘৃতযুক্ত গুড়চী—বাতনাশক; গুড়যুক্তা গুড়চী—বিবন্ধনাশিনী; সিতাযুক্ত গুড়চী—পিত্তনাশিনী; মধুযুক্ত গুড়চী—কফনাশিনী; এরণ্ড তৈলযুক্তা গুড়চী—উগ্র বাতাস্রনাশিনী; শুণ্ঠীযুক্তা গুড়চী—আমবাতনাশিনী।

গুড়োদ্ভবা, স্ত্রী, শর্করা।

গুণা, স্ত্রী, দূর্ব্বা, মাংসরোহিনী।

গুণ্ড, পু, তৃণভেদ, যাহার কন্দ, কেশুর; (গুণ) মধুর, শীতল, কফ পিত্ত অতিসার দাহ ও রক্তনাশক।

গুণ্ডকন্দ, পু, কশেরু।

গুণ্ডা, স্ত্রী, গুণ্ডারোচনী, কমলাগুঁড়ি।

গুণ্ডারোচনিকা, স্ত্রী, বৃক্ষবিশেষ, কমলাগুঁড়ি, কাম্পিল্লক, রক্তাঙ্গ।

গুণ্ডালা, স্ত্রী, ক্ষুপবিশেষ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, শোথ ও ব্রণনাশক।

গুণ্ডাসিনী, স্ত্রী, তৃণবিশেষ; (গুণ) কটু, পিত্ত দাহ শ্রম ব্রণ দোষ নাশক, তিক্ত এবং উষ্ণ।

গুণ্ডিকেরী, স্ত্রী, তেলাকুঁচা।

গুত্ম, পু, গবেধুকা।

গুত্মক, ন, গ্রন্থিপর্ণ, গেঠেলা।

গুৎস, পু, গ্রন্থিপর্ণ বৃক্ষ।

গুৎসক পুষ্প, পু, সপ্তচ্ছদ বৃক্ষ।

গুদ, ন, অপান, গুহ্যদেশ, মলত্যাগ দ্বার (Anus)।

গুদকীল, পু, অর্শরোগ।

গুদদারী, (Fissure of anus) মলদ্বার বিদারণ।

গুদভ্রংশ, পু, মলদ্বার নির্গম রোগ। (Prolapsus ani) সরলান্ত্র নির্গম।

গুদাঙ্কুর, পু, অর্শরোগ, (Piles) অর্শের বলী।

গুন্দ্র, পু, শরতৃণ, বৃক্ষবিশেষ, দেশান্তরীয় নাম, গোঁদপাঠের; (গুণ) কষায়, মধুর, হিম, পিত্ত রক্ত মূত্রকৃচ্ছ্র নাশক, শুক্র, শুক্র রজঃ ও মূত্র শোধক।

গুন্দ্রক, পু, শরতৃণ, বৃক্ষবিশেষ।

গুন্দ্রমূলা, স্ত্রী, এরকা তৃণ।

গুন্দ্রা, স্ত্রী, ভদ্রমুস্তক, প্রিয়ঙ্গু বৃক্ষ, গবেধুকা এরকা।

গুপ্তস্নেহ, পু, অঙ্কোঠ বৃক্ষ।

গুপ্তা, স্ত্রী, কপিকচ্ছু, আলকুশী।

গুর, পু, কপিকচ্ছু, আলকুশী।

গুরুঘ্ন, পু, গৌরসর্ষপ।

গুরুত্ব, (Heaviness) ভারিত্ব।

গুরুপত্র, ন, লবঙ্গ।

গুরুপত্রা, স্ত্রী, তিন্তিড়ী বৃক্ষ।

গুরুবর্দ্ধোদ্ম, প, লিম্পাক, পাতিলেবু।

গুলঞ্চ কন্দ, পু, কন্দবিশেষ, কুলী; (গুণ) মধুর, সুশীতল, বৃষ্য, তৃপ্তিদায়ক, এবং দাহনাশক।

গুল্ফ, (Ankle) পাদমূল, গোড়ালি।

গুল্ফ সন্ধি, (Ankle joint) জঙ্ঘার সহিত পদের সংযোগ সন্ধি।

গুল্ফাস্থি, (Tarsus) টর্সাস দেখ।

গুলা, স্ত্রী, স্নুহীবৃক্ষ।

গুলী, স্ত্রী, গুটিকা, বসন্ত।

গুল্ম, পু, উদরজ রোগ বিশেষ (Tumour), জরায়ু প্রভৃতিতে উৎপন্ন অর্ব্বুদ। ক্ষুদ্র বৃক্ষ, ঝোপ।

গুল্মকেতু, পু, অম্লবেতস।

গুল্মমূল, ন, আর্দ্রক, আদা।

গুল্মবল্লী, স্ত্রী, সোমলতা।

গুল্মবর্ত্তুলা, (Globus Hystericus) গলার ভিতর গোলার ন্যায় কিছু উঠা।

গুল্মবায়ু, (Hysteria) মূর্চ্ছারোগ বিশেষ; এই রোগ প্রায় স্ত্রীলোকদিগেরই হইয়া থাকে, অর্থাৎ ইহাতে রোগীর মনে হয় যেন গলার ভিতর দিয়া গোলার ন্যায় কিছু উপর দিকে উঠিতেছে, এজন্য ইহাকে গুল্মবায়ু আখ্যা দেওয়া হইয়াছে।

গুল্মশূল, পু, রোগ বিশেষ।

গুল্মী, স্ত্রী, আমলকী, এলা, গৃধ্র, নখীবৃক্ষ, গুড়কাউনী।

গুবাক, পু, বৃক্ষবিশেষ, গুয়া, সুপারি; (বৃক্ষের মাথির গুণ) স্বাদু, তিক্ত, কষায়, বল প্রাণ শুক্রবৃদ্ধি ভেদ ও মদকর, মূত্ররোগনাশক; (আঠার গুণ) শীতল, মোহন, গুরু, বিপাকে উষ্ণ, ক্ষারময়, সাম্ন; (ফলের গুণ) সম্মোহনকারী, কষায়, স্বাদু, রেচক, ত্রিদোষপ্রশমক, রুচ্য, মুখের ক্লেদ ও ময়লা নাশক, গুরু, রুক্ষ, কফ পিত্তকর, দীপক; (আর্দ্র ফলের গুণ) গুরু, অভিস্যন্দী, অগ্নিদৃষ্টিহর; (কাঁচা ফলের গুণ) কষায়, মুখের ময়লা রক্ত আম শ্লেষ্মা পিত্ত উদরাধ্মান নাশী, কণ্ঠশুদ্ধিকর, সারক; (শুষ্ক ফলের গুণ) কণ্ঠরোগ নাশক, রুচিকর, পাচক এবং রেচক।

গুহা, স্ত্রী, সিংহপুচ্ছী লতা, চাকুল্যা, শালপর্ণী।

গুহাবদরী, স্ত্রী, রুমিমস্তকী বৃক্ষ, শালপানি।

গুহ্যপুষ্প, পু, অশ্বত্থ বৃক্ষ।

গুহ্য বীজ, পু, ভূতৃণ।

গুহ্য সংকোচক পেশী, (Sphincter ani) মলদ্বার সংকোচক পেশী বিশেষ।

গূঢ়পত্র, পু, করীর বৃক্ষ, অঙ্কোঠ বৃক্ষ।

গূঢ়পুষ্পক, পু, বকুল বৃক্ষ।

গূঢ়ফল, পু, বদর।

গূঢ়বল্লিকা, স্ত্রী, অঙ্কোঠ বৃক্ষ।

গূবাক, পু, গুবাক, সুপারি।

গূস স্কিন, (Goose Skin) রোমাঞ্চ।

গৃঞ্জন, ন, মূলবিশেষ, সলগম; (গুণ) কটু, উষ্ণ, কফ বাতরোগ ও গুল্ম নাশক, রুচ্য, দীপক, হৃদ্য, দুর্গন্ধ। বৃদ্ধাঙ্গুলির সন্ধির বিবর্দ্ধন ও স্ফীতি। পু, রসোনক, লশুন, রক্তলশুন।

গৃধ্রনখী, স্ত্রী, কুলিক বৃক্ষ, কালিয়া কড়া, গুড় কাউনি, কোলি বৃক্ষ।

গৃধ্রপত্রা, স্ত্রী, ধূম্রপত্রা বৃক্ষ।

গৃধ্রসী, স্ত্রী, বাতরোগ বিশেষ (Sciatica). উরুসন্ধির বাত, বঙ্কন, স্নায়ুর শূল।

গৃধ্রানা, স্ত্রী, ধূম্রপত্রা বৃক্ষ।

গৃষ্টি, স্ত্রী, বরাহক্রান্তা, বদর বৃক্ষ, কাশ্মরী

গৃহ, ন, শৈলজ।
গৃহকন্যা, স্ত্রী, ঘৃতকুমারী।
গৃহদ্রুম, পু, মেঢ়শৃঙ্গী বৃক্ষ।
গৃহধূম, পু, ঝুল।
গৃহনী, স্ত্রী, কাঞ্জিক।
গৃহপুত্রিকা, স্ত্রী, ঘৃতকুমারী।
গৃহাম্ল, ন, কাঁজি।
গৃহাশয়া, স্ত্রী, তাম্বুলী, পানের গাছ।
গৈরিক, ন, স্বর্ণ, রক্তবর্ণ ধাতু বিশেষ, গেরীমাটী ; (গুণ) মধুর, শীতল, কষায়, ব্রণরোপক, বিস্ফোটক অর্শ অগ্নিদাহ প্রশমক, নির্ম্মল এবং স্নিগ্ধ। পু, জলমধুক বৃক্ষ।
গৈরী, স্ত্রী, লাঙ্গলিকী বৃক্ষ, বিষলাঙ্গলিয়া।
গৈরেয়, ন, শিলাজতু।
গোকণ্ট, পু, গোক্ষুরী।
গোকণ্টক, পু, গোক্ষুরক বৃক্ষ, বিকণ্টক বৃক্ষ।
গোকর্ণী, স্ত্রী, মূর্ব্বালতা।
গোকৃত, ন, গোময়।
গোক্ষুর, পু, গোক্ষুর বৃক্ষ।
গোখুরি, পু, গোক্ষুর বৃক্ষ।
গোচ্ছাল, পু, ভূকদম্ব, কুলাহল বৃক্ষ, কুকসিমা।
গোজল, ন, গোমূত্র।
গোজা, স্ত্রী, গোলোমিকা বৃক্ষ।

গোজাগরিক, পু, কণ্টকারিকা।
গোজাপর্ণী, স্ত্রী, দুগ্ধফেণী বৃক্ষ।
গোজিহ্বা, স্ত্রী, ক্ষুপবিশেষ। গোজিয়া লতা; (গুণ) কটু, তীক্ষ্ণ, শীতল, পিত্ত সর্ব্বদন্তী বিষার্ত্তি নাশী, ব্রণ-সংরোপক। গবেধুকা, গড়গড়।
গোজিহ্বিকা, স্ত্রী, গোজিহ্বা লতা।
গোড়ুম্ব, পু, শীর্ণবৃন্ত, তরমুজ।
গোড়ুম্বা, স্ত্রী, গবাদনী, গোমুক।
গোড়ুম্বিকা, স্ত্রী, গোড়ুম্বা।
গোণী, স্ত্রী, একশত আট শের পরিমাণ।
গোত্র বৃক্ষ, পু, ধম্বন বৃক্ষ।
গোথ, পু, গোময়।
গোদন্ত, ন, স্বনামখ্যাত শ্বেতবর্ণ হরিতাল ভেদ, হরিতাল।
গোদুগ্ধ, ন, গাভীদুগ্ধ ; ইহা পবিত্র, রসায়ন, সুপথ্য, প্রীতি পুষ্টি বল ও আয়ুঃপ্রদ, পিত্ত রক্তবিকার হৃদ্রোগ বিষ ও ত্রিদোষ নাশক।
গোদুগ্ধদা, স্ত্রী, চণ্ডিকা তৃণ।
গোদ্রব, পু, গোমূত্র।
গোধা, স্ত্রী, গোসাপ ; (মাংসগুণ) বাত শ্বাসকাশ নাশী, পাকে মধুর, কষায়, কটুরস, পিত্তনাশক, রক্ত শুক্র বলকর।
গোধাপদিকা, স্ত্রী, গোধাপদী লতা।

গোধাপদী, স্ত্রী, গোয়ালিয়া লতা ; (গুণ) কটু, উষ্ণ, বিষভূত ভ্রান্তি অপস্মার নাশক এবং রসায়ন। তালমূলী, মুষলী।

গোধাবতী, স্ত্রী, হংসপদী,গোয়ালিয়া লতা।

গোধাবসা, স্ত্রী, গোসাপের চর্ব্বি ; (গুণ) সর্পের চর্ব্বির ন্যায়।

গোধাস্কন্ধ, পু, বিট্‌খদির।

গোধি, পু, গোধিকা।

গোধিনী, স্ত্রী, ক্ষবিকা, বৃহতী ভেদ।

গোধুম, পু, গোধূম, গম।

গোধূম, পু, ব্রীহিভেদ, গম ; (গুণ) স্নিগ্ধ, মধুর, বাতপিত্ত ও দাহ নাশক, গুরু, শ্লেষ্ম মদ বল রুচি বীর্য্যকর, বৃংহণ, জীবনহিতকর, শীতল, ভগ্নসন্ধান স্থৈর্য্যকর, সারক। নাগরঙ্গ, ঔষধ-বিশেষ।

গোধূম কাঞ্জিক, গমের কাঁজি ; (গুণ) রুচিকর, কষায়, সন্দীপক, জারক, মূর্চ্ছা শূল বায়ু ও অজীর্ণ নাশক।

গোধুম চূর্ণ, ন, ময়দা।

গোধূমমণ্ড, ন, সেউবীর, কাঞ্জিকভেদ, গমের মণ্ড ; ইহা মধুর ও পিত্ত-নাশক।

গোধূমসার, পু, গোধূমের সারভাগ, গালো।

গোধূমী, স্ত্রী, গোলোমিকা।

গোনর্দ্দ, ন, কৈবর্ত্তিমস্তক।

গোনিষান্দ, পু, গোমূত্র।

গোনু, (Gonu) জানু, হাঁটু।

গোনাইটিস্, (Gonitis) জানুপ্রদাহ।

গোনেগ্রা, (Gonagra) জানুর বাতরক্ত বা গাউট।

গোনাল্‌জিয়া, (Gonalgia) জানু বেদনা।

গোপকন্যা, স্ত্রী, শারিবৌষধি।

গোপঘণ্টা, স্ত্রী, হস্তিকোলি, শেয়াকুল, বিকঙ্কত বৃক্ষ।

গোপতি, পু, ঋষভনামক ওষধি।

গোপদল, পু, গুবাক।

গোপন, ন, তমালপত্র, তেজপত্র।

গোপভদ্র, ন, শালুক।

গোপভদ্রা, স্ত্রী, কাশ্মীরি বৃক্ষ।

গোপভদ্রিকা, স্ত্রী, গাম্ভারী বৃক্ষ।

গোপরস, পু, বোল।

গোপবধূ, স্ত্রী, শারিবা।

গোপবল্লী, স্ত্রী, মূর্ব্বা, শারিবা, শ্যামালতা।

গোপা, স্ত্রী, শ্যামালতা।

গোপাল, পু, অনন্তমূল।

গোপাল কর্কটী, স্ত্রী, কর্কটীভেদ, গোয়াল-কাঁকরী ; (গুণ) শীতল, মধুর, পিত্ত মূত্রকৃচ্ছ্র অশ্মরী মেহ দাহ এবং শোষ নাশক।

গোপালী, স্ত্রী, গোপাল কর্কটী, গোরক্ষী।
গোপিত্ত, ন, গোরোচনা।
গোপিনী, স্ত্রী, শ্যামালতা।
গোপী, স্ত্রী, অনন্তমূল।
গোপূটা, স্ত্রী, স্থূলৈলা, বড় এলাইচ।
গোপূর, ন, কেশুর।
গোপূরক, পু, কুন্দুরুক।
গোমতীজল, ন, গোমতী নদীর জল ; (গুণ) নর্ম্মদা জলের ন্যায়।
গোময়, ন-পু, স্বনামখ্যাত দ্রব্য, গোবর।
গোময়চ্ছত্র, ন, করক, কোঁড়ক ছাতা।
গোময় ছত্রিকা, স্ত্রী, করক।
গোময়প্রিয়, ন, ভূতৃণ, গন্ধখড়।
গোময়োদ্ভব, পু, আরগ্বধ, সোঁদাল।
গোমরী, স্ত্রী, রামবেগুন।
গোমস্থ্যাধান, (Vaccination) গোবীজে টীকা দান।
গোমূত্র, ন, চোনা ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, লঘু, কফ বাত ও ত্বক্‌দোষ নাশক, পিত্তহর, দীপক, মেধ্য, মতিপ্রদ, তীক্ষ্ণ, ক্ষার, কষায়, শূল গুল্ম উদর আনাহ কণ্ডু অক্ষি মুখরোগ কিলাস বাত আম বস্তি কুষ্ঠ শ্বাস কাশ শোথ কামলা পাণ্ডু অতিমূত্ররোধ কৃমি শীত প্লীহা নাশক, সর্ব্বমূত্র হইতে গুণাধিক।
গোমূত্রিকা, স্ত্রী, তৃণবিশেষ, তাম্বড়; (গুণ) মধুর, বৃষ্য, গোদুগ্ধদায়ী।
গোমেদক, পু, গোমেদ মণি, কাকোল, পত্রক। পু, স্বনামখ্যাত মণি ; (গুণ) অম্ল, উষ্ণ, বাতকোপ বিকার নাশী, দীপক, পাচক, ধারণে পাপনাশক।
গোয়্যাকম, (Goacum) বৃক্ষবিশেষ, সেণ্ট ডোমিঙ্গো এমেকা প্রভৃতি আমেরিকাখণ্ডস্থ উপদ্বীপে জন্মে। এই বৃক্ষ হইতে এক প্রকার ধুনা জন্মে, তাহাকে (Guaiac resin) গোয়েক রিজেন বলে ; ইহার ক্রিয়া— পরিবর্ত্তক, উত্তেজক, ঘর্ম্মকারক, শরীর শীতল রাখিলে মূত্রকারক, রজোনিঃসারক, কচিৎ লালানিঃসারক, অধিক মাত্রায় বিরেচক, অত্যন্ত অধিক মাত্রায় পাকাশয় এবং অন্ত্রমধ্যে প্রদাহ উপস্থিত করে। জ্বর এবং প্রদাহ থাকিলে নিষিদ্ধ।
গোর্ড, (Gourd) কলোসিন্থ প্রভৃতি কর্ক্করবিটেশী জাতীয় উদ্ভিদ ; তুম্বি।
গোরট, পু, দুর্খদির।
গোরস, পু, দধি, দুগ্ধ, তক্র।
গোরসজ, ন, তক্র।
গোরক্ষ, পু, ঋষভ নামক ওষধি, নাগরঙ্গ।

গোরক্ষকর্কটী, স্ত্রী, চির্ভিটা।

গোরক্ষজম্বু, স্ত্রী, গোধুম, গোরক্ষ তণ্ডুল, ঘোন্টাফল।

গোরক্ষতণ্ডুলা, স্ত্রী, ক্ষুদ্র লতা বিশেষ, গোরক্ষ চাউলিয়া।

গোরক্ষতুম্বী, স্ত্রী, কুম্ভতুম্বী।

গোরক্ষদুগ্ধা, স্ত্রী, ক্ষুপবিশেষ; (গুণ) মধুর, বৃষ্য, সংগ্রাহী, হিম, সর্ব্ব বশীকর, রসসিদ্ধ গুণপ্রদ।

গোরক্ষী, স্ত্রী, ক্ষুপবিশেষ; (গুণ) মধুর, তিক্ত, শীতল, দাহ পিত্ত বিস্ফোটক ও অতিসার দোষ নাশক।

গোরোচ, ন, হরিতাল।

গোরোচনা, স্ত্রী, স্বনামখ্যাত পীতবর্ণ দ্রব্য বিশেষ; (গুণ) শীতল, তিক্ত, বশ্য, মঙ্গলকান্তিকর, বিষ অলক্ষ্মী গ্রহোন্মাদ এবং গর্ভস্রাব ক্ষত নাশক, রুচ্য এবং পবিত্রতা এবং শৃঙ্গার হিতকর, কৃমি কুষ্ঠ নাশক, ভূতোপশমনক ও জনমোহনক। গোপিত্তাশয়।

গোর্দ্দা, স্ত্রী, মস্তিষ্ক, মস্তকস্থ ঘৃত।

গোল্ড, (Gold) স্বর্ণ।

গোল্ড বিটার্স স্কিন, (Gold beater's skin) বৃষের অন্ত্রের চর্ম্ম, ব্রণ আবরণ জন্য ব্যবহৃত হয়।

গোল, পু, মদন বৃক্ষ, বোল।

গোলক, পু, গন্ধরস নামক বণিক্ দ্রব্য, কলায়, মটর।

গোলা, স্ত্রী, পুনটী, পত্রাঞ্জন।

গোলার্ড ওয়াটার, (Golard water) এশিটেট অফ লেড দ্রব। শীতল গুণের জন্য বাহ্যপ্রয়োগার্থ ব্যবহৃত হয়।

গোলাস, পু, গোলামছত্রিকা।

গোলিহ, পু, ঘণ্টাপাটলি।

গোলীঢ়, পু, ঘণ্টাপাটলি।

গোলোমিকা, স্ত্রী, ক্ষুপবিশেষ; (গুণ) কটু, তিক্ত, ত্রিদোষপ্রশমক, হিম, শূলরোগ নাশক, গ্রাহী এবং দীপক।

গোলোমী, স্ত্রী, গোলোমিকা, শ্বেত দূর্ব্বা, বচা, ভূতকেশ।

গোলোমীজল, ন, গোলোমী নদীর জল; (গুণ) নর্ম্মদা জলের ন্যায়।

গোবন্দনী, স্ত্রী, প্রিয়ঙ্গু বৃক্ষ, পীত দণ্ডোৎপল।

গোবর, ন, গোক্ষুর ক্ষুণ্ণ, গোষ্ঠস্থ শুষ্ক গোময় চূর্ণ।

গোবিট, পু, গোময়।

গোশকৃৎ, ন, গোময়।

গোশীর্ষ, ন, চন্দন, হরিচন্দন।

গোশীর্ষক, পু, দ্রোণপুষ্পী বৃক্ষ, ঘলঘসিয়া।

গোশৃঙ্গ, বর্ব্বুর বৃক্ষ।

গোম, পু, বোল।

গোমস্তবা, স্ত্রী, শ্বেত দুর্ব্বা।

গোমশশ, পু, শ্বেত দুর্ব্বা, বোল।

গোস্তনা, স্ত্রী, দ্রাক্ষা।

গোস্তনী, স্ত্রী, দ্রাক্ষা, কপিল দ্রাক্ষা।

গোহন্ন, ন, গোময়।

গোহরিতকী, স্ত্রী, বিল্ববৃক্ষ।

গোহাসিয়া, স্ত্রী, লতাবিশেষ, গোয়ালে লতা।

গোহিত, পু, ঘোষালতা, বিল্ব।

গোক্ষুর, পু, গোখুরী; (গুণ) সুশীতল, বলপ্রদ, মধুর, বৃংহণক, কৃচ্ছ্র অশ্মরী মেহ ও বিদাহ নাশক, রসায়ন, বৃহৎ হইলে গুণতর; স্বাদু, বস্তিশোধক, দীপক, পুষ্টিকর, শ্বাস কাশ অর্শ ব্রণ নাশক, বায়ুনাশক ও বৃষ্য; (শাক গুণ) তিক্ত, বৃষ্য, স্রোতোবিশোধক।

গোক্ষুরক, পু, গোখুরী।

গৌড়বাস্তুক, পু, চিল্লী শাক।

গৌড়িক, ন, মদ্যবিশেষ।

গৌড়ী, স্ত্রী, গুড়ের মদ; (গুণ) তীক্ষ্ণ, উষ্ণ, মধুর, বাতনাশক, পিত্ত বল কান্তি ও তৃপ্তিকর, দীপক এবং পথ্য।

গৌণ, (Remote) দূরস্থ।

গৌণ উপদংশ, (Secondary Syphilis) উপদংশ সংক্রমণ প্রযুক্ত প্রথমে যে স্থানে ক্ষত হয়, তথা হইতে দূরবর্ত্তী স্থানে রক্ত দূষিত হইয়া ক্ষত জন্মিলে তাহাকে গৌণ বা (Secondary Sephilis) সেকেণ্ডরী সিফিলিস্ কহে।

গৌণ ক্রিয়া, (Secondary action) অপ্রধান ক্রিয়া, দূরবর্ত্তী ক্রিয়া।

গৌতম, পু, স্থাবর বিষভেদ।

গৌতমী, স্ত্রী, গোরোচনা।

গৌর, ন, পদ্মকেশর, কুঙ্কুম, স্বর্ণ। পু, শ্বেত সর্ষপ, ধব বৃক্ষ।

গৌরজীরক, পু, শ্বেতজীরক, সাদা জীরা; (গুণ) হিম, রুচিকর, কটু, মধুর, দীপক, কৃমি বিষ আধ্মান নাশক, চক্ষুর হিতকর।

গৌরত্বক, পু, ইঙ্গুদি বৃক্ষ।

গৌরব, (Heaviness) ভার।

গৌরীশাক, পু, মধুক বৃক্ষ বিশেষ।

গৌর সর্ষপ, পু, শ্বেত সর্ষপ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, বাতরক্ত গ্রহ ত্বকদোষ বিষভূত ও ব্রণ নাশী, রুচ্য, হৃদ্য, তীক্ষ্ণ, কফ কণ্ডূ কুষ্ঠ শোথ ও কৃমিনাশক এবং রক্তপিত্ত ও অগ্নিবর্দ্ধক।

গৌরসুবর্ণ, পু, পত্রশাক বিশেষ। ইহ চিত্রকূট দেশে প্রসিদ্ধ; (গুণ) শীতল।

কফ পিত্ত দাহ রুচি ভ্রান্তি রক্ত ও শ্রম নাশক এবং পথ্য।

গৌরা, স্ত্রী, হরিদ্রা।

গৌরার্দ্রক, পু, স্থাবর বিষভেদ।

গৌরিল, পু, শ্বেত সর্ষপ, লৌহচূর্ণ।

গৌরী, স্ত্রী, হরিদ্রা, দারুহরিদ্রা, গোরোচনা, প্রিয়ঙ্গু বৃক্ষ, মঞ্জিষ্ঠা, শ্বেত দুর্ব্বা, মল্লিকা, তুলসী, স্বর্ণ কদলী, আকাশমাংসী।

গৌরীজ, ন, অভ্র।

গৌরীপুষ্প, পু, প্রিয়ঙ্গু বৃক্ষ।

গৌরীললিত, ন, হরিতাল।

গৌলিক, পু, মুস্কক বৃক্ষ।

গ্যাংগ্রীণ, (Gangrene) জীবিত শরীর পচনের প্রথমাবস্থা, বিগলন, কোথ।

গ্যাংগ্লিয়ন, (Ganglion) স্নায়ুর বিবর্দ্ধন হেতু গ্রন্থির উৎপত্তি, অর্ব্বুদ, প্রসারণী কণ্ডরাস্থিত কোষাবৃত শক্ত অর্ব্বুদ। গ্রন্থিল স্নায়ু, সাধারণতঃ ইতর জাতীয় প্রাণীদিগের মধ্যে ইহা বিশেষরূপে দেখিতে পাওয়া যায়। গ্রন্থি।

গ্যাংগ্লিয়া, (Ganglia) গ্যাংগ্লিয়নের বহুবচন।

গ্যাম্বোজ, (Gamboge) নটীকেরি জাতীয় বৃক্ষবিশেষেরধুনা; ইহা অতি বিরেচক।

গ্যালন, (Gallon) আট পাইণ্ট; তরল দ্রব্যের পাঁচ শের পরিমাণ।

গ্যালবেনম, (Galbanum) সিরিয়া পারস্য ও আরব দেশজাত একপ্রকার গঁদ ও ধুনাযুক্ত নির্য্যাস (আঠা); ক্রিয়া,—হিঙ্গুর ন্যায়, কিন্তু তদপেক্ষা ক্ষীণ; হিষ্টিরিয়া উদারাধ্মান আধ্মান শূল পুরাতন কাশ প্রভৃতি রোগে উপকারক, সামান্য অর্ব্বুদাদিতে ইহার পলস্তারা ব্যবহারে উপকার দর্শে; মাত্রা,—১০ হইতে ২০ গ্রেণ পর্য্যন্ত।

গ্যাল্‌ভ্যানিজম, (Galvanism) দস্তা তাম্র প্রভৃতি ধাতু হইতে ভিন্ন ভিন্ন তরল পদার্থের সংযোগে রাসায়নিক ক্রিয়া বশতঃ সমুৎপাদিত তাড়িৎ। ভোল্টেয়িক ইলেক্‌ট্রিসিটী। গ্যাল্‌ভ্যানি নামক পণ্ডিত ইহা আবিষ্কার করিয়াছিলেন বলিয়া তাঁহার নামানুসারে এই বৈদ্যুতিক ক্রিয়ার পূর্ব্বে "গ্যাল্‌ভ্যানিক" শব্দ ব্যবহৃত হইয়া থাকে।

গ্যাল্‌ভ্যানিক ব্যাটারী, (Galvanic Battery) তাড়িত যন্ত্র; এতদ্দ্বারা রুগ্ন ব্যক্তির শরীরে তাড়িত সঞ্চারিত করা যায়।

গ্যালেক্টরিয়া, (Galactorrhœa) অতিরিক্ত স্তন্যস্রাব, দুধ বাড়া।

গ্যালেক্টেগগ, (Galactagogue) স্তন্য-নিঃসারক ঔষধ।

গ্যালেক্‌টিয়া, (Galactia) দুগ্ধবর্দ্ধন, স্তনে দুগ্ধের পরিমাণ বৃদ্ধি।

গ্যাষ্টার, গ্যাষ্ট্রা, গ্যাষ্ট্রো, (Gaster, Gastra, Gastro) আমাশয় বা আমাশয়-বাচী পূর্ব্বপদ।

গ্যাষ্ট্রাল্‌জিয়া, (Gastralgia) আমাশয়ে বেদনা, আমাশয় শূল।

গ্যাষ্ট্রাইটিস্‌, (Gastritis) আমাশয় অর্থাৎ পাকস্থলীর প্রদাহ।

গ্যাষ্ট্রিক, (Gastric) পাকস্থলীসম্বন্ধীয়, আমাশয়িক।

গ্যাষ্ট্রিক জুশ, (Gastric juice) আমাশয় হইতে উৎপন্ন একপ্রকার অম্লরস; এই রসে ভুক্তদ্রব্য জীর্ণ হয়। পাচক রস, আমাশয়িক রস।

গ্যাষ্ট্রো এণ্টিরাইটিস্‌, (Gastro Enteritis) আমাশয় ও অন্ত্রের প্রদাহ।

গ্যাষ্ট্রোডিনিয়া, (Gastrodynia) পাকস্থলীয় আক্ষেপিক বা স্নায়বীয় বেদনা, জঠরশূল।

গ্যাষ্ট্রো ম্যালেক্‌সিয়া, (Gastro malaxia) আমাশয়ের কোমলতা।

গ্যাষ্ট্রোসিস্‌, (Gastrosis) পাকস্থলীর রোগের সাধারণ নাম।

গ্যাস, (Gas) স্থিতিস্থাপক বাষ্প, যথা—অক্সিজেন, হাইড্রোজেনাদি।

গ্যাস্প, (Gasp) শ্বাসগ্রহণ জন্য বিস্তৃতভাবে মুখব্যাদান, খাবি খাওয়া।

গ্রণ্টিং, (Grunting) গভীর কণ্ঠস্বর।

গ্রন্থি, পু, রোগবিশেষ, ভদ্রমুস্তা, পিণ্ডালু, গ্রন্থিপর্ণ বৃক্ষ, গোঠেলা, (Gland) ভিন্ন ভিন্ন রসস্রাবী বর্ত্তুলের ন্যায় আকারবিশিষ্ট শরীরের ভিতরের গঠন বিশেষ; যথা,—মূত্রগ্রন্থি, শুক্রগ্রন্থি ইত্যাদি।

গ্রন্থিক, পু, করীর।

গ্রন্থিদলা, স্ত্রী, মালাকন্দ।

গ্রন্থিদূর্ব্বা, স্ত্রী, মালাদূর্ব্বা।

গ্রন্থিপর্ণ, ন, বৃক্ষবিশেষ, গেঠেলা; (গুণ) তিক্ত, তীক্ষ্ণ, কটু, উষ্ণ, দীপক, লঘু, কফ বাত বিষ শ্বাস কণ্ডু দৌর্গন্ধ নাশী; (লেপনগুণ) রুক্ষ, জ্বরনাশক। পু, চোরকনামক গন্ধদ্রব্য।

গ্রন্থিপর্ণা, স্ত্রী, জতুকা লতা।

গ্রন্থিপর্ণী, স্ত্রী, গণ্ডদূর্ব্বা।

গ্রন্থিফল, পু, শাকুরুণ্ড বৃক্ষ, কপিত্থ বৃক্ষ, মদন বৃক্ষ।

গ্রন্থিমৎফল, পু, লকুচ, মাদার।

গ্রন্থিমান, পু, অস্থিসংস্থাপক বৃক্ষ, হাড়-

ভাঙ্গা, হাড়জেড়ো, অস্থিসংহারী, বজ্রাঙ্গী, অস্থিশৃঙ্খলা ; (গুণ) বাত-শ্লেষ্ম কৃমি দুর্নাম নাশী, অস্থিযোক্তা, উষ্ণ, সারক, অম্লরোগ ও পিত্তকর, রুক্ষ, স্বাদু, লঘু, বৃষ্য এবং পাচক।

গ্রন্থিমূল, ন, গৃঞ্জন।

গ্রন্থিমূলা, স্ত্রী, মালাদূর্ব্বা।

গ্রন্থিল, ন, পিপ্পলীমূল, আর্দ্রক। পু, বিকঙ্কত বৃক্ষ, তণ্ডুলীয় শাক, বিকণ্টক বৃক্ষ, পিণ্ডালু, চোরক। গ্রন্থিবিশিষ্ট।

গ্রন্থিল স্নায়ুমণ্ডল, (Ganglionic nerves) গ্রন্থিবিশিষ্ট স্নায়ুসমুদায়।

গ্রন্থিলা, স্ত্রী, ভদ্রমুস্তা, গণ্ডদূর্ব্বা, মালা-দূর্ব্বা।

গ্রন্থিবর্হী, পু, গ্রন্থপর্ণ বৃক্ষ।

গ্রন্থীক, ন, গ্রন্থিক, পিপ্পলীমূল।

গ্রয়েন, (Groin) কুঁচকী।

গ্রহণি, স্ত্রী, গ্রহণীরোগ।

গ্রহণী, স্ত্রী, অগ্নির অধিষ্ঠান নাড়ী, স্বনাম-খ্যাত রোগ (Cronic. diarrhœa)।

গ্রহণীহর, ন, লবঙ্গ।

গ্রহদ্রুম, পু, শাক বৃক্ষ, কাকড়াশৃঙ্গী, মেঢ়াশৃঙ্গী।

গ্রহনাশ, পু, বৃক্ষবিশেষ, ছাতিম।

গ্রহনাশন, পু, বৃক্ষবিশেষ, ছাতিম।

গ্রহপতি, পু, অর্ক বৃক্ষ।

গ্রহভীতিজিৎ, পু, চীড়ানামক গন্ধদ্রব্য।

গ্রহাশী, পু, গ্রহনাশ বৃক্ষ।

গ্রহাহ্বয়, পু, ভূতাঙ্কুশ বৃক্ষ।

গ্রাইণ্ডিং পেইন্স, (Grinding pains) প্রসবের প্রথমাবস্থায় পেষণবৎ বেদনা।

গ্রাইপ, (Gripe) পেট কামড়ানি।

গ্রাইপিং, (Griping) কামড়ানবৎ বেদনা।

গ্র্যাফাইটিস্, (Black lead) কৃষ্ণবর্ণ সীস ধাতু।

গ্র্যাণিউল, (Granule) নির্দ্দিষ্ট আকার শূন্য অণু, পরমাণু, কণা।

গ্র্যানেটাই র‍্যাডিসিস কর্টেক্স, প্রোম-গ্র্যানেট রুটবার্ক, দাড়িম্বমূলের ছাল ; ক্রিয়া,—কৃমিনাশক ও ঈষৎ সঙ্কোচক, ফিতার ন্যায় কৃমি (Tape worm) রোগে বিশেষ উপ-কারক।

গ্র্যানুলেশন, (Granulation) ক্ষত আরোগ্য সময়ে তাহাতে যে ক্ষুদ্র ক্ষুদ্র মাংসের অঙ্কুর জন্মে, ক্ষতাঙ্কুর, দানা উৎপাদন।

গ্র্যানিউলার, (Granular) দানাময়।

গ্র্যাফাইটিস্, (Graphitis) কৃষ্ণবর্ণ সীস।

গ্র্যাফিয়েন ভেসিকেলস্, (Grafian vesicles) ডিম্বকোষের উপরিভাগস্থ

ডিম্বানুধারী ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার কোষ।

গ্র্যাসিলিস্, (Gracilis) উরুদেশের অভ্যন্তর পার্শ্বে অবস্থিত চেপ্টা পাতলা দীর্ঘ পেশী বিশেষ।

গ্র্যাসিলেরিয়া লাইকেন ইডিস, সিলোন-মস'; ক্রিয়া,—স্নিগ্ধকারক, পোষক, অতি লঘুপাক এবং পুষ্টিকর, এজন্য শিশু ও দুর্ব্বলের পক্ষে ব্যবহার্য্য।

গ্র্যাভিটী স্পেশিফিক, (Gravity Specific) সকল দ্রব্যের পরিমাণ ও অনুপাত, তরল অতরল জল বায়ু এবং বাষ্পবৎ পদার্থের পরিমাণের আদর্শ ; আপেক্ষিক গুরুত্ব।

গ্র্যাভিটেশন, (Gravitation) মাধ্যাকর্ষণ, জড় পদার্থের যে শক্তি প্রভাবে বস্তু-সকল পরমাণুর পরিমাণানুসারে স্বীয় কেন্দ্রাভিমুখে আকৃষ্ট হয়।

গ্র্যাভেল, (Gravell) অশ্মরি, পথরী।

গ্র্যাম, (Gramme) ফ্রেঞ্চ (ফরাসী দেশীয়) পরিমাণবিশেষ। ১৫০ ৪৩২ ট্রয় গ্রেণের ওজনের সমান।

গ্রামজনিষ্পাবী, স্ত্রী, নখনিষ্পাবী।

গ্রামণী, স্ত্রী, নীলিকা।

গ্রামিণী, স্ত্রী, নীলী বৃক্ষ, ক্ষিরাই।

গ্রামীণা, স্ত্রী, নীলী বৃক্ষ, ক্ষিরাই।

গ্রামীণা, স্ত্রী, নীলি বৃক্ষ, পালঙ্ক্য শাক।

গ্রাম্যকন্দ, বন ওল, মানকচু।

গ্রাম্যকর্কটী, স্ত্রী, কুষ্মাণ্ড।

গ্রাম্য কুঙ্কুম, ন, কুসুম্ভ, কুসুম ফল।

গ্রাম্য মদ্গুরিকা, স্ত্রী, শৃঙ্গী মৎস্য।

গ্রাম্যবল্লভা, স্ত্রী, পালঙ্কশাক, পালংশাক।

গ্রাম্যা, স্ত্রী, নীলী, নিষ্পাবী।

গ্রাহক, পু, সিতাবর শাক।

গ্রাহবস, স্ত্রী, হাঙ্গরের চর্ব্বি ; (গুণ) মৎস্য-বসার ন্যায়।

গ্রাহিণী, স্ত্রী, ক্ষুদ্র দুরালভা, তাম্রমূলা বৃক্ষ, ক্ষীরুই।

গ্রাহিফল, পু, কপিথ বৃক্ষ।

গ্রাহী, ন-পু, কপিথ বৃক্ষ। পু, মলবন্ধ, ধারক।

গ্রিসেল, (Gristle) অস্থিসংলগ্ন উপাস্থিময় পদার্থ, কোমলাস্থি।

গ্রীণ ভিট্রিওল, (Green Vitriol) হিরাকস।

গ্রীণ সিক্‌নেশ, (Green sickness) হরিৎ-পীড়া, মৃৎপাণ্ডু।

গ্রীবা, (Neck) ঘাড়।

গ্রীবা স্তম্ভ, ( Stiff neck) ঘাড়ের পেশীর বাতরোগ বিশেষ, এই রোগে রোগী ঘাড় নাড়িতে পারে না।

গ্রীষ্মজা, স্ত্রী, লবণী, নোণা ফল।

গ্রীষ্ম পুষ্পী, স্ত্রী, করুণী পুষ্প বৃক্ষ।

গ্রীষ্মভবা, স্ত্রী, নবমল্লিকা, গিমা শাক।

গ্রীষ্মা সুন্দরক, পু, গিমা শাক ; (গুণ) তিক্ত, লঘু, কফ পিত্তদোষ নাশক এবং রুচিকর।।

গ্রীষ্মী, স্ত্রী, নবমল্লিকা।

গ্রীষ্মোদ্ভবা, স্ত্রী, নবমল্লিকা।

গ্রীণ্ডিলিয়া রোবাষ্টা, মার্কিণ ক্ষুপবিশেষ।

গ্রীণ্ডিলিয়া স্কোয়ারোসা, মার্কিণ ক্ষুপ-বিশেষ।

গ্রুমাস, (Grumous) গাঢ়, সংযত।

গ্রেজিং, (Grazing) মৃদুঘর্ষণ বা সংস্পর্শন শব্দ।

গ্রেটিং, (Grating) কর্কশ প্রতিঘর্ষণ শব্দ।

গ্রেণ, (Grain) ট্রয় পরিমাণের এক আউন্সের ৪৮০ ভাগের এক ভাগ। এভরডিপর পরিমাণের এক আউন্সের ৪৩৭॥০ ভাগের একভাগ। এক তোলার ১৮০ ভাগের এক ভাগ; প্রায় অর্দ্ধ রতি পরিমাণ।

গ্রেপ সুগার, (Grape sugar) দ্রাক্ষাফলজাত শর্করা।

গ্রে ম্যাটার, (Grey matter) মস্তিষ্কের ধূসর বর্ণ পদার্থ।

গ্রৈষ্মী, স্ত্রী, নবমল্লিকা।

গ্লকোমা গ্লকোসিস, (Glaucoma Glaucosis) একপ্রকার অন্ধতা ; ইহাতে চক্ষুর ভিতর অত্যন্ত চাপ ও ভার অনুভব হয়, অক্ষিগোলক কঠিন ও চিত্র পত্র পক্ষাঘাতগ্রস্ত এবং কথন কথন মুকুরে হরিৎ বর্ণ জন্মে, দর্শনস্নায়ুর শীর্ণতা বশতঃ এই রোগ উৎপন্ন হইয়া থাকে। ধূসর মস্থ।

গ্লটাইটিস্, (Glottitis) গ্লটিশের প্রদাহ।

গ্লটিস্, (Glottis) স্বরযন্ত্রের উপরিভাগস্থ অপ্রশস্ত রন্ধ্র, স্বরযন্ত্র মুখ।

গ্লনয়েন, (Glonoin) নাইট্রোগ্লিসারিণ।

গ্লসা, (Glossa) জিহ্বা।

গ্লসো, (Glosso) জিহ্বাসম্বন্ধীয় বাচক পূর্ব্বপদ।

গ্লসোপ্লিজিয়া, (Glossopligia) জিহ্বার পক্ষাঘাত, জিহ্বা বাহির করিতে অসমর্থতা।

গ্লসো ফ্যারিঞ্জিয়েল, (Glosso pharyngial) জিহ্বা ও গলদোষ সম্বন্ধীয়।

গ্লসাইটিস্, (Glossitis) জিহ্বাপ্রদাহ।

গ্লস্যাল, (Glossal) জিহ্বাসম্বন্ধীয়।

গ্লাইসারাইনম, (Glyserinum) গ্লিসৃরীণ।

গ্ল্যাণ্ড, (Gland) নিস্রবনিঃসারী গ্রন্থি।

গ্ল্যাণ্ডার্শ, (Glanders) নাসাদূষিকা। অশ্ব হইতে সংক্রামিত ব্রণবিশিষ্ট একপ্রকার মারাত্মক রোগ।

গ্ল্যাণ্ডিউল, (Glandule) ক্ষুদ্র গ্রন্থি।

গ্ল্যাণ্ডিউলার, (Glandiuler) গ্রন্থিল বা গ্রন্থিসম্বন্ধীয়।

গ্ল্যাণ্ডিউলি, (Glandiulæ) ক্ষুদ্র গ্ল্যাণ্ড-সমূহ।

গ্ল্যান্স, (Glans) লিঙ্গমণি, লিঙ্গমুণ্ড, পুরুষাঙ্গের সুপারির ন্যায় অংশ, ভগাঙ্কুরের মস্তক।

গ্ল্যাবেলা, (Glabella) ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তী লোমহীন স্থান।

গ্লিনয়েড, (Glenoid) যে অস্থিগহ্বরে অন্য অস্থির মস্তক প্রবিষ্ট থাকে, এই প্রকার অস্থিগহ্বর সম্বন্ধীয়।

গ্লিসন্স ক্যাপ্‌সিউল, (Glissons Capsule) যকৃৎ পদার্থের অভ্যন্তরস্থ নাড়ী বেষ্টনকারী কোষ বিশেষ।

গ্লিসারোল, (Glycerole) বাহ্যপ্রয়োগার্থ গ্লিশরিণের সহিত মিশ্রিত ঔষধ।

গ্লিসৃরীণ, (Glycerine) সুমিষ্ট স্বাদবিশিষ্ট একপ্রকার তরল পদার্থ বসা (চর্ব্বি) হইতে উৎপন্ন হয় এবং ঔষধরূপে ব্যবহার্য্য; ক্রিয়া,—স্নিগ্ধ ও আর্দ্রকারক, বিবিধ চর্ম্মরোগ দন্তক্ষত ও উগ্র ক্ষতাদিতে ব্যবহার করা যায়। ইহা দ্বারা স্থানিক উগ্রতা দমিত হইয়া ক্ষতস্থান কোমল এবং আর্দ্র থাকে। কর্ণকুহরের শুষ্কতা হেতু যে বধিরতা জন্মে, তাহাতে পরম উপকারী।

গ্লীট, (Gleet) প্রমেহ রোগের পুরাতন অবস্থায় জ্বালা যন্ত্রণা ব্যতীত অল্প অল্প স্রাব নির্গম, লালা বা সূত্রমেহ।

গ্লু, (Glue) শিরিশ, অপরিস্কার জিলেটীন।

গ্লুকোজ, (Glucose) সল্‌ফিউরিক এসিডের ক্রিয়া বশতঃ শ্বেতসার হইতে নিঃসারিত চিনি।

গ্লুটাইটিস, (Glutitis) নিতম্ব প্রদাহ।

গ্লুটিনাস, (Glutinous) অতিশয় আঠাল।

গ্লুটিয়স, (Glutaeus) নিতম্ব পেশী, বস্তিগহ্বরের পৃষ্ঠস্থিত পেশী তিনটীর মধ্যে এক একটী।

গ্লুটিয়্যাল, (Gluteal) নিতম্বসংক্রান্ত।

গ্লুটেন, (Gluten) গোধূম প্রভৃতির যবক্ষারজানবিশিষ্ট অংশ, ইহা অতিশয় পুষ্টিকর ও আমিষাদি তন্তুবৎ পদার্থের সমান।

গ্লুটেনয়েড, (Glutenoid) গ্লুটেন সদৃশ।

গ্লুসিনা, (Glucina) একপ্রকার ক্ষারমিশ্রিত মৃত্তিকা।

গ্লেডাইওলাস, (Gladiolus) ক্ষুদ্রতর জলবৎ অংশ।

গ্লোবাস, (Globous) গোলাকার।

গ্লোবিউল, (Globule) দুগ্ধশর্করার সর্ষপাকার অতি ক্ষুদ্র বটিকা, হোমিওপ্যাথিক ঔষধে সিক্ত করিয়া ইহা ব্যবহৃত হয়। অনুবটিকা জড় পদার্থের অণুবীক্ষণ কর্ত্তৃক দৃষ্ট গোলাকার ক্ষুদ্রাংশ।

গ্লোবিউলিন, (Globulin) রক্তাণুর অণ্ডলালময় প্রধান অংশ। কাইলের শ্বেত অণু।

গ্লোবাস হিষ্টিরিকস, (Globus hystericus) গলার ভিতর গোলা উঠার ন্যায় অনুভব, আক্ষেপিক ক্রিয়া বশতঃ বায়ু প্রতিরুদ্ধ হইয়া হিষ্টিরিয়া প্রভৃতি রোগে এই লক্ষণ প্রকাশ পায়; গুল্মবায়ু গোলক।

গ্লৌ, পু, কর্পূর।

---

# ঘ

ঘট, পু, বত্রিশ শের পরিমাণ, দ্রোণ পরিমাণ।

ঘটলাবু, স্ত্রী, কুম্ভতুম্বী।

ঘড় ঘড় শব্দ, (Rhoncus), শ্বাসের কর্কশ শব্দ।

ঘণ্ট, পু, স্বনামখ্যাত ব্যঞ্জন বিশেষ, মৎস্যঘণ্ট; (গুণ) বল ও রুচিকর এবং বাতনাশক।

ঘণ্টক, পু, ক্ষুপবিশেষ, ঘেঁটকোণ; (মূলের গুণ) কফনাশক,কটুপাক ও পিত্তকর।

ঘণ্টকর্ণ, পু, পারুল।

ঘণ্টকর্ণক, পু, কাল চিতা।

ঘণ্টা, স্ত্রী, ঘণ্টাপাটলি বৃক্ষ।

ঘণ্টাকর্ণ, পু, ঘেঁটকোণ।

ঘণ্টাপাটলি, পু, ঘণ্টাপারুল বৃক্ষ।

ঘণ্টারবা, স্ত্রী, ঝন্‌ঝনিয়া, বণ শণ।

ঘণ্টালী, স্ত্রী, কোষাতকী।

ঘণ্টাবীজ, ন, জয়পাল।

ঘণ্টিনী বীজ, ন, জয়পাল।

ঘন, ন, লৌহ, দারুচিনি। পু, মুস্তা অভ্র, কর্পূর।

ঘন উপদেহ, (Opodeldoc) অপডেলডক দেখ।

ঘনগর্ভ শব্দ, (Dull sound) ঢপ্ ঢপ্ শব্দ।

ঘনদ্রুম, পু, বিকণ্ট বৃক্ষ।

ঘনপত্র, পু, পুনর্ণবা।

ঘনফল, পু, বিকণ্টক বৃক্ষ।

ঘনবটী, (Papulæ) প্রদাহিত ও আরক্ত নিরেট কণ্ডু বা পীড়কা।

ঘনমূল, পু, মোরট।

ঘনরস, পু, মোরট, জল, কর্পূর, পীলুপর্ণী।

ঘনবল্লী, স্ত্রী, অমৃতস্রবা লতা।

ঘনবাস, পু, কুষ্মাণ্ড।

ঘনসার, পু, কর্পূর, বৃক্ষভেদ, জল।

ঘনস্কন্ধ, পু, কোশাম্র বৃক্ষ।

ঘনস্বন, পু, তণ্ডুলীয় শাক।

ঘনা, স্ত্রী, মাষপর্ণী, রুদ্রজটা।

ঘনাঘনা, স্ত্রী, কাকমাছী।

ঘনামস্, পু, খর্জুর বৃক্ষ।

ঘনামল, পু, বাস্তুক শাক।

ঘর্ম্ম, পু, রৌদ্র, স্বেদ।

ঘর্ম্মকর ঔষধ, (Diaphoretics) যে ঔষধে ঘর্ম্ম নিঃসারণ হয়।

ঘর্ম্ম বিচর্চ্চিকা, স্ত্রী, ঘর্ম্মবিচর্চ্চী, ঘর্ম্ম-চর্চ্চিকা, ঘামাছি, চর্চ্চিকা।

ঘর্ষণ, (Friction) মর্দ্দন।

ঘর্ষণধ্বনি, (To and fro sound) ফুসফুস বা হৃদ্বেষ্ট প্রদাহ বশতঃ কর্কশ অথবা উহাতে রস সঞ্চিত হইলে আকর্ণনে যে ঘর্ষণের ন্যায় শব্দ শুনা যায়।

ঘর্ষণী, স্ত্রী, হরিদ্রা।

ঘস্র, ন, কঙ্কুম।

ঘাটা, স্ত্রী, গ্রীবার পশ্চাদ্ভাগ, ঘাড়।

ঘাণ্টিক, পু, ধুস্তুর বৃক্ষ।

ঘাস, পু, স্বনামখ্যাত তৃণ।

ঘুটি, স্ত্রী, গুল্ফ।

ঘুণপ্রিয়া, স্ত্রী, অতিবিষা, আতইচ।

ঘুণবল্লভা, স্ত্রী, অতিবিষা, আতইচ।

ঘুণ্ট, পু, গুল্ফ।

ঘুণ্টিক, ন, বনস্থকরীষ, বিলঘুঁটে।

ঘুলঞ্চ, পু, গবেধুকা, গড়গড়।

ঘুসৃণ, ন, কুঙ্কুম।

ঘুকাবাস, পু, শাখোট বৃক্ষ।

ঘুংরিকাশি, (Croup) স্বরযন্ত্র রোগ।

ঘূর্ণ, পু, গ্রীষ্ম সুন্দরক, গিমা শাক।

ঘৃণাবাস, পু, কুষ্মাণ্ড।

ঘৃত, পু, ন, স্বনামখ্যাত দ্রব্য, ঘি। ঘৃত নানা জাতীয়,—গব্য, মাহিষ, ছাগী, মেষী, ভেড়কী, হস্তিনী, অশ্বাঘৃত, গর্দ্দভীঘৃত, উষ্ট্রীঘৃত, নারীঘৃত। অবস্থাভেদে এই সকল ঘৃতের ইতর বিশেষ হইয়া থাকে; (গব্যঘৃতের গুণ) বিশেষরূপে চক্ষুর্হিতকর, বাত পিত্ত কফ নাশী, স্বাদু, শুক্র অগ্নি মেধা লাবণ্য কান্তি ও তেজ বৃদ্ধিকর; বয়ঃস্থিতি বলায়ু হিতকর, গুরু, পবিত্র, সুমঙ্গল্য, রসায়ন, সুগন্ধি, রোচক, চারু, সকল প্রকার ঘৃত হইতে অধিক গুণকর, বুদ্ধি স্মৃতি পুষ্টি বপু-

স্থৈর্য্যকর, শ্রমোপশমক, বহুগুণযুক্ত। (মহিষ ঘৃতের গুণ) উত্তম, ধৃতি মৌখ্য-কান্তি বল বর্ণ ও চক্ষুর হিতকর, বাতশ্লেষ্ম দুর্নাম গ্রহণী বিকার নাশী, নন্দ অনলদীপক, নব গব্যঘৃত হইতে পরম হৃদ্য, মনোহর, স্বাদু, রক্তপিত্ত-নাশী, শীতল, শ্লেষ্ম শুক্র বৃদ্ধিকর, গুরু এবং স্বাদু। (ছাগীঘৃত গুণ) অগ্নি চক্ষুর্হিত ও বলকর, শ্বাসকাশ ও ক্ষয়ে হিতকর এবং কফনাশক। (মেষী ঘৃতের গুণ) পিত্ত ও মেদস্কর, যোনিদোষে শোষে কফে এবং অনিলে শস্ত, রুক্ষ্ম এবং দুর্নামোন্মাদনাশী, পাকে লঘু, পিত্তকোপকর, শোকে ও কম্পে হিতকর। (ভেড়কী ঘৃতের গুণ) অতি সৌরভপ্রযুক্ত সুকুমার, দেহিবর্জ্জ্য, বুদ্ধিপাঠবহর, বলকর, এবং মনুষ্যদেহের বিস্র গন্ধকর। (হস্তিনী ঘৃতের গুণ) কফ পিত্ত বিষ ও কৃমি নাশক, কষায়, লঘু, বিষ্টম্ভী ও বহ্নিকর। (অশ্বাঘৃতের গুণ) কটু, মধুর, কষায়, ঈষদগ্নি দীপক, বাল্যপ্রদ, মূর্চ্ছাহর এবং গুরু। (গর্দ্দভী ঘৃতের গুণ) অগ্নি ও বলকর, মুত্রদোষ ও কফনাশক, পাকে লঘু, কষায় এবং উষ্ণবীর্য্য। (উষ্ট্রীঘৃতের গুণ) মধুর, বিপাকে কটু, শীতল, কুষ্ঠ কৃমি বিষ বাত কফ ও গুল্মোদর নাশক এবং শোথ-নাশক। (নারীঘৃতের গুণ) চক্ষুর্হিতকর, পথ্য, মন্দাগ্নি দীপক, পাকে লঘু, সর্ব্বা-ময় ও বিষনাশক এবং প্রমেহনাশক। (দুগ্ধভব ঘৃতের গুণ) গ্রাহী, শীতল, নেত্ররোগকর, পিত্তদাহরোগ মদমূর্চ্ছা ভ্রম এবং বায়ুনাশক। (সদ্যজাত ঘৃতের গুণ) চক্ষুর্হিতকর, দীপক, রুচি ও বলকর, বৃংহণক, বৃষ্য, বিশেষাজ্বর নাশক। (পুরাণ ঘৃতের গুণ) ত্রিদোষ মূর্চ্ছা কুষ্ঠ বিষোন্মাদ অপস্মার ও তিমিরনাশী, মদশিরঃ কর্ণাদিজাত রোগ ও ভ্রমনাশক, ব্রণশোধক, রোপক, আয়ুবৃদ্ধি শরীর দৃঢ়তা সুকুমার্য্য কান্তি স্মৃতি ও বলকর, বাল্যে তরুণে এবং বার্দ্ধক্যে অতিবল্য, পথ্য, প্রতি-শ্যায় কাশ জীর্ণজ্বর ও সর্ব্বরোগ নাশক, শ্রেষ্ঠ, ধাতু সাম্যকর। এক বৎসর পরেই ঘৃত উপরোক্ত গুণ সকল প্রাপ্ত হয়। ঔষধ দ্রব্যের সহিত পক্বঘৃত ছয় মাস পর্য্যন্ত পূর্ণবীর্য্য থাকে।

ঘৃতকুমারিকা, স্ত্রী, ঘৃতকুমারী।

ঘৃতকুমারী, স্ত্রী, স্বনামখ্যাত গুল্ম, ঘৃতকুমারী; (গুণ) শীতল, তিক্ত, মদ-

গন্ধী, কফ পিত্ত শ্বাস কাশ বিষ ও কুষ্ঠনাশক, রসায়ন, ভেদক, নেত্র-হিতকর, মধুর, বৃংহণক, শুক্র ও বলকর, বাত গুল্ম প্লীহা যকৃৎবৃদ্ধি জ্বর গ্রন্থি অগ্নিদগ্ধাদি স্ফোট পিত্ত-রক্ত ও ত্বকরোগনাশী।

ঘৃতপর্ণক, পু, ঘৃতকরঞ্জ।

ঘৃতপূর, পু, পিষ্টক বিশেষ ; (গুণ) গুরু, বৃষ্য, কফকর, রক্তমাংসদ, রক্তপিত্তহর, হৃদ্য, স্বাদু এবং অগ্নিদ।

ঘৃতপূর্ণক, পু, করঞ্জ বৃক্ষ।

ঘৃতগুলিকা, স্ত্রী, হংসপদী বৃক্ষ।

ঘৃতমণ্ডা, স্ত্রী, বায়সোলী বৃক্ষ। মাকড়-হস্তা।

ঘৃতাতী গর্ভ সম্ভবা, স্ত্রী, স্থূলৈলা।

ঘৃতাহ্ব, পু, সরল ভদ্র।

ঘৃষ্টব্রণ, (Contused wound) ঘর্ষণ বা অভিঘাত দ্বারা শরীরের কোন স্থানের উপত্বক উঠিয়া যাইলে অথবা চর্ম্ম ছিন্ন না হইয়া কেবল উপঘাত জন্মিলে তাহাকে ঘৃষ্টব্রণ বলে।

ঘৃষ্টি, স্ত্রী, বারাহী,চামার আলু,অপরাজিতা।

ঘৃষ্টিলা, স্ত্রী, চিত্রপর্ণিকা, পৃশ্নিপর্ণ।

ঘেঞ্চলিকা, স্ত্রী, ক্রোঞ্চাদন, ঘেঁচু।

ঘোটিকা, স্ত্রী, বৃক্ষভেদ, কর্কটী ; (গুণ) কটু, উষ্ণ, মধুর, বাত ব্রণ কণ্ডু কুষ্ঠ প্রভৃতি নাশক।

ঘোণ্টা, স্ত্রী, শৃগালকোলি, শেয়াফুল।

ঘোর, ন, বিষ, গুবাক বৃক্ষ।

ঘোরপুষ্প, ন, কাংস্য, কাঁসা।

ঘোরা,স্ত্রী, দেবদালী লতা।

ঘোল, ন, তক্র ; (গুণ) তক্র দেখ।

ঘোলী, স্ত্রী, পত্রশাক, ঘোলমউনি ; (গুণ) লবণ, রুচিকর, অম্ল, বাত ও কফ-নাশক ; (আরাম ঘোলীর গুণ) অম্ল, রুক্ষ, রুচ্য, বায়ুনাশক, পিত্তশ্লেষ্ম-কর ও জীর্ণজ্বরনাশক।

ঘোষ, পু, কাংস্য, ঘোষক লতা।

ঘোষক, পু, ঘোষালতা।

ঘোষাকৃতি, পু, ঘোষক।

ঘোষা, স্ত্রী, মৌরী, কর্কটশৃঙ্গী।

ঘোষাতকী, স্ত্রী, শ্বেত ঘোষা, পরুল।

# চ

চকিততা, (Starting) চমকিয়া উঠা।

চকোর, পু, পক্ষীবিশেষ; (মাংস গুণ) শীতল, রুচ্য, বৃষ্য, বল ও পুষ্টি-দায়ক।

চকোরক, পু, স্ত্রী, চকোর পক্ষী।

চক্র, পু, চক্রবাক পক্ষী। ন, তগরপুষ্প।

চক্রকারক, ন, ব্যাঘ্রনখ নামক গন্ধদ্রব্য।

চক্রকুল্যা, স্ত্রী, চিত্রপর্ণী, চাকুলিয়া।

চক্রগজ, পু, চক্রমর্দ্দ বৃক্ষ।

চক্রগুচ্ছ, পু, অশোক বৃক্ষ।

চক্রদংষ্ট্র, পু, শূকর।

চক্রদন্তী, স্ত্রী, দন্তী বৃক্ষ।

চক্রদন্তী বীজ, ন, জয়পাল।

চক্রনখ, পু, ব্যাঘ্রনখ নামক গন্ধ-দ্রব্য।

চক্রনামা, পু, মাক্ষিক ধাতু।

চক্রনায়ক, পু, ব্যাঘ্রনখ।

চক্রপদ্মাট, পু, চক্রমর্দ্দক বৃক্ষ।

চক্রপরিব্যাধ, পু, আরগ্বধ বৃক্ষ।

চক্রপর্ণী, স্ত্রী, চক্রকুল্যা লতা।

চক্রমণ্ডলী, পু, ন, অজগর সর্প।

চক্রমর্দ্দ, পু, ক্ষুপবিশেষ, চাকুন্দিয়া; (গুণ) কটু, তীব্র, মেদ বাত কফ ব্রণ কণ্ডূ কুষ্ঠ দদ্রু এবং পানাদিদোষ নাশক, লঘু, স্বাদু, রুক্ষ্ম, পিত্ত শ্বাস কৃমি নাশক, হৃদ্য এবং শীতল; (ফলের গুণ) কুষ্ঠ কণ্ডূ দদ্রু বিষ বায়ু গুল্ম কাশ কৃমি শ্বাস নাশক এবং কটু।

চক্রল তাম্র, পু, বন্ধ রসাল বৃক্ষ।

চক্রলক্ষণা, স্ত্রী, গুড়চী।

চক্রলা, স্ত্রী, উচ্চটা।

চক্রবর্ত্তিনী, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য। রজনীগন্ধা, অলক্তক, জটামাংসী। ন, বাস্তুক।

চক্রবাক, পু, পক্ষিবিশেষ, চকাচকী পাখী; (মাংসের গুণ) লঘু, স্নিগ্ধ এবং বলপ্রদ।

চক্রশল্যা, স্ত্রী, কাকতুণ্ডী, শ্বেত গুঞ্জা।

চক্রশ্রেণী, স্ত্রী, অজশৃঙ্গী বৃক্ষ।

চক্রসঙ্গ, ন, বঙ্গ।

চক্রা, স্ত্রী, নাগর মুতা, কর্কটশৃঙ্গী।

চক্রাঙ্গা, স্ত্রী, সুদর্শনা লতা।

চক্রাঙ্গী, স্ত্রী, কটু রোহিণী, হিলমোচিকা, মঞ্জিষ্ঠা, বৃষপর্ণী, কর্কটশৃঙ্গী, সুদর্শনা।

চক্রাধিবাসী, পু, নাগরঙ্গ বৃক্ষ।

চক্রাহ্ব, পু, চক্রমর্দ্দ।

চক্রিকা, স্ত্রী, জানু।

চক্রী, পু, চক্রমর্দ্দ, তিনিশ, ব্যালনখ।

চক্ষু, ন, মেষশৃঙ্গী বৃক্ষ।

চক্ষুপল্লব, (Eye-lid) চক্ষুর পাতা।

চক্ষুর্বহন, ন, মেষশৃঙ্গী বৃক্ষ।

চক্ষুষ্য, ন, প্রপৌণ্ডরিক, সৌবীরাঞ্জন, খর্পরীতুল্য, চক্ষুর হিতকর। পু, কেতক বৃক্ষ, পুণ্ডরীক বৃক্ষ, শোভাঞ্জন বৃক্ষ, রসাঞ্জন।

চক্ষুস্যা, স্ত্রী, কুলখিকা, অজশৃঙ্গী, অরণ্য-কুলখিকা।

চক্ষুর, পু, বৃক্ষবিশেষ।

চচেণ্ডা, স্ত্রী, ফললতা বিশেষ, চিচিঙ্গা, চিচিঙ্গা; (গুণ) পটোল হইতে কিঞ্চিন্ন্যূন, বিশেষ শোষি হইতে হিতকর।

চঞ্চলা, স্ত্রী, পিপ্পলী।

চঞ্চু, ক্ষুদ্র চঞ্চু বৃক্ষ, এরণ্ড বৃক্ষ, লাল এরণ্ড, নাড়ীচ শাক। স্ত্রী, পত্রশাক বিশেষ, বিজলা; (গুণ) মধুর, তীক্ষ্ণ, কষায়, মলশোধক, গুল্ম উদর বিবন্ধ অর্শ ও গ্রহণী নাশক, ত্রিদোষহর, ধাতুপুষ্টি ও বলকারী, মেধাকারী এবং পিচ্ছিল; (বীজের গুণ) কটু, উষ্ণ, গুল্ম শূল উদররোগ বিষ ত্বক্‌দোষ কণ্ডূ খর্জ্জু এবং কুষ্ঠ নাশক।

চঞ্চুপত্র, পু, চঞ্চুশাক।

চঞ্চুর, পু, চঞ্চুশাক।

চটক, পু, পক্ষীবিশেষ, চড়ুই। (মাংস-গুণ) শীতল, লঘু, শুক্র ও বলপ্রদ, আরণ্য চটকও তৎসদৃশ রুচ্য, লঘু এবং পথ্যদ।

চটকা, স্ত্রী, পিপ্পলীমূল।

চটকাশির, ন, পিপ্পলীমূল।

চটিকা, স্ত্রী, পিপ্পলীমূল।

চণক, পু, ছোলা, চনা; (গুণ) শীতল, রুচ্য, সন্তর্পক, দাহ তৃষ্ণা অশ্মরীদোষ নাশক, কষায়, ঈষৎ কফবীর্য্যকর। (ঝোলের গুণ) মধুর, কষায়, কফ বাত-বিকার শ্বাস ঊর্দ্ধকাশ ক্লম পীনস নাশী। (প্রাতঃকালে উহার জল পান করার গুণ) চন্দ্রমরিচীবৎ শীতল, পিত্তরোগ নাশক, পুষ্টিপ্রদ, সন্তর্পক, মঞ্জুল, মধুর।

চণকাম্লক, ন, চণক লবণ; (গুণ) অত্যম্ল, দীপক, দন্তহর্ষক, লবণাম্লরস, রুচ্য, শূল অজীর্ণ ও বিবন্ধ নাশক।

চণদ্রুম, পু, ক্ষুদ্র গোক্ষুর।

চণপত্রী, স্ত্রী, রুদন্তী বৃক্ষ।

চণিকা, স্ত্রী, তৃণবিশেষ; (গুণ) ইহার বীজ বৃষ্য, বল্য, অতি মধুর, উহার তৃণ পশুদিগের হিতকর।

চণীদ্রুম, পু, ক্ষুদ্র গোক্ষুর।

চঞ্চ, পু, তিন্তিড়ী বৃক্ষ, চোরহুলী।

চণ্ডা, স্ত্রী, শঙ্খপুষ্পী, লিঙ্গিনী লতা, কপি-

কচ্ছু, আখুকর্ণী, শ্বেত দুর্ব্বা, চোর নামক গন্ধদ্রব্য।

চণ্ডাত, পু, করবীর।

চণ্ডালকন্দ, পু, কন্দবিশেষ; (গুণ) মধুর, কফপিত্তাস্রদোষ বিষভূতাদিদোষ নাশক ও রসায়ন।

চণ্ডালিকা, স্ত্রী, ওষধি বিশেষ।

চণ্ডিল, পু, বাস্তুক।

চণ্ডীকুসুম, পু, রক্তকরবী বৃক্ষ।

চতুঃপত্রী, স্ত্রী, ক্ষুদ্র পাষাণভেদী।

চতুঃপর্ণী, স্ত্রী, ক্ষুদ্রাম্লিকা।

চতুঃপলা, স্ত্রী, নাগবলা।

চতুঃপুণ্ড্র, পু, ভিণ্ডা বৃক্ষ।

চতুরঙ্গা, স্ত্রী, ঘোটিকা বৃক্ষ।

চতুরঙ্গুল, পু, আরগ্বধ বৃক্ষ।

চতুরম্ল, ন, কুল, দাড়িম, বৃক্ষাম্ল, অম্লবেতস।

চতুরূষণ, ন, শুঁঠ পিপুল মরিচ ও পিপুলমূল।

চতুর্থিকা, স্ত্রী, একপল পরিমাণ।

চতুলবণ, ন, সৈন্ধব, সচল, বিটলবণ ও করকচ।

চতুর্বীজ, ন, চারিদানা; যথা—মেথী, চন্দ্রশূর, কৃষ্ণজীরা, ও যমানী।

চতুঃসম, ন, চন্দন, অগুরু, কস্তুরী ও কুঙ্কুম মিলিত।

চন্দির, পু, কর্পূর।

চন্দ্রক, পু, মৎস্য বিশেষ, চাঁদা মাছ; (গুণ) রুচি ও বলকর, অনভিষ্যন্দক।

চন্দন, পু, স্বনামখ্যাত কাষ্ঠ; (গুণ) কটু, তিক্ত, শীতল, স্বাদ কিছু কষায়, পিত্ত ভ্রান্তি বমন জ্বর কৃমি তৃষ্ণা সন্তাপ শান্তিকর, রক্তরোগ নাশক, শরীরের কান্তি বৃদ্ধিকর, লেপনে কাম বৃদ্ধিকর, অতি সৌরভদ, রুক্ষ্ম, তিক্ত, আহ্লাদক, লঘু, শ্রম শীর্ষরোগ বিষ শ্লেষ্মাস্র ও দাহ নাশক। ন, রক্তচন্দন।

চন্দনগোপী, স্ত্রী, শারিবা বিশেষ।

চন্দনপুষ্প, ন, লবঙ্গ।

চন্দনশারিবা, স্ত্রী, শারিবা বিশেষ।

চন্দনসার, পু, বজ্রক্ষার।

চন্দনা, স্ত্রী, শারিবা সার।

চন্দনীয়া, স্ত্রী, গোরোচনা।

চন্দ্র, ন, স্বর্ণ, চুক্র, কমলাগুঁড়ি। পু, কর্পূর, স্বর্ণ, জলরৌপ্য, কাম্পিল্ল।

চন্দ্রক, পু, ময়ূরপুচ্ছের চাঁদ; (গুণ) অনভিস্যন্দী, মধুর, বলবর্দ্ধক।

চন্দ্রকান্ত, ন, শ্বেতখণ্ড চন্দন, কৈরব, শালুক। পু, কৈরব, স্বনামখ্যাত মণি; (গুণ) শীতল, স্নিগ্ধ, আর্দ্র, দাহনাশক, শিব প্রীতিকর, স্বচ্ছ। (তদ্ভ-

স্তব বারিগুণ) বিমল, লঘু, পিত্ত মূর্চ্ছা পিত্তাস্র দাহ কাশ ও মদাত্যয় রোগ নাশক।

চন্দ্রপুষ্পা, স্ত্রী, শ্বেত কণ্টকারী। বাকুচী, সোমরাজী।

চন্দ্রভূতি, ন, রৌপ্য।

চন্দ্ররেখা, চন্দ্রলেখা, স্ত্রী, বাকুচী।

চন্দ্রলোহক, ন, রৌপ্য।

চন্দ্রবল্লরী, স্ত্রী, সোমবল্লরী, সোমলতা, ব্রহ্মীশাক।

চন্দ্রবল্লী, স্ত্রী, প্রসারণী, মাধবীলতা, সোমলতা।

চন্দ্রবালা, স্ত্রী, বড় এলাইচ।

চন্দ্রশূর, ন, ফলবিশেষ, হালিম ; (গুণ) হিক্কা বাত শ্লেষ্ম অতিসার নাশক, অসৃক্ বাক্‌রোগনাশী, এবং বল ও পুষ্টিবর্দ্ধক।

চন্দ্রসঙ্গ, পু, কর্পূর।

চন্দ্রসম্ভবা, স্ত্রী, ছোট এলাইচ।

চন্দ্রহাস, ন, রৌপ্য।

চন্দ্রহাসা, স্ত্রী, গুড়চী।

চন্দ্রা, স্ত্রী, এলাইচ, গুড়চী।

চন্দ্রিকা, স্ত্রী, স্থূলৈলা, কর্ণস্ফোটা, মল্লিকা।

চন্দ্রিকাম্বুজ, ন, সিতোৎপল।

চন্দ্রিল, পু, বাস্তুক।

চন্দ্রী, স্ত্রী, বাকুচী।

চন্দ্রেষ্টা, স্ত্রী, উৎপলিনী।

চপল, পু, পারদ, প্রস্তর বিশেষ।

চপলা, স্ত্রী, পিপ্পলী, মদিরা, বিজয়া।

চমৎকার, পু, অপামার্গ।

চমরিক, পু, কোবিদার বৃক্ষ, কাঞ্চন গাছ।

চমরী, স্ত্রী, চমরগবী, দীর্ঘ বালা, গিরিপ্রিয়া।

চম্প, পু, কোবিদার বৃক্ষ, কাঞ্চন গাছ।

চম্পক, ন, কদলী ফল বিশেষ, চাঁপাকলা ; (গুণ) বাতপিত্ত নাশী, গুরু, বীর্য্যকর, অতি শীতল, রসে পাকে মধুর। পু, বৃক্ষবিশেষ, চাঁপা ; (গুণ) কটু, শীতল, দাহ কুষ্ঠ কণ্ডু নাশক ; (রাজ চম্পকের গুণ) কষায়, বিষকৃমি কৃচ্ছ্র কফ বাতাস্র ও পিত্ত নাশক।

চম্পককলিকা, স্ত্রী, চম্পককোরক।

চম্পক রম্ভা, স্ত্রী, স্বর্ণ কদলী।

চম্পকালু, পু, পনস।

চম্পকুন্দ, পু, মৎস্য বিশেষ, চাঁদকুড়া ; (গুণ) গুরু, শুক্রকর, মধুর এবং বাত পিত্ত নাশক।

চম্পকোষ, পু, পনস।

চম্পালু, পু, পনস।

চর, পু, কপর্দ্দক।

চরণগ্রন্থি, পু, গুল্‌ফ।

চরণায়ুধ, পু, কুক্কুট।

চরিত্রা, স্ত্রী, তিন্তিড়ী বৃক্ষ।

চর্চরিক, পু, মহাকাল শাক।

চর্ব্বণ দন্ত, (Molars) যে দাঁত দ্বারা চিবান যায়।

চর্ব্বণপেশী, (Masseter) নিম্ন হনুর পেশী বিশেষ।

চর্ম্মকষা, স্ত্রী, পশ্চিম দেশজ গন্ধদ্রব্য বিশেষ, চামার কষা।

চর্ম্মকারী, স্ত্রী, পশ্চিম দেশজ গন্ধদ্রব্য বিশেষ।

চর্ম্মকীল, পু, অর্শ, হারিস।

চর্ম্মচিত্রক, ন, শ্বেত কুষ্ঠ।

চর্ম্মদল, (Impetigo) অর্দ্ধ চন্দ্রাকার, চেপ্টা, পূয়পূর্ণ পীড়িকা বিশিষ্ট চর্ম্ম-রোগ। ইহা পশুদিগেরই অধিক হইয়া থাকে। এই রোগে পীড়িকা সকল স্তূপে স্তূপে থাকে এবং মিলিত হইয়া উপরে হরিদ্রাবর্ণ আর্দ্র মামড়ী উৎপন্ন হয়।

চর্ম্মদূষিকা, (Farcy) ক্ষুদ্র ক্ষুদ্র অর্ব্বুদ ও তাহাতে ক্ষতবিশিষ্ট এক প্রকার রোগ। এই রোগাক্রান্ত অশ্ব সংস্পর্শে ইহা উৎপন্ন হইয়া থাকে। কোঠ-রোগ।

চর্ম্মম্বতী, স্ত্রী, কদলী।

চর্ম্মদ্রুম, পু, ভূর্জবৃক্ষ।

চর্ম্মরঙ্গ, স্ত্রী, আবর্ত্তকী লতা।

চর্ম্মরোগ, (Skin disease) চর্ম্মের উপর যে পীড়া হয়।

চর্ম্মসম্ভবা, স্ত্রী, এলাইচ।

চর্ম্মী, ন, ভূর্জবৃক্ষ, মোচা।

চলদল, চলপত্র; পু, অশ্বত্থবৃক্ষ।

চলা, স্ত্রী, পিপ্পলী, সিহ্লক।

চলাতঙ্ক, পু, বাতরোগ।

চবি, স্ত্রী, চবিকা, চই।

চবিক, ন, চবিকা, চই; (গুণ) কটু, উষ্ণ, রোচনীয়, দীপক, জন্তূদ্রেক শ্বাস কাস শূল নাশী, ভেদক ও কফনাশী।

চব্য, চব্যক, ন, চবিকা, চই।

চব্যা, স্ত্রী, চবিকা, বচা, কার্পাসী।

চশেরুকা, স্ত্রী, মেড়াশৃঙ্গী।

চাইল্ড রেড ফিবার, (Child Red Fever) সূতিকা জ্বর।

চাকচিচ্চা, স্ত্রী, শ্বেতবুহ্না

চাঙ্গ, পু, চাঙ্গেরী।

চাঙ্গেরী, স্ত্রী, আমরুল।

চাণক্য মূলক, ন, মূলক বিশেষ, চণক-মূলী; (গুণ) দীপক, কফ বাত কৃমি গুল্ম নাশী, গ্রাহী এবং গুরু।

চাণ্ডালী, স্ত্রী, লিঙ্গনী, বনচাঁড়াল।

চাতুর্জাতক, পু, গুড়ত্বক, এলাইচ, তেজ-পত্র ও নাগেশ্বর।

চাতুর্থকজ্বর, পু, প্রতি চতুর্থ দিন ভব জ্বর, দুই দিন অন্তর যে জ্বর হয়।

চাতুর্ভদ্র, ন, শুঁঠ, আতইচ, মুথা, গুলঞ্চ।

চন্দ্রিক, ন, শুঠী।

চান্দ্রাখ্য, ন, আর্দ্রক।

চান্দ্রী, স্ত্রী, শ্বেত কণ্টকারী।

চাপপট, পু, পিয়াল বৃক্ষ।

চামর পুষ্প, চামরপুষ্পক, পু, গুবাক, আম্র, কাশ, কেতক।

চামকরী, ন, স্বর্ণ, ধুস্তূর।

চাম্পেয়, পু, চম্পক, নাগকেশর।

চাম্পেয়ক, ন, কিঞ্জল্ক, নাগকেশর পুষ্প।

চায়না (China) সিঙ্কোনা নামক ঔষধ। পিত্ত ও কম্পজ্বরে, মৃদু এবং প্রাচীন জ্বরে, পাকযন্ত্রের ক্রিয়া বৈলক্ষণ্য, যকৃৎ প্লীহাদির প্রাচীন পীড়ায়, পুরাতন উদরাময় ও শোথ রোগে ব্যবহার্য্য।

চার্টা (Charta) কাগজ।

চার, ন, কৃত্রিম বিষ। পু, পিয়াল গাছ।

চারক, পু, পিয়াল গাছ।

চারটিকা, স্ত্রী, নলী নামক গন্ধদ্রব্য।

চারটী, স্ত্রী, পথচারিণী বৃক্ষ, ভূম্যামলকী।

চারিণী, স্ত্রী, করুণী বৃক্ষ।

চারিত্রা, স্ত্রী, তিন্তিড়ী বৃক্ষ।

চারুক, পু, শরবীজ; (গুণ) মধুর, রুক্ষ, রক্তপিত্ত ও কফাপহ, শীতল, লঘু, অবৃষ্য, কষায়, বাত কোপনক।

চারুকেশরা, স্ত্রী, নাগর মুথা, তরুণী পুষ্প।

চারুনীলক, ন, রক্তপদ্ম।

চারুপর্ণী, স্ত্রী, প্রসারণী, গন্ধভাদুলিয়া।

চারুফলা, স্ত্রী, দ্রাক্ষা।

চিকিৎসা, স্ত্রী, রোগপ্রতিকার।

চিকিৎসাতত্ত্ব, (Practice of medicine) চিকিৎসাবিষয়ক জ্ঞান, চিকিৎসাপ্রকরণ।

চিকুর, ন, বৃক্ষবিশেষ।

চিকেন পক্স, (Chiken Pox) পানবসন্ত।

চিক্কণ, পু, পূগবৃক্ষ।

চিক্কণা, চিক্কনী, স্ত্রী, পূগফল।

চিক্কন, পু, যবচূর্ণ।

চিক্কা, স্ত্রী, পূগফল।

চিঙ্গট, পু, মৎস্যবিশেষ, গলাচিঙ্গড়ী; (গুণ) গুরু, মধুর, গ্রাহী, বর্ণবর্দ্ধক, মেদ পিত্তাস্রনাশী, বৃষ্য, রোচক, কফবাতকর।

চিঙ্গটী, স্ত্রী, মৎস্য বিশেষ, ঘুষাচিঙ্গড়ি; (গুণ) মধুর, হৃদ্য, বাতনাশক, শ্লেষ্মাকর, গুরু।

চিঙ্গড়, পু, চিঙ্গট মৎস্য।

চিচিণ্ড, পু, ফলবিশেষ, চিচিঙ্গা; (গুণ) বাতপিত্তনাশী, পথ্য, বল ও রুচিকর,

শোষক, অতি হিতকর, পটোল হইতে কিছু গুণহীন।

চিঞ্চা, স্ত্রী, তিন্তিড়ী বৃক্ষ।

চিঞ্চাটক, পু, চিঞ্চোটক, চেঁচকো।

চিঞ্চাম্ল, ন, অম্লশাক।

চিঞ্চাসার, পু, অম্লশাক।

চিঞ্চী, স্ত্রী, গুঞ্জা।

চিঞ্চোটক, পু, তৃণবিশেষ, চেঁচড়, চেঁচকো।

চিত্র, পু, এরণ্ডবৃক্ষ, অশোক বৃক্ষ, চিত্রক বৃক্ষ। ন, কুষ্ঠরোগ বিশেষ।

চিত্রক, পু, এরণ্ড বৃক্ষ, চিতাগাছ ; ( গুণ ) অগ্নিপ্রশমক, পাকে কটু, শোক কফার্শি বাত উদর অর্শ গ্রহণী কৃমি কণ্ডু নাশী, পাকে অগ্নিতুল্য, কুষ্ঠ-নাশক।

চিত্রকর্ম্মা, পু, তিনিশবৃক্ষ।

চিত্রকৃৎ, পু, তিনিশ বৃক্ষ।

চিত্রগন্ধ, ন, হরিতাল।

চিত্রতণ্ডুল, ন, বিড়ঙ্গ।

চিত্রতণ্ডুলা, স্ত্রী, বিড়ঙ্গ।

চিত্রত্বক্, পু, ভূর্জবৃক্ষ।

চিত্রদণ্ডক, পু, ওলবৃক্ষ।

চিত্রদেবী, স্ত্রী, মহেন্দ্রবারুণী।

চিত্রপত্র, (Retine) চক্ষুর অভ্যন্তরে অর্দ্ধ-স্বচ্ছ জালবৎ আবরণ। ইহাতে দৃষ্ট বস্তুর প্রতিবিম্ব পড়িয়া দৃষ্টিজ্ঞান জন্মে।

চিত্রপত্রী, স্ত্রী, গজপিপ্পলী।

চিত্রপদা, স্ত্রী, গোধাপদী লতা।

চিত্রপর্ণিকা, স্ত্রী, চিত্রপর্ণীভেদ, ত্রিপর্ণী, চাকুল্যাভেদ।

চিত্রপর্ণী, স্ত্রী, পৃশ্নিপর্ণী, কর্ণস্ফোটা লতা, জলপিপ্পলী, দ্রোণ পুষ্পী, মঞ্জিষ্ঠা।

চিত্রপুঙ্খ, পু, শর।

চিত্রপুষ্পী, স্ত্রী, অম্বষ্ঠা, আকনাদী।

চিত্রফল, পু, মৎস্যবিশেষ, চিতল ; ( গুণ ) গুরু, স্বাদু, তীক্ষ্ণ, বৃষ্য এবং বল-প্রদ।

চিত্রফলক, পু, চিত্রফল মৎস্য।

চিত্রফলা, স্ত্রী, চির্ভিটা, মগের্ব্বারু, লিঙ্গণী মহেন্দ্রবারুণী, বার্ত্তাকী, কণ্টকারী।

চিত্রভানু, পু, চিত্রক বৃক্ষ, অর্কবৃক্ষ।

চিত্রভেষজা, স্ত্রী, কাকোডুম্বরিকা।

চিত্ররোধী, পু, অর্জ্জুন বৃক্ষ।

চিত্রলতা, স্ত্রী, মঞ্জিষ্ঠা।

চিত্রলা, স্ত্রী, গোরক্ষী বৃক্ষ।

চিত্রবল্লী, স্ত্রী, মৃগের্ব্বারু, মহেন্দ্রবারুণী।

চিত্রবীর্য্য, পু, রক্ত এরণ্ড।

চিত্রা, স্ত্রী, মুষিকপর্ণী, গোড়ুম্বা, সুভদ্রা, দান্তিকা, মৃগের্ব্বারু, গণ্ডদুর্ব্বা, সুত-শ্রেণী, মঞ্জিষ্ঠা।

চিত্রাঙ্গ, ন, হিঙ্গুল, হরিতাল। পং, চিত্রক, রক্তচিত্রক।
চিত্রাঙ্গী, স্ত্রী, মঞ্জিষ্ঠা, কর্ণজলৌকা।
চিত্রায়স, ন, তীক্ষ্ণ লৌহ।
চিত্রাক্ষুপ, পু, দ্রোণপুষ্পী।
চিন্তিড়ী, স্ত্রী, তিন্তিড়ী।
চিনিনাম, কুইনাইন, হোমিওপ্যাথিকে ব্যবহৃত কুইনাইনের প্রকার বিশেষ।
চিনিনম সলফিউরিকম, সলফেট অফ কুইনাইন।
চিন্ন, পু, শস্তবিশেষ, চিনা ধান্ত।
চিপিট, পু, চিড়া ; (গুণ) গুরু, স্নিগ্ধ, বৃংহণক, কফবর্দ্ধক। (ক্ষিরযুক্ত চিপিটকের গুণ) বলকর, বায়ুনাশক, মলভেদক, বৃংহণক এবং বৃষ্য।
চপিটক, পু, চিঁড়া।
চিপিটা, স্ত্রী, গুণ্ডাসনী তৃণ।
চিপিটিকা, (Crust) মামড়ি, চর্মটী।
চিমাফাইলা অম্বেলেটা, প্রিন্সেস পাইন।
চিপ্প, পু, নখরোগ বিশেষ, আঙ্গুলহারা।
চিমি, পট্টবৃক্ষ।
চিরজীবক, জীবক বৃক্ষ।
চিরজীবী, পু, জীবকবৃক্ষ, শাল্মলীবৃক্ষ।
চিরতিক্ত, পু, চিরতা।
চিরপাকী, পু, কপিত্থ।
চর ম্প প বকুলবৃক্ষ।
চিরবিল্ব, পু, করঞ্জবৃক্ষ।
চিরাটিকা, স্ত্রী, শ্বেত পুনর্নবা, চটিকা, লৌহাদির চটা।
চিরাতিক্ত, পু, চিরাতা।
চিরিবিল্ব, পু, করঞ্জ বৃক্ষ।
চিরেটা, (chiretta) চিরাতা।
চির্ভটী, স্ত্রী, কর্কটী।
চির্ভটা, স্ত্রী, কর্কটীভেদ ; (গুণ) উষ্ণ, গৌল্য, দীপক।
চিলব্লেন, (chil-blain) শীতস্ফোট, নীহারস্ফোট, অত্যন্ত শীত জন্য অঙ্গুলি প্রভৃতির একপ্রকার প্রদাহ।
চিলোন গ্লাত্রা, ব্লাকমণি, ক্ষুপবিশেষ।
চিল্লভক্ষ্যা, স্ত্রী, হট্টবিলাসিনী।
চিল্লী, স্ত্রী, লোধ, পত্রশাকভেদ ; (গুণ) বাস্তুক তুল্য, ক্ষার, শ্লেষ্ম পিত্ত প্রমেহ মূত্রকৃচ্ছ্র নাশক, পথ্য এবং রুচিকর।
চিবি, পু, চিবুক।
চিবিট, পু, চিপিট।
চিবিল্লিকা, স্ত্রী, ক্ষুপবিশেষ ; (গুণ) কটু, কষায়, জীর্ণজ্বরে জপকারী এবং রসায়ন।
চিবু, পু, চিবুক।
চিবুক, ন, অধরাধোভাগ, দাড়ি, থুথনি। পু, মুচকুন্দ বৃক্ষ।
চিহ্নধারিণী, স্ত্রী, শ্যামালতা।

চীক, (cheek) গণ্ডস্থল।

চীজ, (cheese) পনীর।

চীজী, (cheesy) পনীরবৎ।

চীড়া, স্ত্রী, গন্ধদ্রব্য বিশেষ; (গুণ) কটু, কফকাশনাশক, দীপক, অত্যন্ত সেবন প্রযুক্ত পিত্তদোষ ও ভ্রমনাশক।

চীন, ন, সীসক। পু, ব্রীহিভেদ।

চীনক, পু, ধান্যবিশেষ, চিনাধান, কাককঙ্গু; (গুণ) শোষক, বায়ুবর্দ্ধক, পিত্তশ্লেষ্মনাশক এবং রুক্ষ। কঙ্গনী, চীনকর্পূর।

চীনকর্পূর, পু, কর্পূরবিশেষ, চীনের কর্পূর; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, ঈষৎ শীতল, কফ কণ্ঠদোষ ও কৃমিনাশক, মেধ্য এবং পাচক।

চীনজ, ন, লৌহ, তীক্ষ্ণ লৌহ।

চীনপিষ্ট, ন, সিন্দুর, সীসক।

চীনরঙ্গ, পু, সীসক।

চীনাকর্কটী, স্ত্রী, চিত্রকূট দেশজ কর্কটী, কর্কটী বিশেষ; (গুণ) রুচ্য, শিশির, পিত্ত, দাহদোষনাশী, মধুর, তৃপ্তিদ, এবং হৃদ্য।

চীর, ন, সীসক।

চীরপত্রিকা, স্ত্রী, চঞ্চুশাক।

চীরপর্ণ, পু, শালবৃক্ষ।

চীরিতচ্ছদা, স্ত্রী, পালঙ্ক শাক।

চীরুক, পু, ফলবিশেষ, চেউর; (গুণ) রুচি দাহ কফ পিত্তকর এবং অম্ল।

চীর্ণপর্ন, পু, নিম্ববৃক্ষ, খেজুর বৃক্ষ।

চুক্র, ন,অম্লদ্রব্য বিশেষ, চুকা; (গুণ) অম্লপত্র, লঘু, উষ্ণ, বাত গুল্ম নাশী, রুচ্য, ঈষৎ পিত্তকর এবং পথ্য অম্লবেতস।

চুক্রক, ন, শাকবিশেষ, চুকা পালঙ্গ; (গুণ) দুর্জর, ভেদক, বায়ুনাশক, পিত্তকর এবং গুরু।

চুক্রফল, ন, বৃক্ষাম্ল।

চুক্রা, স্ত্রী, চাঙ্গেরী, আমরুল, তিন্তিড়ী।

চুক্রাম্ল, ন, বৃক্ষাম্ল।

চুক্রাম্লা, স্ত্রী, অম্রলোণিকা, কুচাঙ্গেরী, চুকাপালঙ্গ।

চুচু, পু, সুনিষণ্ণ শাক।

চুচুক, ন, (Nipple) স্তনাগ্র, স্তনের বোঁট।

চুচুকার কোষ, (Mastoid cells) শঙ্খাস্থির রন্ধ্রাবলী।

চুত, পু, মলদ্বার।

চুম্বক, পু, কান্তলৌহ ভেদ; (গুণ) লেখনক, শীতল, মেদ এবং বিষদোষ নাশক।

চুয়াল, (jaw) হনু, যে অস্থিতে দন্ত সকল সংলগ্ন থাকে।

চুল্লি, চুল্লী, স্ত্রী, পাকার্থ অগ্নিস্থান, চুলা, আখা।

চূড়ামণি, পু, কাকচিঞ্চা ফল।

চূড়াম্ল, ন, বৃক্ষাম্ল।

চূড়ান্তদ্রব, (Saturated Spirit) সুরাদির সহিত অন্য কোন দ্রব্যের এরূপভাবে মিশ্রিত হওন যে, রাসায়নিক আকর্ষণানুসারে তদপেক্ষা আর অধিক গৃহীত ও সম্মিলিত হইতে পারে না।

চূড়ালা, স্ত্রী, উচ্চাটা তৃণ, শ্বেত গুঞ্জা, নাগরমুতা।

চূত, পু, আম্রবৃক্ষ।

চূতক, পু, আম্রবৃক্ষ।

চূর্ণ, ন, গুঁড়া চূণ।

চূর্ণক, পু, গুঁড়া, সক্তু।

চূর্ণখণ্ড, ন, ঘুটিং, কাঁকর।

চূর্ণপারদ, পু, হিঙ্গুল।

চূর্ণশাকাঙ্ক, পু, গৌর সুবর্ণ শাক।

চূর্ণি, স্ত্রী, কপর্দ্দক।

চূর্ণিকা, স্ত্রী, সক্তু।

চূর্ণী, স্ত্রী, কপর্দ্দক।

চূলিক, ন, ঘৃতভৃষ্ট গোধূম চূর্ণ, লুচি।

চূলিকা, স্ত্রী, হস্তীকর্ণ মূল।

চেতকী, স্ত্রী, হরিতকী।

চেতনীয়া, স্ত্রী, ঋদ্ধিনামক ওষধি।

চেতনা, স্ত্রী, জ্ঞান, চৈতন্য (Sensation)।

চেলান, পু, ফললতা বিশেষ। (ফলের গুণ) গুরু, বিষ্টম্ভী, মধুর, কফ ও বায়ুকর।

চেলাল, পু, লতা পনস, চিত্রফল, সুখাশ।

চেলিডোনিয়ম মেজস্, গ্রেট সিলাণ্ডাইন, ইউরোপীয় ক্ষুপবিশেষ।

চৈত্য, পু, বিশ্ব, উদ্দেশ বৃক্ষ।

চৈতন্যাধিক্য, (Sensitiveness) বাহ্য বা আভ্যন্তরিক বিষয়ে অনুভবাধিক্য।

চৈত্যদ্রু, পু, অশ্বত্থ বৃক্ষ।

চৈত্যবৃক্ষ, পু, অশ্বত্থ বৃক্ষ।

চোচ, ন, গুড়ত্বক, তেজপত্র, তালফল, কদলী ফল, নারিকেল।

চোর, পু, স্ত্রী, কৃষ্ণ শঠী, চোরকাঁচকি।

চোরক, পু, পিড়িংশাক, সুগন্ধি দ্রব্য বিশেষ। (গুণ) উষ্ণ, তীব্রগন্ধ, তিক্ত, বাত কফ নাসা মুখ অজীর্ণ কৃমিদোষ নাশক।

চোরপুষ্প, ন, চোরহুলী, চোরকাঁচকী, ভাটুই।

চোরপুষ্পিকা, স্ত্রী, চোরহুলী, চোরকাঁচকী, ভাটুই।

চোরস্নায়ু, স্ত্রী, কাঁকনাস লতা।

চোরা, স্ত্রী, চোরপুষ্পী।

চোরাখ্যা, পু, স্ত্রী, চোরপুষ্পী।

চোলকী, পু, করীর, নারঙ্গ।

চোলচিনী, স্ত্রী, তোপচিনি, বচাবিশেষ।

চোষ, পু, পার্শ্বজ্বালা।

চৌর, পু, স্ত্রী, চোরপুষ্পী।

চ্যাপ্ট, (Chapped) বিদারিত, ফাটা।

---

## ছ

ছগ, পু, স্ত্রী, ছাগ।

ছগন, পু, ন, করীষ।

ছগল, ছগলক, পু, স্ত্রী, ছাগ।

ছগলা, স্ত্রী, বৃদ্ধদারক বৃক্ষ।

ছগলাঙ্ঘ্রী, স্ত্রী, ছগলান্ত্রী।

ছগলাণ্ডী, স্ত্রী, বৃদ্ধদারক বৃক্ষ।

ছগলান্ত্রিকা, স্ত্রী, ছগলান্ত্রী।

ছগলী, স্ত্রী, বৃদ্ধদারক বৃক্ষ।

ছটাফল, পু, গুবাক ফল।

ছত্র, পু, ছায়ারিয়া বিষ, ইহার মূল ও পত্র বচাকার।

ছত্রক, পু, রাঙ্গা কুলেখাড়া, মৎস্যরঙ্গ পক্ষী। (Mushroom) বেঙের ছাতা।

ছত্রগুচ্ছ, পু, গুণ্ডতৃণ।

ছত্রপত্র, ন, স্থলপদ্ম।

ছত্রপত্র, পু, ভূর্জবৃক্ষ, মানকচু, সপ্তপর্ণ বৃক্ষ।

ছত্রা, স্ত্রী, মহুরী, ধন্যা, শলুপা, কোঁকড়-ছাতা, মঞ্জিষ্ঠা।

ছত্রাক, পু, জালবর্বরক বৃক্ষ।

ছত্রাকী, স্ত্রী, রাস্না।

ছত্রাতিচ্ছত্র, পু, জলোদ্ভূত ছত্রাকার সুগন্ধি তৃণ, ছত্রাতিচ্ছত্রী, পালঘ্ন, অতিচ্ছত্রা, সুগন্ধা, ছত্রক, কটুক, কটু।

ছত্রাধান্য, ন, ধন্যাক।

ছত্রিকা, স্ত্রী, শিলীন্ধ্র, কোঁড় ছাতা, বেঙের ছাতা ; ( গুণ ) শীতল, কষায়, স্বাদু, পিচ্ছিল, গুরু, ছর্দ্দি অতিসার জ্বর ও শ্লেষ্মারোগকারী।

ছদ, পু, গ্রন্থিপর্ণ বৃক্ষ, তমাল বৃক্ষ।

ছদন, ন, তমাল পত্র, তেজপত্র।

ছদপত্র, পু, ভূর্জপত্র বৃক্ষ।

ছদ্মিকা, স্ত্রী, গুড়চী।

ছন্দ, পু, বিষ।

ছর্দ্দি, ছর্দ্দন, ন, বমন। পু, নিম্ববৃক্ষ মদন বৃক্ষ।

ছর্দ্দাপনিকা, স্ত্রী, কর্কটী।

ছর্দ্দি, স্ত্রী, বমিরোগ।

ছর্দ্দিকা, স্ত্রী, বিষ্ণুক্রান্তা।

ছর্দ্দিকারিপু, পু, ক্ষুদ্রৈলা।

ছর্দ্দিঘ্ন, পু, নিম্ববৃক্ষ।

ছল্লি, স্ত্রী, ত্বক, ছাল।

ছাগ, ছাগল, পু, স্ত্রী, স্বনামখ্যাত পশু; (মাংসগুণ) লঘু, স্নিগ্ধ, নাতিশীতল, রুচি বল ও পুষ্টিদায়ক, নির্দ্দোষ, মৃদু, বাত পিত্ত নাশক, মধুর, শুক্র ধাতু সাম্যকারী, বৃংহণক, অনভিনিষ্যন্দী, এবং অত্যন্ত উষ্ণ নহে। (মূত্র গুণ) কটু, উষ্ণ, রুক্ষ, নাড়ি বিষার্ত্তি প্লীহা উদর কফ শ্বাস গুল্ম ও শোষনাশী এবং লঘু। (অপ্রসূতি ছাগীর মাংসগুণ) পীনস নাশন, শুষ্ক কাশে অরুচি ও শোষে হিতকর এবং দীপক। (অজা-শিশু মাংসগুণ) লঘু, হৃদ্য, জ্বরহর, শ্রেষ্ঠ, সুস্বাদু এবং বলপ্রদ; (অণ্ড নিষ্কাসিত ছাগের মাংসগুণ) গুরু এবং কফকর।

ছাগলক, পু, মৎস্য বিশেষ।

ছাগশব্দ, ছাগনিনাদ, (Ægophony) ছাগের ন্যায় শব্দ।

ছাত্র, ন, মধু বিশেষ; (গুণ) শ্বিত্র কৃমি-রোগ ও রক্তপিত্ত নাশক এবং গুরু।

ছাত্রক, ন, ছাত্রমধু; (গুণ) কপিল, পীত, গুরু, পিচ্ছিল, শীতল, স্বাদু, কৃমিশ্বিত্র রক্তপিত্ত ও প্রমেহনাশী।

ছাত্রদর্শন, ন, হৈয়ঙ্গবীন।

ছাদন, পু, নীলাম্লান বৃক্ষ, নীল ঝিণ্টি।

ছায়া, স্ত্রী, রৌদ্রশূন্যতা; (গুণ) মধুর, শীতল, দাহ শ্রম হর এবং ঘর্ম্মনাশী; (মেঘচ্ছায়া গুণ) শ্রম ভ্রম মূর্চ্ছা সন্তাপ-নাশী।

ছিক্কণী, স্ত্রী, বৃক্ষবিশেষ, নাকছিকণী, হাচুটী; (গুণ) কটু, রুচ্য, তীক্ষ্ণ, উষ্ণ, বহ্নিপিত্তকর, বাতরক্ত কুষ্ঠ কৃমি বাত এবং কফনাশক।

ছিত্তি, পু, করঞ্জ বৃক্ষ।

ছিদ্রবৈদেহী, স্ত্রী, গজপিপ্পলী।

ছিদ্রান্ত, পু, নল।

ছিদ্রফল, ন, মায়াফল।

ছিদ্রগ্রন্থিনিকা, স্ত্রী, ত্রিপর্ণিকা।

ছিন্নপত্রী, স্ত্রী, অম্বষ্ঠা।

ছিন্নরুহ, পু, তিলক বৃক্ষ।

ছিন্নরুহা, স্ত্রী, গুলঞ্চ, স্বর্ণকেতকী, শল্লকী।

ছিন্নবেশিকা, স্ত্রী, পাঠা, আকনাদী।

ছিন্না, স্ত্রী, গুড়চী।

ছিন্নকর, (Tearing) ছিঁড়ে যাওয়ার ন্যায়।

ছিন্নব্রণ, (Incised wound) কাটা ঘা।

ছিন্নোদ্ভবা, স্ত্রী, গুড়চী।

ছিলিহিণ্ড, পু, পাতাল গরুড় বৃক্ষ।

ছুছুন্দরী, স্ত্রী, ছুঁচা, গন্ধমুষা।

ছেদনীয়, পু, কতক বৃক্ষ।

ছেলু, পু, সোমরাজী।

ছোলঙ্গ, ন, মাতুলুঙ্গ, টাবা লেবু।

ছোলা বা বুটযুষ, ছোলা বা বুট কলায়ের ঝোল ; ইহা কষায়, কটু, উষ্ণ, শুক্র-দোষজনক এবং বায়ু ও রক্তপিত্ত নাশক, মূত্রপ্রবর্ত্তক, মলরোধক, শ্লেষ্মানাশক, লঘুপাকী, বায়ুবর্দ্ধক ও শীতল।

---

# জ

জ, (Jaw) হনু, চুয়াল।

জকুট, ন, বার্ত্তাকু পুষ্প।

জগৎ, ন, সৌরাষ্ট্র মৃত্তিকা।

জগল, পু, সুরাকল্ক।

জগলান্স সাইনিরিয়া, (Butter wet) বন্য বৃক্ষ বিশেষ।

জঘন, ন, কটি, (Loins) মাঝা, কোমর।

জঘনকুপরু, পু, কুকুন্দর।

জঘনেফলা, স্ত্রী, কাকোড়ুম্বরিকা, গোড়ুম্বর।

জঙ্গল ফিভার, (Jungle Fever) বনভূমিজাত এক প্রকার স্বল্পবিরাম জ্বর।

জঙ্গুল, ন, বিষ।

জঙ্ঘা, স্ত্রী, গুল্‌ফের ঊর্দ্ধ ও জানুর অধোভাগ। (Leg)

জঙ্ঘাস্থি, (Tibia) টিবিয়া।

জঙ্ঘাশিরা, (Saphena) জঙ্ঘার বৃহৎ শিরাদ্বয়।

জঙ্ঘাশূল, ন, জঙ্ঘা বেদনা।

জটা, স্ত্রী, মাংসী, রুদ্রজটা, শতাবরী, কপিকচ্ছু, বৃক্ষের মূল।

জটামাংসী, স্ত্রী, স্বনামখ্যাত সুগন্ধি দ্রব্য বিশেষ ; (গুণ) শীতল, কফ ভূতদাহ পিত্ত নাশক, সুরভি, কষায়, কটু, কান্তি ও মেদকারী, তিক্ত, মেধা, বলপ্রদ, স্বাদু, ত্রিদোষঘ্ন, বিসর্প ও কুষ্ঠ নাশক, অনুলেপন দ্বারা জ্বর রুক্ষতা নাশ করে।

জটায়ু, পু, গুগ্‌গুলু।

জটাল, পু, কর্চ্চুর, বট, মুষ্কক, গুগ্‌গুলু।

জটালা, স্ত্রী, জটামাংসী।

জটাবতী, স্ত্রী, জটামাংসী।

জটাবল্লী, স্ত্রী, রুদ্রজটা, গন্ধমাংসী।

জটি, স্ত্রী, প্লক্ষ বৃক্ষ।

জটিল, পু, প্লক্ষবৃক্ষ।

জটিলা, স্ত্রী, জটামাংসী, পিপ্পলী, উচ্চটা, দমনক বৃক্ষ, বচা, আমরুল।

জটী, স্ত্রী, পর্পটীবৃক্ষ, জটামাংসী। পু, প্লক্ষবৃক্ষ, পাকুড়।

জটুল, পু, জতুক (Naevus) রক্ত বা কৃষ্ণবর্ণ জন্মচিহ্ন, জত, জতুমণি।

জঠর, (Uterus) গর্ভ, জরায়ু, উদর।

জঠরনুৎ, পু, আরগ্বধ বৃক্ষ।

জঠরাময়, পু, জলোদর রোগ।

জড়, (Idiot) আজন্ম যে ব্যক্তির বুদ্ধির জড়তা বা বিকলতা থাকে।(বৈদ্যকে) সীসক, জল।

জড়া, স্ত্রী, শূকশিম্বী, ভূম্যামলকী।

জড়িতান্ত্র, (Ibum) ক্ষুদ্রান্ত্রের তৃতীয় বা শেষাংশ।

জণ্ডিস, (Jaundice) পাণ্ডুরোগ, কামলা।

জতু, ন, বৃক্ষনির্য্যাস বিশেষ, জৌ, লা।

জতুক, ন. হিঙ্গু, লাক্ষা, (Narvus) জট, জতুমণি।

জতুকা, স্ত্রী, জনী নামক গন্ধদ্রব্য বিশেষ, পটী, লতাবিশেষ ;. (গুণ) হিম, তিক্ত, রক্তপিত্ত কফ দাহ তৃষ্ণা ও বিষনাশী, রুচিকর এবং দীপক।

জতুকারী, স্ত্রী, জতুকা লতা।

জতুকৃৎ, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য, রজনীগন্ধা।

জতুকৃষ্ণা, স্ত্রী, পর্পটী।

জতুমণি, পু, ক্ষুদ্ররোগ বিশেষ।

জতুরস, পু, অলক্তক।

জতুকা, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য।

জত্রু, জত্রুক, ন, স্কন্ধসন্ধি, (Collar bone) কণ্ঠার হাড়।

জত্বশ্মক, ন, শিলাজতু।

জত্রস্থি, (Clovicle) কণ্ঠাস্থি।

জনকারী, পু, অলক্তক।

জনন যন্ত্র, (Generative organs) অপত্যোৎপাদক শারীরিক যন্ত্র।

জননি, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য।

জননী, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য, যূথিকা, কটুকা, মঞ্জিষ্ঠা, জটামাংসী, আলতা।

জননেন্দ্রিয়, (Organs of Generation) সন্তান উৎপাদক যন্ত্র।

জনপ্রিয়, পু, ধান্যক, শোভাঞ্জন বৃক্ষ।

জনবল্লভ, পু, শ্বেত রোহিতক বৃক্ষ।

জনি, স্ত্রী, জনী নামক গন্ধদ্রব্য।

জনিনীলিকা, স্ত্রী, মহানীলী।

জনী, স্ত্রী, গন্ধদ্রব্য বিশেষ, জতুকা।

জনেষ্ঠ, পু, মুদ্গর বৃক্ষ।

জনেষ্টা, স্ত্রী, জতুকা, বৃদ্ধিনামক ওষধি, জাতীপুষ্প, হরিদ্রা।

জন্তুকম্বু, পু, কৃমিশঙ্খ।

জন্তুকা, স্ত্রী, নাড়ি হিঙ্গু, লাক্ষা।

জন্তুঘ্ন, ন, বিড়ঙ্গ, হিঙ্গু।

জন্তুঘ্ন, পু, বীজপুর।

জন্তুঘ্নী, স্ত্রী বিড়ঙ্গ।

জন্তুনাশন, ন, হিঙ্গু।

জন্তুপাদপ, প, কোষাম্র বৃক্ষ।

জন্তুফল, পু, উড়ুম্বর।

জন্তুমারী, স্ত্রী, নিম্বুক।

জন্তুলা, স্ত্রী, কাশতৃণ।

জন্তুহন্ত্রী, স্ত্রী, বিড়ঙ্গ।

জপা, স্ত্রী, জবাপুষ্প; (গুণ) সংগ্রাহিণী, কেশকরী, ত্রিসন্ধ্যা, কফ বাত নাশিনী।

জম্বলা, পু, শৈবাল, কেতক বৃক্ষ।

জম্বির, পু, জম্বীর।

জম্বীর, পু, জামীর লেবু; (গুণ) উষ্ণ, গুরু, অম্ল, বাত পিত্ত বিবন্ধনাশী, শূল কফ কাশ ক্লেশ ছর্দ্দি তৃষ্ণাহর। (পাকা ফলের গুণ) মধুর, কফার্ত্তি পিত্তদোষ নাশক, বর্ণ বীর্য্য রুচি পুষ্টি তৃপ্তিকর। গোঁড়া লেবু, অর্জ্জক, সিতার্জক, মরুবক।

জম্বু, স্ত্রী, জম্বু, জামবৃক্ষ। স্ত্রী, জম্বুফল।

জম্বুক, পু, গোলাপজাম, বরুণ বৃক্ষ, শ্যোণক প্রভেদ।

জম্বুল, পু, জম্বু বৃক্ষ, কেতক বৃক্ষ।

জম্বুবনজ, ন, শ্বেত জবা পুষ্প।

জম্বু, স্ত্রী, নাগ দমনী বৃক্ষ বিশেষ, জাম; (গুণ) কষায়, মধুর, শ্রম পিত্ত দাহ কণ্ঠরোগ শোষ কৃমিদোষ শ্বাস অতিসার কফ কাশ বিনাশিনী, বিষ্টম্ভিনী, রোচিকা, পাচকী; গুরু, স্বাদু, শীতল এবং বাতকারী। ইহা দুই প্রকার,—বৃহৎ ও ক্ষুদ্র। (বৃহতের গুণ) বিষ্টম্বী, গুরু এবং রোচক। (ক্ষুদ্রের গুণ) গ্রাহী, রুক্ষ, কফ পিত্ত ও দাহ নাশক।

জম্বুকা, স্ত্রী, কাকলী দ্রাক্ষা।

জম্বুল, পু, জম্বু বৃক্ষ, কেতকী বৃক্ষ।

জম্ভ, পু, জম্বীর।

জম্ভক, পু, জম্বীর।

জম্ভর, পু, জম্বীর।

জম্ভল, পু, জম্বীর।

জম্ভা, স্ত্রী, গোঁড়া লেবু, জৃম্ভা।

জম্ভী, পু, জম্বীর।

জম্ভীর, পু, মরুবক, জম্বীর।

জয়ন্তিকা, স্ত্রী, হরিদ্রা।

জয়ন্তী, স্ত্রী, জয়ন্তিপুষ্প বৃক্ষ; (গুণ) মদগন্ধযুক্ত, তিক্ত, কটু, উষ্ণ, কৃমিভূত-

নাশী, কণ্ঠাবশোধক; (শাকের গুণ) স্বরদোষনাশী, চক্ষুর হিতকর, মধুর, শীতল।

জয়পাল, পু, স্বনামখ্যাত বৃক্ষ, জমালগোটা; (গুণ) কটু, উষ্ণ, বিরেচক, দীপক, কৃমি কফ আম জঠরাময় নাশী।

জয়া, স্ত্রী, বিজয়া, শাস্তারূক্ষ, নীলদূর্ব্বা, হরিতকী, অগ্নিমন্থি বৃক্ষ, জয়ন্তী বৃক্ষ।

জয়াবহা, স্ত্রী, ভদ্রদন্তী বৃক্ষ।

জয়াশ্রয়া, স্ত্রী, জড়রা বৃক্ষ।

জয়াহ্বা, স্ত্রী, ভদ্রদন্তা বৃক্ষ।

জয়েণ্ট, (Joint) দুই বা ততোধিক অস্থির মিলনস্থল, সন্ধি।

জরড়ী, স্ত্রী, তৃণবিশেষ; (গুণ) মধুর, শীতল, সারক, দাহ রক্তদোষ নাশক, রুচ্য, পশুদিগের দুগ্ধকর।

জরণ, ন, হিঙ্গু, কুষ্ঠৌষধি। পু, জারক, কৃষ্ণজীরক, সৌবর্চ্চল লবণ, কাসমর্দ্দ।

জরণা, স্ত্রী, কৃষ্ণজীরক।

জরণদ্রুম, পু, অশ্বকর্ণ বৃক্ষ।

জরা, স্ত্রী, বয়ঃকৃত শ্লথ মাংসাদি অবস্থাভেদ, বার্দ্ধক্য।

জরায়ু, পু, গর্ভবেষ্টন চর্ম্ম, গর্ভাশয়, অগ্নিজার বৃক্ষ; (Uterus) জরায়ু।

জরায়ুকুসুম, (Placenta) গর্ভের ফুল।

জরায়ুমুখ, (Osutera) জরায়ুর প্রবেশ দ্বার বা যন্ত্র।

জর্জর, ন, শৈলজ।

জর্ত্তিল, পু, বনোদ্ভব তিল।

জর্হিল, পু, বনোদ্ভব তিল।

জল, ন, হ্রীবের, বালা।

জলকণ্ট, জলকণ্টক, পু, শৃঙ্গাট, পানিফল।

জলকরঙ্ক, পু, নারিকেল ফল, পদ্ম, শঙ্খ, জললতা।

জলকণ, পু, কাঁচড়া দাম, কাণছিঁড়া।

জলকর্ণা, স্ত্রী, কাঁচড়া দাম, কানছিঁড়া।

জলকঙ্ক, পু, জম্বাল।

জলকাক, পু, পক্ষীবিশেষ, পানিকোড়ি; (মাংস গুণ) স্নিগ্ধ, গুরু, হিম, বৃষ্য ও বাতহর।

জলকামুক, পু, কুটুম্বিনী বৃক্ষ।

জলকুন্তল, পু, শৈবাল।

জলকেশ, পু, শৈবাল।

জলঙ্গ, পু, মহাকাল।

জলচিকিৎসা, (Hydropathy) শীতল জল আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ দ্বারা রোগপ্রতিকারের পদ্ধতি।

জলজ, ন, পদ্ম, শঙ্খ। পু, হিজ্জল বৃক্ষ, শৈবাল, বানীর বৃক্ষ, কুপীলু, শঙ্খ, মৎস্য, কুম্ভীর, শিশু মারণাদি;

(মাংসগুণ) গুরু, উষ্ণ, মধুর, স্নিগ্ধ, বাতনাশক এবং শুক্রবর্দ্ধক।
জলজলে, (Dedematous) জলপূর্ণ স্ফীত।
জলজন্তুকা, স্ত্রী, জলৌকা।
জলজন্ম, ন, পদ্ম।
জলজম্বুকা, স্ত্রী, ভুইজাম, বনজাম।
জলডিম্ব, পু, শম্বুক।
জলতিক্তিকা, স্ত্রী, শল্লকী বৃক্ষ।
জলদ, পু, মুথা।
জলদাশন, পু, শাল বৃক্ষ।
জলধর, পু, মুস্তক, তিনিশ গাছ।
জলনীলী, স্ত্রী, শৈবাল।
জলপিপ্পলী, স্ত্রী, পিপ্পলী বিশেষ; (গুণ) কটু, তীক্ষ্ণ, কষায়, মলশোধক, ব্রণ কীটাদি দোষ নাশক এবং রসদোষনাশী।
জলপৃষ্ঠজা, স্ত্রী, শৈবাল।
জলফল, ন, শৃঙ্গাট, পানিফল।
জলব্রহ্মী, স্ত্রী, হিলমোচী।
জলভূ, পু, কঞ্চট।
জলমদ্গু, পু, মৎস্যরঙ্গ পক্ষী।
জলমধুক, পু, মধুক বৃক্ষ প্রভেদ, জল-মহুয়া; (গুণ) মধুর, ব্রণ কান্তি নাশী, শুক্রবলকর, শীতল ও রসায়ন। (পুষ্পগুণ) শীতল, গুরু, স্বাদু, বৃংহণ, বল ও শুক্রকর; (ফলগুণ) শীতল, গুরু, স্বাদু, শুক্রল, বাতপিত্তহর, অহৃদ্য তৃষ্ণা দাহ শ্বাস ক্ষত ক্ষয় নাশক।
জলমোদ, ন, উশীর।
জলরস, পু, লবণ।
জলরুট, পু, পদ্ম।
জলরুহ, ন, পদ্ম।
জলবটী, (Vesicula) জলপূর্ণ পীড়কা।
জলবল্কল, পু, কুম্ভিকা, পানা।
জলবল্লী, স্ত্রী, শৃঙ্গাটক।
জলবাস, ন, উশীর। পু, বিষ্ণুকন্দ।
জলবিন্দুজা, স্ত্রী, যাবনালী শর্করা।
জলবেতস, পু, বানীর বৃক্ষ।
জলশুক্তি, স্ত্রী, শম্বুক; (গুণ) কটু, স্নিগ্ধ, দীপক, গুল্ম শূল বিষদোষ নাশী, রোচক, পাচক, বলদায়ক।
জলশূচ, ন, শৈবাল।
জলসর্পিণী, স্ত্রী, জলৌকা।
জলস্থা, স্ত্রী, গণ্ডদূর্ব্বা।
জলহাক, পু, সমুদ্রফেণ।
জলাঞ্চল, ন, শৈবাল।
জলাতঙ্ক, (Hydrophobia) মত্ত কুকুর শৃগালাদি-দষ্ট ব্যক্তির জলভয় রোগ। উক্তবিধ পশু দংশনে মনুষ্যদিগের জল দেখিলে ভয় হয়, এরূপ হইলে সেই মনুষ্য কখন বাঁচে না, সত্বরেই মরিয়া যায়।

জলায়ুকা, স্ত্রী, জলৌকা।

জলালু, ন, পানীয়ালু।

জলালুক, ন, পদ্মকন্দ।

জলাশয়, ন, উশীর, লামজ্জক। পু, শৃঙ্গাটক।

জলাশয়া, স্ত্রী, গুণ্ডালা বৃক্ষ।

জলাশ্রয়, পু, বৃত্তগুণ্ড তৃণ।

জলাশ্রয়া, স্ত্রী, শূলীতৃণ।

জলাহ্বয়, ন, উৎপল।

জলাক্ষী, স্ত্রী, জলপিপ্পলী।

জলেচ্ছয়া, স্ত্রী, হস্তীগুণ্ডা বৃক্ষ।

জলেজাত, ন, পদ্ম।

জলেরুহা, স্ত্রী, কুটুম্বিনী বৃক্ষ।

জলোদর, ন, জঠরাময়।

জলোদ্ভবা, স্ত্রী,লঘুব্রাহ্মী, শিহলী ছোপড়া।

জলোদ্ভূতা, স্ত্রী, গুণ্ডালা ক্ষুপ।

জলৌকা, স্ত্রী, জোঁক, (Leech)।

জবনাল, ন, ফলবিশেষ, জনার; (গুণ) স্বাদু, শীতল, বায়ুকর, কফপিত্ত নাশক।

জবনী, স্ত্রী, ওষধি বিশেষ, জিয়ল বৃক্ষ।

জবস, ন, ঘাস।

জবা, স্ত্রী, স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ; (গুণ) উষ্ণ, ইন্দ্রলুপ্ত (টাক) বিনাশকারী, বিচ্ছর্দ্দি স্তম্ভজনক, সূর্য্যারাধন সাধক।

জবাদি, স্ত্রী, সুগন্ধি দ্রব্যভেদ; (গুণ) সৌগন্ধি, স্নিগ্ধ, উষ্ণ, সুখাবহ, বাতে হিতকর, রাজাদিগের মোহনাহ্লাদকর।

জবাপুষ্প, ন, ওড্রপুষ্প, যবাফুল, ওড়ফুল।

জষ্টার, (Zoster) সিঙ্গেল্‌স দেখ।

জহা, স্ত্রী, মুণ্ডিতিকা, মুণ্ডিরী।

জাইগোমা, (Zygoma) গণ্ডাস্থির যুগপৎ প্রবর্দ্ধন, এতদ্দ্বারা শঙ্খাস্থি ও গণ্ডাস্থি সংযোজিত আছে।

জাইমটিক, (Zymotic) অন্তরুৎসেক্য, শারীর যন্ত্রে অন্তরুৎসেচন জনক।

জাইমোটিক ডিজিজ, (Zymotic disease) বিষবিশেষ দ্বারা অন্তরুৎষিক্ত হইয়া যে ব্যাপক বা সংক্রামক রোগ উৎপন্ন হয়।

জাইরাই, (Gyri) কুণ্ডলী।

জাগুড়, ন, কুঙ্কুম।

জাঙ্গল, স্ত্রী, হরিণাদি পশু।

জাঙ্গুল, ন, বিষ, জালিনী ফল।

জাঙ্গুলী, শূকশিম্বী।

জাজ্বিক, পু, শ্রীকারী বৃক্ষ।

জাটলি, স্ত্রী, বৃক্ষবিশেষ।

জাতবেদা, পু, চিত্রক বৃক্ষ।

জাত্যারি, পু, জম্বীর।

জাতরূপ, ন, স্বর্ণ, ধুস্তূর।

জাতি, স্ত্রী, আমলকী, জাতিফল, মালতী, কাম্পিল্ল।

জাতিকোশ, জাতিকোষ, ন, জাতিফল।

জাতিকোষী, স্ত্রী, জাতীপত্রী।

জাতিফল, ন, জাতীফল, জায়ফল।

জাতিসার, ন, জাতীফল, জায়ফল।

জাতী, স্ত্রী, জাতিপুষ্প, চামেলী; (গুণ) তিক্ত, শীতল, কফ মুখ পাক নাশী, উষ্ণ, তুবর, লঘুদোষ শিরঃ অক্ষি দন্ত রোগ বিষ কুষ্ঠ ব্রণ ও রক্তদোষ নাশী।

জাতীকোশ, ন, জাতীফল।

জাতীকোষ, ন, জাতিফল, জয়ত্রী।

জাতীপত্রী, স্ত্রী, জাতিফল ত্বক, জয়ত্রী; (গুণ) কটু, তিক্ত, সুরভি, কফ জাড্যনাশী, রক্তবৈষদ্যনজক, লঘু, স্বাদু, উষ্ণ, রুচিবর্দ্ধকর, কফ কাস বমি শ্বাস তৃষ্ণা ও বিষ এবং দুর্গন্ধ-নাশী।

জাতীপূগ, পু, জায়ফল; (গুণ) কষায়, উষ্ণ, কটু, কণ্ঠরোগ বাত অতিসার মেহ নাশক, বৃষ্য, দীপক, লঘু; রসে তিক্ত, তীক্ষ্ণ, রোচক, গ্রাহী, স্বরহিত-কর, শ্লেষ্মা বায়ু মুখবৈরস্য মল-দৌর্গন্ধ কৃষ্ণতা কৃমি কাস বমি শ্বাস পীনস ও হৃদ্রোগ নাশী, এবং তৃষ্ণা শূল হারক।

জাতীরস, ন, বোল।

জাতুক, ন, হিঙ্গু।

জানু, ন, উরু ও জঙ্ঘার মধ্যভাগ, হাঁটু। (Knell)।

জানুকল, (Knee-pan) জানুজ সন্ধির সম্মুখস্থ চেপ্টা গোল অস্থি, হাঁটুর চাক্তি।

জানুসন্ধি, (Knee-joint) জানুর হাড়ের জোড়।

জামাতা, পু, হড়হড়ে।

জাম্বব, ন, জম্বুফল, স্বর্ণ।

জাম্ববতী, স্ত্রী, নাগদমনী।

জাম্ববী, স্ত্রী, নাগদমনী।

জম্বূনদ, ন, স্বর্ণ, ধুস্তূর।

জারক, ন, কালীয়ক, কালীয়া নামক পীতবর্ণ সুগন্ধি কাষ্ঠ।

জম্বু, পু, ঔষধ।

জারণী, স্ত্রী, স্থূল জীরক।

জারম, (Germ) জীবাঙ্কুর বা উদ্ভিদাঙ্কুর, বীজ।

জারমিনেশন, (Germination) অঙ্কুরোৎ-পত্তি।

জারী, স্ত্রী, ঔষধবিশেষ, জাড়ী।

জাল, ন, অস্ফুট কলিকা, কুষ্মাণ্ডাদির ক্ষুদ্র ফল, জালি।

জালক, ন, অস্ফুট কলিকা, কুষ্মাণ্ডাদির ক্ষুদ্রক। লস্ত্রী, মোচক ফল।

জালগর্দ্দভ, পু, রোগবিশেষ, অগ্নিবাত নামে প্রসিদ্ধ।

জালবর্ব্বুরক, পু, বর্ব্বুর বৃক্ষ বিশেষ; (গুণ) রুক্ষ, বাতাময় কফনাশী, পিত্ত ও দাহকর, কষায় এবং উষ্ণ।

জালাপ, জালাপা, (Jalap, Jalapa) এক্সাগেনিয়ম পর্গ্যা নামক লতার কন্দ, মেক্সিকো দেশে জন্মে। ক্রিয়া,—বিরেচক এবং কৃমিনাশক; ইহাদ্বারা প্রচুর পরিমাণে জলবৎ ভেদ হয়, এবং কখন কখন বিবমিষা এবং উদরে বেদনা জন্মে, কর্পূর সহযোগে ব্যবহার করিলে উদরে বেদনা হয় না, অথচ বিরেচক শক্তির বৃদ্ধি হয়। মাত্রা ২০ হইতে ৩০ গ্রেণ। শৈশবাবস্থায় ২ হইতে ১০ গ্রেণ। পাকাশয়ে এবং অন্ত্রমধ্যে উগ্রতা প্রদাহ থাকিলে এবং গর্ভাবস্থায় ও রজস্বলাবস্থায় নিষিদ্ধ।

জালাপি রেজিনা, ( Jalapæ Resina ) রেজিন অফ জালাপ। জালাপ হইতে প্রস্তুত ধুনা বিশেষ। ৪ হইতে ৮ গ্রেণ মাত্রা। বাহ্য প্রয়োগ জানিবে।

জালিনী, স্ত্রী, কোশাতকী, ঘোষাতকী, ঘোষালতা।

জালিনী ফল, ন, ঘোষাফল।

জালী, স্ত্রী, ঝিঙ্গা, পটোল, পরুল।

জাষক, ন, কালীয় নামক গন্ধদ্রব্য।

জিঅলজী, (Geology) ভূতত্ব, ভূবিদ্যা।

জিঙ্কম, (Zincum) দস্তা। প্রকৃত অবস্থায় ইহা ক্রিয়াহীন; কম্পাস্তরে ব্যবহার্য্য।

জিগোম্যাটিক, ( Zygomatic ) জাইগোমাংস সংক্রান্ত।

জিঙ্গিনী, স্ত্রী, বৃক্ষবিশেষ, ঝিঙ্গী; ( গুণ ) মধুর, উষ্ণ, কষায়, যোনিশোধক, কটু, ব্রণ হৃদ্রোগ বাত অতিসার নাশী।

জিঙ্গী, স্ত্রী, মঞ্জিষ্ঠা, পিয়াশাল।

জিজিয়া ইণ্টিজারিমিয়া, গোল্‌ডেন্ আলেকজণ্ডার, মার্কিন ক্ষুপ বিশেষ।

জিজুনম, ( Jejunum ) শূন্যান্ত্র, মৃত্যুর পরে শূন্য দেখিতে পাওয়া যায় এজন্য এই নাম প্রদত্ত হইয়াছে। ক্ষুদ্রান্ত্রের দ্বিতীয়াংশ।

জিঞ্জিবার, ( Zingibar লাটীন; Ginger জিঞ্জার ইংরাজী ) শুণ্ঠী; ক্রিয়া,—আগ্নেয়, উত্তেজক ও বায়ুনাশক, অধিক মাত্রায় পাকাশয়ের উগ্রতা সাধক, বাহ্য প্রয়োগে চর্ম্মের উগ্রতা জন্মায়। মাত্রা,—১০ হইতে ২০ গ্রেণ।

জিতেন্দ্রিয়াহ্ব, পু, কামবৃদ্ধি বৃক্ষ।

জিনিও, (Gnio) হনুবাচক পূর্ব্বপদ।

জিনিও গ্লসাই, (Genio Glossi) যে পেশীর সাহায্যে জিহ্বা বাহির করা যায়।

জিনিও হাইঅয়েড, (Genio Hyoid) নিম্ন হনুর উপাস্থি সন্ধি, হাইঅয়েড অস্থি সংলগ্ন পেশী বিশেষ।

জিনিও হাইও গ্লসস, (Genio Hyo Glossus) নিম্ন হনুর উপাস্থি সন্ধি, জিহ্বা ও হাইঅয়েড অস্থি সংলগ্ন ত্রিকোণ পেশী বিশেষ।

জিঙ্কাই, (Zinci) জিঙ্ক, দস্তা।

জিঙ্কাই অক্সাইডম, অক্সাইড অফ জিঙ্ক : প্রস্তুতপ্রণালী–কার্বনেট অফ জিঙ্ককে মূষা মধ্যে দগ্ধ করিলে তাহার কার্বনিক এশিড উড়িয়া যায় এবং অক্সাইড অফ জিঙ্ক থাকে। ক্রিয়া,—অল্প মাত্রায় স্নায়বীয় বলকারক ও অক্ষেপ-নিবারক, অধিক মাত্রায় ভেদক ও বমনকারক, বাহ্য প্রয়োগে সঙ্কোচক ও শুষ্ককারক। মাত্রা আক্ষেপজনিত শ্বাসকাশে ৫ হইতে ২০ গ্রেণ। হুপিং-কাফে বয়সানুসারে ১ হইতে ৩ গ্রেণ; পালাজ্বরে ২ হইতে ৫ গ্রেণ; পুরাতন মদাতঙ্ক রোগে ২ গ্রেণ। বিবিধ ক্ষতে মলমের সহিত ব্যবহৃত হয়। মাত্রা—৫ হইতে ১০ গ্রেণ।

জিঙ্কাই এশিটাস, (Acitate of Zinc) কার্বনেট অফ জিঙ্ক ২ আং, সির্কাম্ল যথা প্রয়োজন, জল ৬ আং, ইহাতে প্রস্তুত হয়। ক্রিয়া,—সঙ্কোচক, স্নায়বীয় বলকারক, আক্ষেপক নিবারক ও বমনকারক, অধিক মাত্রায় ভেদ ও বমনকারক। ইহার আভ্যন্তরিক প্রয়োগ প্রায় নাই। ১ হইতে ২ গ্রেণ বলকারক, ১০ হইতে ২০ গ্রেণ বমনকারক।

জিঙ্কাই কার্বনাশ, (Carbonate of Zinc) ইহাতে সলফেট অফ জিঙ্ক ১০ আং এবং কার্বনেট অফ সোডা ১০ আং আছে। ক্রিয়া—ইহার আভ্যন্তরিক ক্রিয়া স্নায়বীয় বলকারক ও আক্ষেপনিবারক, কিন্তু এরূপে প্রায়ই ব্যবহৃত হয় না। বাহ্যপ্রয়োগে সঙ্কোচক ও শুষ্ককারক। দগ্ধ ক্ষত, ঘর্ষণ ক্ষত এবং অন্যান্য প্রকার ক্ষতে ব্যবহৃত হইয়া থাকে।

জিঙ্কাই ক্লোরাইডম, (Chloride of Zinc) ইহাতে গ্রানুলেটেড জিঙ্ক ১৬ আং, লবণ দ্রাবক ৪৪ আং, ক্লোরিণ দ্রব ও কার্বনেট অফ জিঙ্ক কিয়দংশ আছে। ক্রিয়া—অল্প মাত্রায় স্নায়বীয় বলকারক ও আপেক্ষ নিবারক, কিন্তু

এরূপে প্রায়ই ব্যবহৃত হয় না। অধিক মাত্রায় ভয়ানক দাহক ও বিষক্রিয়া করে। বাহ্যপ্রয়োগে দাহক, পচন-নিবারক ও দুর্গন্ধিহারক।

জিন্সাই ভেলেরিয়েনাস, (Valerianate of Zinc) ইহাতে সলফেট অফ জিঙ্ক পৌনে ছয় আং, ভেলেরিয়েনেট অফ সোডা ৫ আং আছে। ক্রিয়া—স্নায়বীয় বলকারক, আক্ষেপ নিবারক এবং কৃমিনাশক। মাত্রা ॥০ অর্দ্ধ গ্রেং হইতে ৩ গ্রেণ পর্য্যন্ত দিবসে তিনবার।

জিন্সাই সলফাস, (Sulphate of Zinc) সলফেট অফ জিঙ্ক,ইহাতে গ্রানুলেটেড জিঙ্ক ১৬ আং, গন্ধক দ্রাবক ১২ আং, ক্লোরিণ দ্রব ও কার্বনেট অফ জিঙ্ক কিয়ৎ পরিমাণে আছে। ক্রিয়া – অল্প মাত্রায় সংকোচক, স্নায়বীয় বলকারক, আক্ষেপ নিবারক ও বমনকারক; অধিক মাত্রায় প্রদাহিক বিষক্রিয়া করে। বিষভোজীকে বমন করাইবার জন্ত ২০।৩০ গ্রেণ মাত্রায় জলের সহিত প্রয়োগ করিতে হয়, অন্যান্য বিধ প্রয়োগ মেটেরিয়া মেডিকায় দ্রষ্টব্য।

জিয়োক্রেডস ক্যানেডেন্সিস, আমেরিকার কফি ট্রী, বৃক্ষ বিশেষ।

জিরণটক্সন, (Gerontoxon) বৃদ্ধ ব্যক্তিদিগের কনিণিকার ক্ষত।

জিরেনিয়ম ম্যাকিউলেটম, ক্রেন্সবিল, মার্কিন ক্ষুপ বিশেষ।

জিহ্ম, ন, তগর বৃক্ষ, তগরপাদুকা।

জিহ্মশাল্য, পু, খদির।

জিহ্ম, ন, তগরমূল।

জিহ্বা, স্ত্রী, রসনেন্দ্রিয়; জিব।

জিহ্বাকণ্টক, (Papillæ) জিহ্বার ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভেদ।

জিহ্বানির্লেখন, ন, জিহ্বমার্জ্জন দ্রব্য, জীব আঁচড়া, চেয়াড়ি; (গুণ) জিহ্বাশ্রিত মলনাশী ও আরোগ্য এবং রুচিকর।

জিহ্বাশল্য, পু, খদির বৃক্ষ।

জিহ্বাস্তম্ভ, (Paralysis of the tongue) জিহ্বার পক্ষাঘাত।

জীবিতের দেহতত্ত্ব, ( Physiology ) ফিজিওলজি দেখ।

জীবনীশক্তি, (Vital Power) যে শক্তি বশতঃ দেহে প্রাণ থাকে।

জীবনী প্রক্রিয়া, (Vital Functions) রক্তসঞ্চালন, নিশ্বাসপ্রশ্বাস। পরিপাক প্রভৃতি যে সকল ক্রিয়ার উপর জীবন নির্ভর করে।

জীমূত, পু, মুস্তা, দেবতাড়ক বৃক্ষ, ঘোষক লতা।

জীমূতক, পু, মুস্তা, দেবতাড়ক বৃক্ষ, ঘোষালতা।

জীমূত মুল, ন, শঠী।

জীর, পু, জীরা।

জীরক, পু, জীরা ; (গুণ) কটু, উষ্ণ, দীপক, বাত গুল্ম আগ্মান অতিসার গ্রহণী ও কৃমিনাশক, রুচি ও স্বরকর, গন্ধযুক্ত, কফ বাত নাশক, পাকে কটু, তীক্ষ্ণ, লঘু, পিত্তবর্দ্ধক ; অপিচ—শুক্লজীরা, কৃষ্ণজীরা, কলোঞ্জ এই তিন প্রকার জীরা রুক্ষ, কটু, দীপক, লঘু, সংগ্রাহী, পিত্তল, মেধ্য, গর্ভাশয় শুদ্ধকারী, জ্বরঘ্ন, পাচক, বল্য, বৃষ্য, রুচ্য, কফাপহ, বায়ু আগ্মান গুল্ম ছর্দ্দি অতিসার নাশক।

জীরণ, পু, জীরা।

জীরিকা, স্ত্রী, বংশপত্রী তৃণ।

জীর্ণ, ন, শৈলজ। পু, জীরক।

জীর্ণজ্বর, পু, পুরাতন জ্বর (Chronic fever)

জীর্ণদারু, পু, বৃদ্ধদারক ভেদ ; (গুণ) গৌল্য, পিচ্ছিল, কফ বাত কাস আমদোষ নাশী এবং বল্য।

জীর্ণপত্রিকা, স্ত্রী, বংশপত্রী তৃণ।

জীর্ণপর্ণ, পু, কদম্ব।

জীর্ণবজ্র, পু, বৈক্রান্ত মণি।

জীর্ণবুধ্ন, ন, কেওট মুথা।

জীর্ণা, স্ত্রী, স্থূল জীরক।

জীব, পু, বৃক্ষবিশেষ।

জীবক, পু, অষ্টবর্গান্তর্গত ওষধি বিশেষ ; (গুণ) মধুর, শীতল, রক্তপিত্ত বায়ুরোগ ক্ষয় দাহ এবং জ্বর নাশক, শুক্র ও শ্লেষ্ম বিবর্দ্ধক, বলকর, কার্শ্যবাত নাশী।

জীবন, ন, জল, পীত শাল। পু, জীবকৌষধ, ক্ষুদ্র ফল বৃক্ষ।

জীবনী, স্ত্রী, মেদৌষধ।

জীবনাঘাত, ন, বিষ।

জীবনিকা, স্ত্রী, হরিতকী।

জীবনী, স্ত্রী, জীবন্তী, কাকোলী, ডোড়ী, মেদা, মহামেদা, যূথী।

জীবনীয়গণ, পু, জীবক, ঋষভক, মেদ, মহামেদ, কাকোলী, ক্ষিরকাকোলী, মুগানি, মষানি, জীবন্তি, যষ্টিমধু। অপর—জীবক, ঋষভক, মেদ, মহামেদ, ঋদ্ধি, বৃদ্ধি, কাকোলী, ক্ষিরকাকোলী, মুগানি, মাষানি, জীবন্ত যষ্টিমধু।

জীবনীয়া, স্ত্রী, জীবন্তি, ক্ষিতর্প যষ্টি।

জীবনেত্রা, স্ত্রী, সৈংহলী।

জীবন্ত, পু, জীবশাক বিশেষ, ঔষধ।

জীবন্তিকা, স্ত্রী, বন্দা, বৃক্ষোপরি জাত বৃক্ষ, গুড়ুচী, জীরাথ্য শাক, জীবন্তী, হরিতকী।

জীবন্তী, স্ত্রী, হরিতকী, লতাবিশেষ, জীবই, জীয়াডী; (গুণ) মধুর, শীতল, রক্তপিত্ত বায়ু ক্ষয় দাহ জ্বর নাশী, কফ বীর্য্য বর্দ্ধক, স্বাদু, স্নিগ্ধ, ত্রিদোষঘ্ন, রসায়ন, বলকর, চক্ষুহিতকর, গ্রাহী, লঘু, শ্বাসকাস ধাতুক্ষয় নাশক, স্বর-কর, শৌরাষ্ট্র দেশজাত স্বর্ণবর্ণ হরি-তকী, স্নেহপাকে প্রশস্ত, জীর্ণরোগ নাশী। শমী, গুড়চি, বন্দা, ডোড়ী।

জীবপুত্রক, ইঙ্গুদীবৃক্ষ, জীয়াপুতা গাছ।

জীবপুষ্পা, স্ত্রী, বৃহজ্জীবন্তী।

জীবপ্রিয়া, স্ত্রী, হরিতকী।

জীবভদ্রা, স্ত্রী, জীবন্তী লতা, বৃদ্ধি নামক ওষধি।

জীবলা, স্ত্রী, সৈংহলী।

জীববল্লী, স্ত্রী, ক্ষীর কাকোলী।

জীবশাক, পু, মালবদেশে প্রসিদ্ধ শাক বিশেষ। সুমধুর, বৃংহনক, বস্তি-শোধক, দীপক, পাচক, বল্য, বৃষ্য, পিত্তাপহারক।

জীবশুক্লা, স্ত্রী, ক্ষিরকাকোলী।

জীবশ্রেষ্ঠা স্ত্রী, ঋদ্ধি নামক ওষধি।

জীবসংজ্ঞ, পু, কামবৃদ্ধি বৃক্ষ।

জীবনসাধন, ন, ধান্য।

জীবস্থান, ন, মর্ম্মস্থান।

জীবা, স্ত্রী, জীবন্তিবৃক্ষ, বচ।

জীবালা, স্ত্রী, সৈংহলী।

জীবিকা, স্ত্রী, জীবন্তী।

জীব্যা, স্ত্রী, গোক্ষুর দুগ্ধা। জীবন্তী, হরিতকী।

জীলেটিন, ( Gilatin ) জান্তব পদার্থজাত এক প্রকার দ্রব্য। যথা—আইসিং গ্লাস।

জীলেটিনাস, (Gilatinous) জীলেটিন বা জেলি সংক্রান্ত।

জুঅলজি (Zoology) জীবতত্ত্ব।

জুগিউলার, (Jugular) গ্রীবাদেশীয়।

জুগিউলার ভেন, (Jugular vein) মাতৃকা শিরা। গ্রীবাদেশীয় বৃহৎ-শিরা।

জুগুলাম, (Jugulum) কণ্ঠ, গলা।

জুগ্যাল বোন, ( Jugal bone ) গালের হাড়।

জুঙ্গ, পু, বৃদ্ধদারক বৃক্ষ।

জুঙ্গক, পু, বৃদ্ধদারক বৃক্ষ।

জুঙ্গা, স্ত্রী, বৃদ্ধদারক বৃক্ষ।

জুনিপারস কমিউনিয়স, জুনিপার, গুল্ম-বিশেষ।

জুতিকা, স্ত্রী, কর্পূরভেদ।

জুর্ণাখ্যা, পু, তৃণবিশেষ, উলু।

জূর্ণাহ্বয়, পু, দেবধান্য।

জূষণ, ন, বৃক্ষবিশেষ, ধাইফুল।

জেকবৃস্ মেম্ব্রেণ, (Jacob's membrane) রেটিনা বা চিত্রপত্রের বহিস্থ ঝিল্লী।

জেকব সন্স নার্ভ, (Jacob Son's nerve) গ্লসেফ্যারিঞ্জিয়েল স্নায়ুর কর্ণপটহে প্রসারিত শাখা।

জেক্টিটেশন, (Jactitation) অত্যন্ত অস্থিরতা।

জেট্রোকা, বৃক্ষবিশেষ।

জেনসিয়েনা কুইঙ্কুই ফ্লোরা, গল উইড, মার্কিন ক্ষুপ বিশেষ।

জেন্তাক, পু, স্বেদক্রিয়া বিশেষ।

জেন্শিয়েনি র‍্যাডিক্স, (Gentian Root) ইউরোপীয় পার্ব্বত্য প্রদেশ জেনসিয়েনা লুটিয়া নামক বৃক্ষের শুষ্ক মূল। ক্রিয়া—বিশুদ্ধ তিক্ত, বলকারক ও আগ্নেয়, ধমনীর চাঞ্চল্যকর; অধিক মাত্রায় বিবমিষা বমন ও ভেদ জন্মায়। মাত্রা ১০ হইতে ৩০ গ্রেন।

জেনারেল, (General) ব্যাপ্ত, সর্ব্বাঙ্গীন।

জেনিকিউলেটেড, (Geniculated) জানুর ন্যায় বক্র সন্ধি বা গ্রন্থি বিশিষ্ট।

জেনিটো, (Genito) সঙ্গমপ্রিয়বাচকপূর্ব্বপদ।

জেনিট্যাল, (Genital) জনন সম্বন্ধীয়।

জেনিট্যাল্স, (Genitals) সঙ্গমেন্দ্রিয়।

জেবোরাণ্ডি, পাইলো কার্পস পিনেটস, মার্কিন ক্ষুপ বিশেষ।

জেমেলস, (Gemellus) শ্রোণীদেশীয় পেশী যুগল।

জেল্সিমম, (Gelsimum) পীতবর্ণ যূথী, মার্কিণ দেশীয় ঔষধি বিশেষ।

জেলসিম্মিনাম, জেলসিম্মিয়ম, ইওলো জেশমিন, মার্কিণ ক্ষুপবিশেষ।

জেলি, (Jelly) মণ্ড, লেই, মেদবৎ পদার্থ।

জেসুটস্ বার্ক, (Jesuits bark) সিঙ্কোনা বৃক্ষের বল্কল।

জৈত্র, ন, ঔষধ। পু, পারদ।

জৈত্রী, স্ত্রী, জয়ন্তী বৃক্ষ।

জৈপাল, পু, জয়পাল বৃক্ষ।

জৈবাতৃক, পু, কর্পূর, ঔষধ।

জোঙ্গক, ন, অগুরু।

জোন্তালা, স্ত্রী, দেবধান্য।

জোন, (Zone) গোল বস্তুর চতুর্দ্দিকে কটিবন্ধবৎ রেখা।

জোনা, (Zona) কটিবন্ধ, দদ্রু।

জোনিউল, (Zonule) ক্ষুদ্র কটিবন্ধ বা অঙ্গুরীয়।

জোনিউলা, (Zonula) জোনিউল শব্দের বহুবচন।

জ্যান্থোজাইলম ফ্র্যাকসিনিয়ম প্রিকলি-
য়্যাস, মার্কিন ক্ষুপ বিশেষ।
জ্যেষ্ঠবালা, স্ত্রী, সহদেবী।
জ্যেষ্ঠাম্বু, ন, তণ্ডুলাম্বু, চেলুনী।
জ্যোতি, পু, মেথিকা।
জ্যোতিরিঙ্গ, পু, খদ্যোৎ।
জ্যোতিরিঙ্গণ, পু, কীটবিশেষ, খদ্যোৎ,
ধ্বান্তোন্মেষ, তমোমণি, তমোজ্যোতি,
জ্যোতিরিঙ্গ, নিমেষক।
জ্যোতিষ্ক, পু, চিত্রক বৃক্ষ, মেথিকা বীজ,
গণিকারিকা বৃক্ষ।
জ্যোতিষ্কা, স্ত্রী, জ্যোতিষ্মতী লতা।
জ্যোতিষ্মতী, স্ত্রী, লতাফট্‌কিরি, নওয়া
ফট্‌কী ; (গুণ) অতি তিক্ত, কিঞ্চিৎ
কটু, বাত ও কফনাশক, দাহপ্রদ,
প্রদীপক, মেধা প্রজ্ঞা বৃদ্ধিকর।
জ্যোৎস্না, জ্যোৎস্নিকা, স্ত্রী, চন্দ্রজ্যোতি,
চাঁদনি ; (গুণ) ত্রিদোষপ্রশমক,
কষায়, মধুর, দাহ রক্তপিত্ত নাশক।
জ্যোৎস্নী, স্ত্রী, পটোলিকা, ঝিঙ্গা, রেণুকা,
শ্বেত ঘোষা, পুরুল।
জ্যৌৎস্নী, স্ত্রী, জ্যোৎস্নী।
জ্বর, পু, স্বনামখ্যাত রোগ, ( Fever )
ইহার ত্বকের উষ্ণতা, শিরোবেদনা,
কোষ্ঠবদ্ধতাদি প্রধান লক্ষণ।
জ্বরঘ্ন, পু, গুড়ূচী, বাস্তুক।
জ্বরহন্ত্রী, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
জ্বরাঙ্গী, স্ত্রী, ভদ্র দন্তিকা।
জ্বরান্তক, পু, নেপাল নিম্ব, আরগ্বধ।
জ্বরাপহা, স্ত্রী, বিল্বপত্রী, বেলশুঁঠা।
জ্বলন, পু, চিত্রক বৃক্ষ।
জ্বলিনী, স্ত্রী, মূর্ব্বালতা।
জ্বালাগর্দ্দভক, পু, রোগবিশেষ।
জ্বালামুখ্যা, স্ত্রী, ঈশলাঙ্গলা।

---

# ঝ

ঝটা, স্ত্রী, ভূমি আমলা।
ঝষা, স্ত্রী, নাগবলা, গোরক্ষচাকুল্যা।
ঝাটল, পু, ঘণ্টাপাটলী।
ঝাটিকা, স্ত্রী, ভূম্যামলকী, যূথীবৃক্ষ।
ঝাবু, পু, ঝাউগাছ।
ঝাবুক, পু, ঝাউগাছ, পিচুল, ঝাবু।
ঝিঙ্গাক, ন, ফলবিশেষ, ঝিঙ্গা ; (গুণ)
তিক্ত, মধুর, আমবাত ও মন্দাগ্নিকর।
ঝিঙ্গিনী, স্ত্রী, জিঙ্গিনী বৃক্ষ।
ঝিঙ্গী, স্ত্রী, জিঙ্গিনী বৃক্ষ।

ঝিঙ্কিরিষ্টা, স্ত্রী, ক্ষুপবিশেষ ; (গুণ) কটু, শীতল, কষায়, রক্তাতিসার নাশী, বৃষ্য, সন্তর্পক এবং মহিষীক্ষির বর্দ্ধক।

ঝিণ্টী, স্ত্রী, পুষ্পবৃক্ষ বিশেষ, ঝাঁটীফুল গাছ ; (গুণ) কটু, তিক্ত, দন্তাময় শূল বাত কফ শোথ কাশ ও ত্বগ্দোষ নাশী। কুন্দর তৃণ।

ঝিল্লী, (Membrane) সূক্ষ্ম কোমল জালবৎ আবরণ।

ঝিল্লিক প্রদাহ, (Diptheria) বিষদুষ্ট, রক্তজনিত একপ্রকার সংক্রামক গলরোগ, ইহাতে গলার ভিতর কৃত্রিম ঝিল্লি প্রস্তুত হয়।

ঝুলি, পু, ক্রমুকভেদ।

ঝোড়, পু, গুবাক বৃক্ষ।

---

# ট

টকলজি, (Tocology) ধাত্রী-বিদ্যা, প্রসবতত্ত্ব।

টক্কদেশীয়, পু, বাস্তুক শাক।

টগর, পু, টঙ্কণ ক্ষার।

টঙ্ক, পু, নীল কপিথ, অর্দ্ধতোলা।

টঙ্কণ, পু, ক্ষার বিশেষ, সোহাগা ; (গুণ) কটু, উষ্ণ, কফ স্থাবরাদি বিষ শ্বাস-কাশ নাশক, অগ্নি বাত ও পিত্তকর এবং রুক্ষ।

টংকাণক, পু, ব্রহ্মদারু বৃক্ষ।

টংকার, (Tetanus) ধনুষ্টঙ্কার রোগ।

টংকারী, স্ত্রী, ক্ষুপবিশেষ, টেকারী ; (গুণ) বাতশ্লেষ্ম শোক উদর এবং ব্যথা নাশক, তিক্ত, দীপক এবং লঘু।

টং, (Tongue) জিহ্বা।

টক্সিকলজী, (Toxicology) বিষতত্ত্ব, বিষের শ্রেণীবিভাগ ও ক্রিয়াদি জ্ঞাপক শাস্ত্র।

টক্সিমিয়া, (Toxæmia) রক্তের বিষ-দুষ্টতা।

টঙ্গ, পু, টঙ্গণ, সোহাগা।

টঙ্গণ, পু, সোহাগা, টঙ্কণ ; (গুণ) শ্লেষ্ম বায়ু নাশক, ক্ষাররস, তীক্ষ্ণ, উষ্ণ, অগ্নিবর্দ্ধক, বিরূক্ষ, ভেদক ও বল-বর্দ্ধক।

টঙ্গিনী, স্ত্রী, বৃক্ষবিশেষ, আকনাদী।

টচ, (Touch) স্পর্শজ্ঞান।

টচার, (Toucher) অঙ্গুলী প্রবিষ্ট।

টন্সিল, (Tonsil) তালু পার্শ্বস্থিত বাদামের ন্যায় গ্রন্থি। তালুমূল।

টন্সিলাইটিস্,(Tonsilitis) তালুপার্শ্বস্থিত গ্রন্থির প্রদাহ, তালুমূল প্রদাহ।

টনিক, (Tonic) বল্য, বলকর ঔষধ।

টনিক স্প্যাজম, ( Tonic Spasm ) দীর্ঘকাল স্থায়ী আক্ষেপ।

টনিসিটী, (Tonicity) পেশীতন্তুর স্থিতিস্থাপকতা।

টপিক্, (Topic) স্থানিক, বাহ্যিক।

টপিক্যাল, (Topical) স্থানিক, বাহ্যিক।

টমি, (Tomy) ছেদনবাচক বিভক্তি।

টরিফ্যাক্সন, ( Torrefaction ) অগ্নির উত্তাপে ঔষধ শুষ্ককরণ।

টরিড জোন, (Torrid Zone) উষ্ণমণ্ডল, গ্রীষ্মপ্রধান দেশ।

টরিণ, ( Taurine ) পিত্তের উপাদান বিশেষ।

টর্কিউলার হিরোফিলাই, ( Torcular Herophili) করোটীর প্রধান প্রধান শিরাপথ সমবেত অসম গহ্বরবিশেষ।

টর্টিকলিস, (Torticollis) ঘাড়ের পেশীর বাত রোগ বিশেষ। ইহাতে ঘাড় নাড়িতে পারা যায় না। গ্রীবাস্তম্ভ।

টর্পর, (Torpor) স্পর্শজ্ঞান ও গতিশক্তিহীনতা।

টর্বিনেট, টর্বিনেটেড, (Turbinate, Turbinated) লাটিমের আকার।

টর্মিনা, ( Tormina ) উদরের অল্পক্ষণ স্থায়ী মোচড়ান বেদনা।

টর্মেণ্টিলা, টর্মেণ্টিল, বৃক্ষবিশেষ।

টলারেন্স, ( Tolerance ) অধিক মাত্রায় ঔষধ সহ্য করিবার ক্ষমতা।

টসিস, (Tassis) কাশ।

টাইফোটিস্ ফ্রক্টস, জোয়ান।

টাইনস্পোরা, গুলঞ্চ, (Tinospora) টাইনস্পোরা কর্ডিফোলিয়া নামক লতার মূল এবং কন্দ। বাঙ্গালা বিহার উড়িষ্যা কর্ণাট মালয় মহীসুরাদি দেশে জন্মে। ক্রিয়া—বলকারক, পর্য্যায়নিবারক, মূত্রকারক এবং পরিবর্ত্তক। মাত্রা ৫ হইতে ১০ গ্রেণ।

টাইলোকোরিফোলিয়া, টাইলোফোরা লিভস্।

টাইয়ালিজম, ( Ptyalism ) অতিশয় লালাস্রাব।

টাইয়্যালেগগ, (Ptyalagague) লালানিঃসারক ঔষধ।

টাইনস্পোরা, (Tinospora) গুলঞ্চ।

টাইপ, (Type) রোগের প্রকৃতি।

টাইফয়েড ফিবার, ( Typhoid fever ) অন্ত্রলক্ষণযুক্ত ২৮ দিন ব্যাপী এক-

প্রকার সাংঘাতিক সান্নিপাতিক জ্বর।

টাইফয়েড সিম্‌টম, (Typhoid Symptoms) অতিশয় অবসন্নতা ও মস্তিষ্কের উপদ্রবাদি সান্নিপাতিক লক্ষণ।

টাইফস, (Typhus) স্পর্শসংক্রামক একপ্রকার উৎকট অবিরাম জ্বর। মোহক সান্নিপাতিক জ্বর।

টাইফ্লাইটিস্, (Typhlitis) সিকম অর্থাৎ অন্ধান্ত্রের প্রদাহ।

টাইলোসিস, (Ptylosis) চক্ষুর পক্ষ পতন।

টার (Ter) রসায়ন শাস্ত্রে অম্লের তিন প্রকার পরমাণু অন্য ধাতুর একপ্রকার পরমাণুর সহিত সংযোগ জ্ঞাপক পূর্ব্বপদ।

টার, (Tar) অলকাতরা।

টার্‌মস, (Terms) ঋতু, স্ত্রীধর্ম্ম।

টর্জিড, (Turgid) স্ফীত।

টার্টার অফ দি টিথ, (Tartar of the teeth) লালা হইতে সঞ্চিত হইয়া দাঁতের উপর যে মাটীর ন্যায় আবরণ জন্মে।

টার্টার এমেটিক, (Tartar Emetic) টর্টারেট অফ এণ্টিমণি নামক একপ্রকার অত্যুগ্র বমনকারক ঔষধ।

টরণ অফ লাইফ, (Turn of life) যে সময়ে স্ত্রীলোকের রজঃ স্বভাবতঃ রুদ্ধ হয়। রজোনিবৃত্তি কাল।

টারনারা এফ্রোডিসিয়েকা ডেমিয়ানা, মার্কিন ক্ষুপবিশেষ।

টার্ণিং, (Turning) হস্তদ্বারা ঘুরাইয়া গর্ভস্থ সন্তানের কুটিল-গতি শুধারাইয়া দেওয়া। আবর্ত্তন।

টার্ণিকোয়েট, (Tourniquet) কোন প্রধান ধমনীর গাত্র দৃঢ়রূপে সংকোচ করিয়া রক্তের প্রবাহ বা গতি নূান বা স্থগিত করিবার যন্ত্র বিশেষ।

টার্বিড, (Turbid) ঘোলা, আবিল।

টার্মেরিক, (Turmeric) হরিদ্রা।

টার্মিনেশন, (Termination) পরিণাম, শেষ।

টার্শিয়ান, (Tertian) যে অবিরাম জ্বর প্রতি তৃতীয় দিবসে উপস্থিত হয়, তৃতীয়ক জ্বর।

টার্সাস, (Tarsus) গুল্‌ফাস্থি, অক্ষিপুটের উপাস্থি।

টার্সো, (Tarso) অক্ষিপুটের প্রান্ত বা পাদতল জ্ঞাপক পূর্ব্বপদ।

টার্সাল, (Tarsal) চক্ষুর পাতাস্থিত উপাস্থি সম্বন্ধীয়।

টিউনিক, টিউনিকা, (Tunic, Tunica) আবরণ ঝিল্লী, পরিশক্ক।

টিউনিকা ভেজাইনেলিস, (Tunica Vaginalis) মুষ্কান্তরবেষ্ট ঝিল্লী।

টিউনিকা ভ্যাস্কিউলোসা, (Tunica Vasculosa) অণ্ডাবরক শিরাময় ঝিল্লী।

টিউনিকা য়্যাল্বুজিনিয়া, (Tunica Albugenea) অণ্ডাবরক শ্বেত ঝিল্লী।

টিউব, (Tube) নল।

টিউব কাষ্ট, (Tube-cast) বৃক্ক রোগে মূত্রে অনুবীক্ষণ দৃষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র মূত্রোৎপাদন নলের ছাঁচ।

টিউবারকেল, (Tubercle) জীবনী শক্তির ক্ষীণতা বশতঃ গণ্ডমালাদি কোন কোন ধাতুদোষ জন্য ফুস্‌ফুস্ প্রভিতিতে উপদাহ নিবন্ধন উৎপন্ন ধূসর বা পীতবর্ণ এক প্রকার অর্ব্বুদ, গুটিকা।

টিউবারকিউলার, (Tubercular) গুটিকা সম্বন্ধীয়, গুটিল।

টিউবারকিউলোসিস, (Tuberculosis) যে পৈতৃক ধাতুদোষ বশতঃ গুটিকা রোগ উৎপন্ন হয়।

টিউবারোসিটী, (Tuberosity) অস্থির অসম বন্ধুর প্রবর্দ্ধন বা উন্নত অংশ।

টিউবিউল, (Tubule) ক্ষুদ্র নল।

টিউবিউলাই, (Tubuli) টিউবিউল শব্দের বহুবচন।

টিউবিউলাই ইউরিনিফিরাই, (Tubuli Uriniferi) বৃক্কক স্থিত মূত্রবাহী ক্ষুদ্র ক্ষুদ্র নল।

টিউবিউলাই সেমিনিফেরাই, (Tubuli Seminiferi) শুক্রবাহী অণ্ডস্থ ক্ষুদ্র ক্ষুদ্র নল।

টিউবিউলার, (Tubular) নলাকার।

টিউব্যাল, (Tubal) নলসম্বন্ধীয়।

টিউমার, (Tumour) অর্ব্বুদ, আব।

টিউমিড, (Tumid) বিবর্দ্ধিত, স্ফীতি।

টিউমিফ্যাক্‌সন, (Tumefaction) অর্ব্বুদাকার স্ফীত।

টিংলিং, (Tingling) শিহরণ, স্ফুরণ।

টিংচুরা, (Tinctura) ইংরাজী টিংচার, বাঙ্গালা অরিষ্ট। ব্রিটিশ ফর্ম্মাকোপিয়ামতে অধিকাংশ অরিষ্ট অর্থাৎ আরকই নিম্নোক্ত প্রকারে প্রস্তুত হইয়া থাকে। যে দ্রব্যের অরিষ্ট প্রস্তুত করিতে হইবে, তাহার চূর্ণের ২॥• আং ১৫ আং সুরাতে ৪৮ ঘণ্টা ভিজাইয়া রাখিবে। তৎপরে সমস্ত দ্রব দ্রব্যকে পার্কোলেশন যন্ত্রে রাখিয়া ৫ আং সুরা ঢালিয়া দিবে। আধার ভাণ্ডে সমুদায় অরিষ্ট নির্গত হইলে যন্ত্রমধ্যস্থ ঔষধকে চাপিয়া যাহা অবশিষ্ট থাকে, তাহাও নিষ্পীড়ন

করিয়া বাহির করিবে। অবশেষে অপর সুরা সংযোগ করিয়া ১ পাইণ্ট পূর্ণ করিবে। যে সকল দ্রব্যে অধিক পরিমাণে ধুনা ও বায়ী তৈল আছে, তাহাদের অরিষ্ট প্রস্তুত করণার্থ শোধিত সুরাই উত্তম।

টিংচুরা য়্যাকোনিটাই, ইংরাজী নাম—( Tincture Aconite ) টীংচার য়্যাকোনাইট। য়্যাকোনাইটের মূল চূর্ণ ২॥০ আং, শোধিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ৫ হইতে ১৫ মিং।

টিংচুরা আলষ্টোনিয়া, ( Tincture Alstonia ) টীং অল্‌ষ্টোনিয়া। ছাতিমের অরিষ্ট। ক্রিয়া—সংকোচক, বলকারক, কৃমিনাশক এবং পর্য্যায়-নিবারক। মাত্রা ১ হইতে ২ ড্রাং।

টিংচুরা য়্যালো, ( Tincture Aloes ) মুসব্বরের অরিষ্ট; মুসব্বরের ক্রিয়া,—অল্পমাত্রায় বলকারক, আগ্নেয়, পিত্ত-নিঃসারক, অধিক মাত্রায় বিরেচক, রজোনিঃসারক। সকোট্রা মুসব্বর স্থূল চূর্ণ ॥০ অর্দ্ধ আং, যষ্টিমধুর সার ১॥০ দেড় আং, পরীক্ষিত সুরা ১ পাইণ্ট।মাত্রা ২।৩ ড্রাং।

টিংচুরা য়্যাণ্ড্রোগ্রাফিস কম্পোজিটা, (Tincture compound of kariyat) কালমেঘাদির অরিষ্ট। কালমেঘ মূল ৬ আং। গন্ধবোল ১ আং, ব্রাণ্ডি সুরা ২ পাইণ্ট। মাত্রা ১হইতে৪ ড্রাং। ক্রিয়া—বলকারক, উত্তেজক ও মৃদু বিরেচক।

টিংচুরা য়্যাসাফোটিডি, ( Tincture of Asafætida ) হিঙ্গুর অরিষ্ট। হিঙ্গু ১॥০ দেড় আং, উগ্র য়্যামোনিয়া দ্রব ২ আং, শোধিত সুরা যথা প্রয়োজন। আবৃত পাত্রে ১৫ আং সুরাতে হিঙ্গু ২৪ ঘণ্টা ভিজাইয়া সুরা চুয়াইয়া)য়্যামোনিয়া দ্রব মিশ্রিত করিবে। অবশেষে সুরা মিশ্রিত করিয়া এক পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ১ হইতে ২ ড্রাং। হিঙ্গুর ক্রিয়া—স্নায়বীয়, উত্তেজক, আক্ষেপ নিবারক, কামোদ্দীপক, কফনিঃসারক, বায়ুনাশক, রজোনিঃসারক ও কৃমিনাশক, অধিক মাত্রায় সেবন করিলে শিরোঘূর্ণনাদি হয়; প্রদাহ থাকিলে নিষিদ্ধ।

টিংচুরা আর্নিশি, (Tincture of Arnica) আর্ণিকামূল চূর্ণ ১ আং, শোধিত সুরা১ পাইণ্ট; মাত্রা ১ হইতে ২ ড্রাং। আর্ণিকার ক্রিয়া—মস্তিষ্ক উত্তেজক, মাদক, ঘর্ম্মকারক ও মূত্রকারক; অধিক মাত্রায় নিষিদ্ধ।

টিংচুরা অর্যান্সিয়াই, (Tincture of Aurange) টিং অফ অরেঞ্জ। কমলাত্বকের অরিষ্ট। তিক্ত কমলার কুট্টিত ত্বক ২ আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট, সপ্তাহ ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১ হইতে ২ ড্রাং। কমলাত্বকের ক্রিয়া,—আগ্নেয়, উত্তেজক ও বায়ুনাশক।

টিংচুরা য়্যাজেডিরাক্টি, (Tincture of Nimbark) ইংরাজী—টিং অফ নিম বার্ক, বাঙ্গালা নিম্বত্বকের অরিষ্ট। নিমবার্কের আভ্যন্তরিকাংশ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট। পারকোলেসন যন্ত্রে পরিস্কৃত করিবে। মাত্রা, ১ হইতে ২ ড্রাং। নিমবার্কের ক্রিয়া,—বলকারক, পর্য্যায়নিবারক, মূত্রকারক এবং পরিবর্ত্তক।

টিংচুরা বেলেডোনি, (Tincture of Belladona) ইং—টিং অফ বেলেডোনা। ব্রিটেন রাজ্যে এই উদ্ভিদ জন্মে। বেলেডোনার পত্রচূর্ণ ১ আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট পারকোলেশন দ্বারা প্রস্তুত করা কর্ত্তব্য। মাত্রা ৫ হইতে ৩০ বিং। বেলেডোনার ক্রিয়া,—স্নায়বীয় এবং মস্তিষ্ক উত্তেজক, মাদক, আক্ষেপ নিবারক, বেদনা-নাশক, নিদ্রা ও মূত্রকারক।

টিংচুরা বেন্‌জোইনাই কম্পোজিটা, (Compound Tincture of Benzoin) ইং—কম্পঃ টীং অফ বেঞ্জোইন। বাঙ্গালা—লোবানাদি অরিষ্ট। লোবান চূর্ণ ২ আং, ষ্টোরাক্স ১৷৹ দেড় আং, বালসাম অফ টলু অর্দ্ধ আং, সকোট্রা মুসব্বর ১৬০ গ্রেং, শোধিত সুরা ১ পাইন্ট। মাত্রা—অর্দ্ধ হইতে ২ ড্রাং। লোবানের ক্রিয়া—উত্তেজক, মূত্র ও কফনিঃসারক।

টিংচুরা বার্ব্বারিস, (Tincture of Berberry) ইং নাম—টীং অফ বার্ব্বেরি; বাঙ্গালা—দারুহরিদ্রার অরিষ্ট। দারুহরিদ্রার মূল ১২ আং, পরীক্ষিত সুরা ২ পাইন্ট। পার্কোলেশন দ্বারা প্রস্তুত। মাত্রা—অর্দ্ধ হইতে ২ ড্রাং বলকারক; ২—৬ ড্রাং পর্য্যায়নিবারক। ক্রিয়া,—বলকারক, আগ্নেয়, পর্য্যায়নিবারক, স্বেদজনক ও মৃদু বিরেচক।

টিংচুরা বুকু, (Tincture of Buchu leaves) কট্টিত বুকু ২৷৹ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশন দ্বারা প্রস্তুত। ক্রিয়া,—উত্তেজক, মূত্রকারক, স্বেদজনক, বায়ুনাশক, আগ্নেয়

এবং বলকারক। মাত্রা। ১—২ ড্রাং।

টিংচুরা ক্যালম্বা, (Tinture of Calomba) কুট্টিত ক্যালম্বা ২ আং, পরীক্ষিত সুরা ১ আং। মাত্রা অর্দ্ধ হইতে ২ ড্রাম্। ক্রিয়া—বিশুদ্ধ তিক্ত, বলকারক ও আগ্নেয়। বালক ও স্ত্রীলোকের পক্ষে বিশেষ উপযুক্ত।

টিংচুরা ক্যাম্ফরি কম্পজিটা (Compound Tincture of Camphor) কর্পূরাদি অরিষ্ট। অহিফেণ চূর্ণ ৪০ গ্রেং, বেঞ্জোইক য়্যাশিড ৪০ গ্রেং, কর্পূর ৩০ গ্রেং, মৌরির তৈল অর্দ্ধ ড্রাং, পরীক্ষিত সুরা ১ পাং, সপ্তাহকাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা অর্দ্ধ হইতে ২ ড্রাং। ক্রিয়া,—কাশরোগে অধিক কফ নিঃসরণ ও কাশের উগ্রতা নিবারক।

টিংচুরা ক্যানেবিস ইণ্ডিকা, (Tincture of Indian Hemp) গাঁজার সার ১ আং, শোধিত সুরা ১ পাইণ্ট। মাত্রা ৫—৩০ বিং। ক্রিয়া,—মস্তিষ্ক উত্তেজক, মাদক, নিদ্রাকারক, বেদনা ও আক্ষেপ নিবারক, কামোদ্দীপক এবং জরায়ু সংকোচক।

টিংচুরা ক্যান্থারিস, (Tincture of Cantharidis) ক্যান্থারাইডিস স্থূল চূর্ণ সিকি আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশন দ্বারা প্রস্তুত। মাত্রা—৫ বিং হইতে অর্দ্ধ ড্রাং। ক্রিয়া,—অল্প মাত্রায় উত্তেজক ও মূত্রকারক।

টিংচুরা ক্যাপ্সিসাই, (Tincture of Capsicum) লঙ্কা মরিচের অরিষ্ট। ইং নাম—টীং অফ ক্যাপ্সিকম। লঙ্কামরিচ চূর্ণ তিনের চার আং; শোধিত সুরা ১ পাং, পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা ৫—১৫ মিং। ক্রিয়া—অল্প মাত্রায় ধামনিক উত্তেজক এবং আগ্নেয়।

টিংচুরা ক্যাস্কারিলি, (Tincture of cascarilla) ক্যাস্কারিলা ২॥০ আড়াই আং, শোধিত সুরা ১ পাং। পার্কোলেশন দ্বারা প্রস্তুত। মাত্রা, ১—২ ড্রাং। ক্রিয়া,—বলকারক, আগ্নেয় ও বায়ুনাশক।

টিংচুরা ক্যাষ্টোরিয়াই, (Tincture of castor) ক্যাষ্টর ১ আং, শোধিত সুরা ১ পাং। মাত্রা ১—৪ ড্রাং। ক্রিয়া,—স্নায়বীয় উত্তেজক ও আক্ষেপ নিবারক।

টিংচুরা ক্যাটিকিউ, (Tincture of Catechu) খদিরের অরিষ্ট। পাণ্ডু খদির স্থূল চূর্ণ ২॥০ আং, কুট্টিত দারুচিনি ১ আং। পরীক্ষিত সুরা ১ পাইণ্ট।

৭ দিন ভিজাইয়া ছাঁকিয়া লইবে। ক্রিয়া—প্রবল সঙ্কোচক। মাত্রা,—অর্দ্ধ হইতে ২ ড্রাং।

টিংচুরা চিরাটা, (Tincture of Chiratta) চিরাতার অরিষ্ট। চিরাতা আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট। মাত্রা অর্দ্ধ হইতে দুই ড্রাং। ক্রিয়া,—আগ্নেয় ও বলকারক।

টিংচুরা ক্লোরোফর্মাই কম্পোজিটা, (Compound Tincture of Chloroform) ক্লোরোফরম ২ আং, শোধিত সুরা ৮ আং, এলাদি অরিষ্ট ১০ আং। মাত্রা ১০ হইতে ৬০ মিং। ক্রিয়া,—আভ্যন্তরিক প্রয়োগে অবসাদক এবং আক্ষেপ নিবারক। বাহ্য প্রয়োগে বেদনা নিবারক, স্পর্শহারক, আক্ষেপনিবারক ও চৈতন্যহারক।

টিংচুরা সিঙ্কোনি ফ্লেবি, (Tincture of Cinchona) ইওলোবার্ক চূর্ণ ৪ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশন দ্বারা প্রস্তুত। মাত্রা—অর্দ্ধ হইতে দুই ড্রাং। বার্কের ক্রিয়া,—আগ্নেয়, বলকারক, উত্তেজক ও পর্য্যায়নিবারক।

টিংচুরা সিনেমোমাই, (Tincture of Cinamon) দারুচিনির অরিষ্ট। দারুচিনির স্থূল চূর্ণ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা ১—২ ড্রাং। ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক ও ঈষৎ সংঙ্কোচক।

টিংচুরা কক্কাই, (Tincture of Cochineal) কচিনীল চূর্ণ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাং, সপ্তাহ ভিজাইয়া ছাঁকিয়া লইবে। কোন বিশেষ ক্রিয়া নাই। কখন কখন আক্ষেপনিবারণার্থ ব্যবহৃত হয়। সাধারণতঃ বর্ণের জন্য ব্যবহৃত।

টিংচুরা কল্‌চিসাই সেমিনিনম, (Tincture of Colchicum) কল্‌চিকমের বীজ চূর্ণ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাং; পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—১০ মিং হইতে অর্দ্ধ ড্রাং। ক্রিয়া,—অল্প মাত্রায় পরিবর্ত্তক, অবসাদক, বেদনানিবারক, পিত্তনিঃসারক, স্বেদজনক ও মূত্রকারক। কিছু অধিক মাত্রায় বিরেচক ও বমনকারক; অধিক মাত্রায় স্নায়বীয় অবসাদক ও প্রাণহারক।

টিংচুরা কনিয়াই, (Tincture of Hemlock) হেমলক ফল কুট্টিত আড়াই আং, শোধিত সুরা ১ পাং।

পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা ১০ মিং হইতে এক ড্রাং। ক্রিয়া—স্থানিক ক্রিয়া ঈষৎ উত্তেজক, পরে স্পর্শ-হারক। শারীরিক ক্রিয়া,—অবসাদক, বেদনানিবারক, আক্ষেপ-নিবারক, শোধক ও পরিবর্ত্তক।

টিংচুরা ক্রোসাই, (Tincture of Saforn) কুঙ্কুমের অরিষ্ট। কুঙ্কুম ১ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা ১ হইতে ২ ড্রাং। ক্রিয়া—উত্তেজক, বায়ু-নাশক ও সুগন্ধকর।

টিংচুরা কিউবেবি, (Tincture of Cubebs) কাবাবচিনির অরিষ্ট। কাবাবচিনি চূর্ণ ২॥০ আড়াই আং, শোধিত সুরা ১ পাং। পার্কোলেশন দ্বারা প্রস্তুত। মাত্রা অর্দ্ধ হইতে ২ ড্রাং। ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক ও কফনিঃসারক।

টিংচুরা ডিজিটেলিস, (Tincture of Digitalis) ডিজিটেলিস পত্র কুট্টিত ২॥০ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা ৫ মিং হইতে ১ ড্রাং। ক্রিয়া—স্নায়বীয় অবসাদক, মূত্র ও শৈত্যকারক; বাহ্য প্রয়োগে স্থানিক উগ্রতা সাধক।

টিংচুরা আর্গটি, (Tincture of Ergot) আর্গট কুট্টিত ৫ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। জরায়ু সংকোচনের জন্য অর্দ্ধ হইতে ১ ড্রাং; রক্তস্রাবরোধার্থ ১০ হইতে ৬০ মিং। ক্রিয়া—জরায়ু সংকোচক ও রজো-নিঃসারক, কশেরুকা মজ্জার শিরা এবং ধমনীর পরিধি কুঞ্চিত করে এবং রক্তবহা নাড়ী সকলের সঞ্চালক স্নায়ুমণ্ডল উত্তেজিত হয়।

টিংচুরা ফেরি য়্যাশিট্যাটিস্, (Tincture of Acitate of Iron) ইহাতে পর সলফেট অফ আয়রণ দ্রব আড়াই আং, য়্যাশিটেট অফ পটাশ ২ আং, শোধিত সুরা যথা প্রয়োজন, শেষ ১ পাং। মাত্রা ১০ হইতে ৩০ মিং। ক্রিয়া—বলকারক ও রক্তজনক।

টিংচুরা ফেরিপারক্লোরিডাই, (Tincture of Farri Percloride of iron) পারক্লোরাইড অফ আয়রণ উগ্র দ্রব ৫ আং, শোধিত সুরা ১৫ আং। একত্র মিশাইয়া বোতলে রাখিবে। মাত্রা ১০ হইতে ৪০ মিং। ক্রিয়া—রক্তজনক, বল ও মূত্রকারক, প্রবল সংকোচক, রক্তরোধক এবং দাহক।

ইহা দ্বারা কোষ্ঠবদ্ধ হয়। অধিক পরিমাণ সেবনে বিষক্রিয়া জন্মে।

টিংচুরা গ্যালি, (Tincture of Galls) মাজুফলের অরিষ্ট। মাজুফল চূর্ণ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা অর্দ্ধ হইতে ২ ড্রাং। ক্রিয়া—বিশুদ্ধ সংঙ্কোচক, কিঞ্চিৎ বলকারক ও পর্য্যায়নিবারক।

টিংচুরা গোয়াসাই য়্যামোনিয়েটা, (Amoniated Tincture of Guaiac) গোয়্যাক ধুনা চূর্ণ ৪ আং, য়্যারোমেটিক স্পিরিট অফ য়্যামোনিয়া ১ পাং, আবৃত পাত্রে এক সপ্তাহ ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা—অর্দ্ধ হইতে ১ ড্রাং। ক্রিয়া—পরিবর্ত্তক, উত্তেজক, ঘর্ম্মকারক, রজোনিঃসারক, কচিৎ লালানিঃসারক। অধিক মাত্রায়—বিরেচক; অত্যন্ত অধিক মাত্রায়—পাকাশয় ও অন্ত্রে প্রদাহজনক। জ্বর ও প্রদাহ থাকিলে নিষিদ্ধ।

টিংচুরা জেন্সিয়েনি কম্পোজিটা, (Compound Tincture of Gentian) জেন্সিয়ান খণ্ড ৬০ গ্রেং, তিক্ত কমলার ত্বক ৬০ গ্রেং, সরস জম্বীরত্বক সিকি আং, স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্রে ১ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১ হইতে ২ আং। ক্রিয়া—বিশুদ্ধ তিক্ত বলকারক, আগ্নেয়, ধমনীর চাঞ্চল্যকর। অধিক মাত্রায় সেবনে বিবমিষা, ভেদ ও বমন হইয়া থাকে।

টিংচুরা হাইওসায়েমাই, (Tincture of Henbane) হায়েসায়েমসের সরস পত্র ও নূতন শাখা ৭ পাউণ্ড, শোধিত সুরা যথা প্রয়োজন দিয়া উত্তমরূপে মর্দ্দনান্তে রস বাহির করিবে। উহার প্রত্যেক ৩ অংশে ১ অংশ সুরা সংযোগ করিবে। পরে উহাকে সপ্তাহ পর্য্যন্ত রাখিয়া ছাঁকিয়া শীতল স্থানে রাখিবে। মাত্রা অর্দ্ধ হইতে ১ ড্রাং। ক্রিয়া—মস্তিষ্ক উত্তেজক, মাদক, কণীনিকা প্রসারক, স্নায়বীয় স্থৈর্য্য সম্পাদক এবং বেদনা নিবারক।

টিংচুরা আইওডাই, (Tincture of Iodine) আয়োডিন অর্দ্ধ ড্রাং, আইওডাইড অফ পটাসিয়ম সিকি আং, শোধিত সুরা ১ পাইণ্ট দ্রব করিয়া লইবে। মাত্রা—৫ হইতে ২০ মিং। ক্রিয়া—অল্প মাত্রায় পরিবর্ত্তক, বলকারক ও শোষক, মূত্র-